তারিখ : ১০-০১-২০১১

প্রজ্ঞাপন

গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠিকে ঋণ যিভরণ পদ্ধতির আওতায় আনয়নের সম্ভাব্যতা পরীক্ষা করার উদ্দেশ্যে একটি প্রকল্পের আওতায় ১৯৭৬ সালে গ্রামীণ ব্যাংকের কার্যক্রমের সূচনা হয়। একটি পর্যায়ে (১৯৭৯ সালে) কেন্দ্রীয় ব্যাংকও প্রকল্পটিকে সহায়তা প্রদান করে। উক্ত প্রকল্পের মাধ্যমে বাংলাদেশে স্লামসহ বিহীন ঋণ প্রদান ও তা আদায় নিশ্চিত করণের ধায়নার উদ্ভব ঘটে। এতে গ্রামাঞ্চলে নারীর ক্ষমতায়ন ও গ্রামীণ অর্থনীতিতে চাহিদা বৃদ্ধির সুযোগ সৃষ্টি হয়। বাংলাদেশ সরকার এ প্রকল্পকে ব্যাংক রূপান্তর করে ক্ষুদ্র ঋণ কার্যক্রমে একটি নতুন দিগন্ত উন্মোচনের উদ্যোগ নেয়। ফলশ্রুতিতে ঋণ এবং সঞ্চয় ডিভিক সমগ্র কাঠামোকে যুগোপযোগী ও টেকসই রূপ প্রদানের লক্ষ্যে ১৯৮৩ সালে একটি অধ্যাদেশ বলে গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। গ্রামীণ ব্যাংকের ক্ষুদ্র ঋণ কার্যক্রম বিশ্বব্যাপী পরিচিতি লাভ করায় গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও গ্রামীণ ব্যাংক ২০০৬ সালে শোবেল পুয়স্কার অর্জন করে।

২। গ্রামীণ ব্যাংক স্থাপিত হওয়ার পর গ্রামীণ ব্যাংকের কার্যক্রম তেমন ভাবে মূল্যায়ন করা হয়নি। সম্প্রতি গ্রামীণ ব্যাংক নিয়ে বিভিন্ন পত্র পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়। প্রকাশিত সংবাদের প্রেক্ষিতে গ্রামীণ ব্যাংকের সার্বিক ব্যবস্থাপনা এবং অবস্থান সবক্বে জ্ঞানায় জন্ম সরকার কর্তৃক নিম্নোক্তভাবে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন সিকিউ কমিটি গঠন করা হলো :

ক্র.সং.	অধ্যাপক মনোয়ার উদ্দীন আহমেদ	চেয়ারম্যান
১	প্রাক্তন চেয়ারম্যান, অর্থনীতি বিভাগ ও সামাজিক বিজ্ঞান অধ্যয়নের ডীন ঢাকা বিশ্ববিদ্যালয়	
২	জমাব নজরুল হুদা ডেপুটি পতর্নর, বাংলাদেশ ব্যাংক	সদস্য
৩	সৈয়দা মোফেয়া বীন প্রাক্তন ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল	সদস্য
৪	অধ্যাপক আর এম মোসমাথ প্রাক্তন অধ্যাপক, বিআইবিএম এবং কল্যাণিওট	সদস্য
৫	এ্যাডভোকেট মহসীন রশীদ সুপ্রিম কোর্ট আইনজীবী	সদস্য


৩। এই সিকিউ কমিটির কার্যপরিধি (Terms of Reference) শির্করূপ :

- (১) গ্রামীণ ব্যাংক হতে গ্রামীণ রূপান্তর অর্থ স্থানান্তর সংক্রান্ত সরকারি জিয়ান টেলিভিশনে সবেদ প্রচার সবক্বে নরওয়ে কর্তৃপক্ষের বক্তব্য, জাতীয় পত্র-পত্রিকায় সংবাদ এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠান বিবেচনা করে এতদসংক্রান্ত আইন ও বিধি-বিধানের আলোকে বিষয়টি তদন্ত করে একটি প্রতিবেদন প্রণয়ন;

চলমান পাতা-২

পাতা-২

- (২) গ্রামীণ পল্লিঞ্চায়ের অন্যান্য সকল প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতকরণ, এ সকল প্রতিষ্ঠানের সাথে গ্রামীণ ব্যাংকের সহশ্রীষ্টতা (যেমন- প্যাকেজিং কর্পোরেশন) এবং অন্য যে সকল প্রতিষ্ঠান বা ট্রাস্টের সাথে গ্রামীণ ব্যাংকের আর্থিক বা নির্বাহী প্রধানের ব্যক্তিগত সহশ্রীষ্টতা রয়েছে তা বিস্তারিত পরীক্ষা করে প্রকৃত অবস্থা সম্বন্ধে অনুসন্ধান এবং যদি কোন অনিয়ম থাকে সেটি অনুসন্ধানপূর্বক করণীয় সম্পর্কে সুপারিশ প্রণয়ন;
- ✓(৩) গ্রামীণ ব্যাংকের ঋণ ও সঞ্চয়ের উপর সুদের হার ও সুদ পদ্ধতি নির্ধারণ এবং সুদ আপাতের নিয়মাবলী ও ব্যবস্থা, অন্যান্য ধর্মিয় বিভিন্ন ধরনের চার্জ নির্ধারণ এবং সঞ্চয়ীদের সুদ প্রদানের স্বীকৃতি বিশ্লেষণ করে সে বিষয়ে একটি প্রতিবেদন প্রণয়ন। এ ক্ষেত্রে মাইক্রোফিন্যান্সিং সেক্টরের অর্থনীতি থেকে লাইসেন্স প্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে সুদের হার ও অন্যান্য চার্জের তুলনামূলক বিশ্লেষণ করে গ্রামীণ ব্যাংকের কোন অনিয়ম বা ব্যতিক্রমী অবস্থান থাকলে তা দূরীকরণের জন্য সুপারিশ প্রণয়ন; এবং
- ✓(৪) মাইক্রোফিন্যান্সিং সেক্টরের অর্থনীতি আইন, ২০০৬ জারির প্রেক্ষিতে ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে গ্রামীণ ব্যাংক অধ্যাদেশ, ১৯৮৩ বলে প্রতিষ্ঠিত গ্রামীণ ব্যাংকের নিয়ন্ত্রণ, পরিচালনা, স্বচ্ছতা, জবাবদিহিতা ইত্যাদি বিষয়ে সাময়িক প্রতিবেদনসহ সুপারিশ প্রণয়ন।
- ৪। (ক) রিভিউ কমিটি সহশ্রীষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং প্রতিষ্ঠানের কাগজপত্র পর্যালোচনা করবেন;
- (খ) ক্ষুদ্রঋণ কার্যক্রমের সঙ্গে সহশ্রীষ্ট বিভিন্ন ব্যক্তির (সুশীল সমাজের সদস্যসহ) স্বত্বমত/সাক্ষ্য গ্রহণ করতে পারবেন;
- (গ) রিভিউ কমিটির কার্যক্রমে সরকারের পক্ষে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় সার্চিক এবং প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করবেন।
- (ঘ) এই রিভিউতে সহায়তা করার উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক গ্রামীণ ব্যাংকে একটি বিশেষ অডিট পরিচালনা করবে।
- ৫। এই রিভিউ কমিটি আগামী ০৩ (তিন) মাসের মধ্যে তাদের প্রতিবেদন পেশ করবেন।


 (মোঃ সাহিদ উদ্দীন মিয়া)
 যুগ্মসচিব (ব্যবসায়)
 ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
 অর্থ মন্ত্রণালয়
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ফোনঃ ৭১৬৬৭৫৪

নিয়ন্ত্রক
 বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
 তেজগাঁও, ঢাকা।
 (গেজেটে প্রকাশ করার জন্য)

নং- ৫৩.০০৭.০২৭.০০.০০.০১২.২০১০-১৫/১(১৬)


তারিখঃ ১০-০১-২০১১

কার্যার্থে:

১. অধ্যাপক মনোয়ার উদ্দীন আহমেদ, প্রাক্তন চেয়ারম্যান, অর্থনীতি বিভাগ ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন, ঢাকা বিশ্ববিদ্যালয়। বাসা-১৩ ছে, ফুলার রোড, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২. জনাব মঞ্জুরুল হুদা, ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৩. সৈয়দা রোকেয়া নীন, প্রাক্তন ডেপুটি কম্প্রাইসার এন্ড অডিটর জেনারেল। বাড়ি নং-১৭, সড়ক নং-২২, কে-ব্লক, বগানী, ঢাকা।
৪. ড. আর এম দেবনাথ (সাবেক ব্যাংকার এবং কলামিস্ট), ইস্টার্ন পিস, ফ্ল্যাট নং-১/৩০২, ৩০ শান্তিনগর, ঢাকা।
৫. জনাব মুহম্মদ মহসীন রশীদ, আইনজীবী, বাংলাদেশ সুপ্রিম কোর্ট (প্রডজেক্ট এন্ড গিল্যান্ড কনসালটেন্ট, ভূইয়া ম্যানশন, ৬ষ্ঠ তলা, ৬, মতিঝিল, ঢাকা-১০০০)।

বিতরণ (রোষ্টটার অফ অনুযায়ী নয়):

- (১) মুদ্রিপরিষদ সচিব, মুদ্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- (৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- (৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- (৫) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৬) সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৭) চেয়ারম্যান, মহিলাসম্প্রদায়িক উন্নয়ন ফান্ডের পরিচালনা পর্ষদ (১২ তলা), ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা।
- (৮) চেয়ারম্যান, ঐতিহাসিক ব্যাংক পরিচালনা পর্ষদ, ঐতিহাসিক ব্যাংক ভবন, মিরপুর, ঢাকা।
- (৯) ব্যবস্থাপনা পরিচালক, ঐতিহাসিক ব্যাংক, ঐতিহাসিক ব্যাংক ভবন, মিরপুর, ঢাকা।
- (১০) মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (১১) মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।



(মোঃ সহিদ উদ্দীন মিয়া)

মুদ্রাসচিব (ব্যাবীজ)

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

অর্থ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ফোনঃ ৭১৬৬৭৫৪

অতি জরুরী
বিশেষ বাহক মারফত

am

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন ও শৃঙ্খলা অধিশাখা


নং- ০৩.০০৭.০২৭.০০.০০.০১২.২০১০-১৩৬

তারিখ : ১৭-০৪-২০১১

বিষয় : গ্রামীণ ব্যাংক বিষয়ে গঠিত রিভিউ কমিটির মেয়াদ বর্ধিতকরণ।

সূত্র : সভাপতি, গ্রামীণ ব্যাংক সম্পর্কিত রিভিউ কমিটি, বাংলাদেশ ব্যাংক -এর পত্র নং-
গ্রাব্যারিক/১/২০১১-১৯৫, তারিখ : ০৭-০৪-২০১১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ১০-০১-২০১১ তারিখে ৫৩.০০৭.০০.০০.০১২.২০১০-১৫ নম্বর প্রজ্ঞাপনের ধারাবাহিকতায় প্রতিবেদন দাখিলের মেয়াদ ০৯ এপ্রিল, ২০১১ তারিখ হতে আরো ০১(এক) মাস বৃদ্ধি করা হল।


(গকুল চাঁদ দাস)
যুগ্ম-সচিব
ফোন : ৭১৬৮৬০৩

অধ্যাপক মনোয়ার উদ্দীন আহমেদ

সভাপতি

গ্রামীণ ব্যাংক সম্পর্কিত রিভিউ কমিটি।

এবং

প্রাক্তন চেয়ারম্যান

অর্থনীতি বিভাগ এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন

বাসা-৯৩ জে, ফুলার রোড

ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

গ্রামীণ ব্যাংক সম্পর্কিত বিশেষ
পরিদর্শন প্রতিবেদন-২০১১

তারিখ : ১৬ মার্চ, ২০১১ ।

বাংলাদেশ ব্যাংক

সূচীপত্র

#		বিষয়	পৃষ্ঠা নম্বর
১.০০. গ্রামীণ ব্যাংকের গঠন ও ব্যবস্থাপনা			
	১.০১.	গ্রামীণ ব্যাংকের গঠন	০১
	১.০২.	গ্রামীণ ব্যাংকের শেয়ার মূলধন	০২
	১.০৩.	পরিচালনা পর্ষদের গঠন ও কার্যক্রম	০৩
	১.০৪.	পরিচালনা পর্ষদ সভার কার্যবিবরণী পর্যালোচনা	০৪
	১.০৫.	ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগ	০৬
২.০০. গ্রামীণ ব্যাংকের আর্থিক বিবরণী			
	২.০১.	গ্রামীণ ব্যাংক এর উদ্বৃত্ত পত্রের বছর ওয়ারী তুলনামূলক পর্যালোচনা	০৮
	২.০২.	গ্রামীণ ব্যাংকের লাভ-ক্ষতি হিসাবের বছরওয়ারী তুলনামূলক পর্যালোচনা	০৯
৩.০০.		ঋণ ও অগ্রিম কার্যক্রম	
	৩.০১.	২০০৭-২০১০ সালে গ্রামীণ ব্যাংকের ঋণ ও অগ্রিমের বিভাজন	১০
	৩.০২.	ঋণের প্রকৃতি, সিলিং ও আরোপিত সুদের হার	১১
	৩.০২.০১.	সহজ ঋণ	১১
	৩.০২.০২.	বিশেষ বিনিয়োগ ঋণ	১২
	৩.০২.০৩	চুক্তি ঋণ	১৪
	৩.০২.০৪	গৃহ ঋণ (সদস্য)	১৫
	৩.০২.০৫.	উচ্চ শিক্ষা ঋণ	১৫
	৩.০২.০৬.	সংগ্রামী (ভিক্ষুক) সদস্যদের ঋণ	১৬
	৩.০২.০৭.	কেন্দ্র ঘর নির্মাণ ঋণ	১৬
	৩.০৩.	মেয়াদোত্তীর্ণ ঋণ	১৬
	৩.০৪.	ঋণ ও অগ্রিম এর উপর প্রতিশোধ নীতি	১৭
	৩.০৫.	ঋণ অবলোপন নীতিমালা	১৮
	৩.০৬.	১(এক) লক্ষ টাকা বা তদুর্ধ্ব স্থিতি সম্বলিত ঋণের বিবরণ	১৯
৪.০০.		আমানত গ্রহণ কার্যক্রম	১৯
	৪.০১.	গ্রামীণ ব্যাংকের উদ্দেশ্যের সাথে অসামঞ্জস্য	১৯
	৪.০২.	আমানতের প্রকৃতিভিত্তিক বিভাজন	২০
	৪.০৩.	আমানতের আকার ভিত্তিক বিভাজন	২১
	৪.০৪.	গ্রামীণ ব্যাংকে আমানতের উপর প্রদত্ত সুদের হার	২২
	৪.০৫.	আমানত বৃদ্ধির কারণ	২২

৫.০০.		ঋণ ও আমানতের উপর সুদ হিসাবায়ন প্রক্রিয়া	
	৫.০১.	ঋণের বিপরীতে কার্যকর সুদের হার	২৩
	৫.০২.	আমানতের উপর সুদ হিসাবায়ন	২৪
৬.০০		ক্রয় নীতিমালা ও পদ্ধতি	
	৬.০১.	ক্রয় নীতিমালা	২৫
	৬.০২.	ক্রয় কমিটি	২৫
	৬.০৩.	ক্রয় ম্যানুয়েলের ব্যত্যয়	২৬
৭.০০. বৈদেশিক ঋণ ও অনুদান			
	৭.০১.	গ্রামীণ ব্যাংক কর্তৃক বিদেশী দাতা সংস্থার প্রদত্ত ঋণ এবং অনুদান সম্পর্কিত চুক্তির শর্তাবলীর পরিপালন পর্যালোচনা	২৭
	৭.০২.	গ্রামীণ ব্যাংক প্রকল্পের প্রথম ধাপ	২৯
	৭.০৩.	গ্রামীণ ব্যাংক প্রকল্পের দ্বিতীয় ধাপ	২৯
	৭.০৩.০১.	2% IFAD 161-BA	৩০
	৭.০৩.০২.	NORAD	৩০
	৭.০৩.০৩.	SIDA	৩১
	৭.০৪.	গ্রামীণ ব্যাংক প্রকল্পের তৃতীয় ধাপ	৩২
	৭.০৪.০১.	IFAD 239-BA	৩২
	৭.০৪.০২.	NORAD	৩৪
	৭.০৪.০৩.	SIDA	৩৪
	৭.০৪.০৪.	KFW	৩৫
	৭.০৪.০৫.	CIDA	৩৬
	৭.০৪.০৬.	Ford Foundation	৩৬
	৭.০৪.০৭.	GTZ	৩৭
	৭.০৫.	গ্রামীণ ব্যাংক প্রকল্পের চতুর্থ ধাপ	৩৮
	৭.০৫.০১.	OEFC(JBIC	৩৮
	৭.০৫.০২.	NORAD	৩৮
	৭.০৫.০৩.	KFW	৩৯
	৭.০৫.০৪.	GTZ	৩৯

	৭.০৬.	ধাপ বহির্ভূতভাবে প্রাপ্ত অনুদান	৪০
	৭.০৭.	বৈদেশিক মুদ্রা সংশ্লিষ্ট বিধি-বিধানের পরিপালন পর্যালোচনা	৪১
	৭.০৮.	গ্রামীণ ব্যাংকের কার্যক্রম সম্পর্কে দাতা সংস্থাসমূহের পর্যবেক্ষণ	৪১
৮.০০. ঝুঁকি ব্যবস্থাপনা			
	৮.০১.	দায়-সম্পদ ব্যবস্থাপনা	৪২
	৮.০১.০১.	সুদের হার অনুযায়ী আমানতের পরিমাণ	৪২
	৮.০১.০২.	সুদের হার অনুযায়ী বিনিয়োগের পরিমাণ	৪২
	৮.০২.	অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন	৪৩
	৮.০৩.	আইটি ব্যবস্থাপনা	৪৪
	৮.০৪.	ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা	৪৫
	৮.০৫.	মানি লন্ডারিং	৪৫
৯.০০. শাখা পরিদর্শন			
	৯.০১.	ভাওয়াল মির্জাপুর শাখা পরিদর্শন	৪৫
	৯.০২.	গ্রামীণ ব্যাংকের ঋণগ্রহীতা-পরিচালকের সাথে সাক্ষাৎকারের সারমর্ম	৪৭
	৯.০৩.	মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক নিজস্ব সাকুলারের পরিপালন	৪৭
১০.০০. বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদন পরিপালন			
	১০.০১.	বাংলাদেশ ব্যাংক কর্তৃক গ্রামীণ ব্যাংক পরিদর্শনের নীতিমালা (TOR)	৪৮
	১০.০২.	বিগত পরিদর্শন প্রতিবেদন সমূহের পরিপালন	৪৮
১১.০০		বিবিধ	
	১১.০১.	গ্রামীণ ব্যাংক ও স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠান	৫০
	১১.০২.	Dividend Equalization Fund হতে বরোয়ারস ইনভেস্টমেন্ট ট্রাস্ট-এ অর্থ স্থানান্তর	৫০
	১১.০৩.	নোবেল লরিয়েট ট্রাস্টকে বিনা ভাডায় গ্রামীণ ব্যাংক ভবনের ফ্লোর ব্যবহারের অনুমোদন প্রদান	৫১
	১১.০৪.	বিধিবদ্ধ রিজার্ভ ফান্ড সৃষ্টি না করা	৫২
	১১.০৫.	পুনর্বাসন তহবিল (Rehabilitation Fund)	৫২
১২.০০		উপসংহার	৫৪

গ্রামীণ ব্যাংক সম্পর্কিত বিশেষ পরিদর্শন প্রতিবেদন-২০১১

উল্লেখযোগ্য পর্যবেক্ষণসমূহ

গ্রামীণ ব্যাংক "The Grameen Bank Ordinance, 1983" অনুযায়ী প্রতিষ্ঠিত হয়। অর্ডিন্যান্স অনুযায়ী গ্রামের ভূমিহীন লোকদের ঋণ সুবিধাসহ অন্যান্য সেবা প্রদান এবং আনুষঙ্গিক কার্যক্রম পরিচালনা করাই গ্রামীণ ব্যাংকের উদ্দেশ্য।

গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্সের সংশোধনী

গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্সে ১৯৮৬ ও ১৯৯০ সালের সংশোধনীর মাধ্যমে সরকারের ক্ষমতা হ্রাস পেয়ে গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের উপর অধিকতর ক্ষমতা ন্যস্ত হয়। বিশেষ করে বিধি প্রণয়নের ক্ষেত্রে সরকারের অনুমোদনের প্রয়োজনীয়তা রহিত করে পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত করার বিষয়টি প্রণিধানযোগ্য। এর ফলে সরকারের নিকট গ্রামীণ ব্যাংকের জবাবদিহিতা হ্রাস পায়। এছাড়া ১৯৮৬ সালে গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্স সংশোধনের মাধ্যমে ঋণগ্রহীতা পরিচালকদের সংখ্যা ৪ হতে ৯-এ বৃদ্ধি করা হয়েছে। বোর্ডের কার্যক্রম পর্যালোচনান্তে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে ঋণগ্রহীতা পরিচালকদের উল্লেখযোগ্য কোন ভূমিকা পরিলক্ষিত হয়নি।

গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের কার্যক্রম

গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের সভায় গুরুত্বপূর্ণ নীতিমালা (যেমন, হিসাব বিষয়ক নীতিমালা, ক্রয় ম্যানুয়াল, আমানত বিষয়ক গাইডলাইন, ঋণ নীতিমালা, বিনিয়োগ নীতিমালা) উপস্থাপিত হয়নি। পরিচালনা পর্ষদ কর্তৃক বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণে গ্রামীণ ব্যাংকের স্বার্থের বিষয়টি উপেক্ষিত থেকেছে কিংবা আলোচিত হয়নি। উদাহরণস্বরূপ বলা যায় পরিচালক মন্ডলীর ৭৬তম সভায় প্যাকেজেস কর্পোরেশনকে প্রদত্ত মূলধন ও চলতি ঋণের সুদের হার ১০%, ১২% ও ১৬% এর পরিবর্তে ৫% এ পুনঃনির্ধারণ করে হিসাবটি নিষ্পত্তি করার অনুমোদন প্রদান করা হয়েছে এবং পরিচালক মন্ডলীর ৭৭তম সভায় গ্রামীণ আইটি পার্কের নিকট গ্রামীণ ব্যাংকের বকেয়া পাওনা সর্বমোট ২.৪৫ কোটি টাকা মওকুফ করার অনুমোদন দেয়া হয়।

গ্রামীণ ব্যাংকের মূলধন

গ্রামীণ ব্যাংক (সংশোধনী) অর্ডিন্যান্স ১৯৮৬ অনুযায়ী প্রারম্ভিক পরিশোধিত মূলধনে সরকার এবং গ্রামীণ ব্যাংকের সদস্যদের অংশীদারিত্ব যথাক্রমে ২৫% ও ৭৫%। কিন্তু গ্রামীণ ব্যাংকের সদস্যদের শেয়ার মূলধন অব্যাহতভাবে বৃদ্ধি করায় পরিশোধিত মূলধনে সরকারের অংশ ক্রমাগত হ্রাস পাচ্ছে। ২০১০ সালের শেষে পরিশোধিত মূলধন ৫৪,৭৬,৮৯,২০০ টাকার মধ্যে সরকার বা সরকার কর্তৃক গঠিত কোন প্রতিষ্ঠানের অংশ এবং গ্রামীণ ব্যাংকের ঋণগ্রহীতাদের অংশ যথাক্রমে ৩.২৯% এবং ৯৬.৭১% যা ১৯৮৬ সালের গ্রামীণ ব্যাংক অধ্যাদেশের সংশোধনীতে নির্ধারিত হারের সাথে সঙ্গতিপূর্ণ নয়।

গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ

২৭ জুন ২০০০ তারিখে ব্যবস্থাপনা পরিচালকের বয়স ৬০ বছর অতিক্রান্ত হওয়ার পরও বলবৎ চাকুরী বিধিমালার লংঘন করে গ্রামীণ ব্যাংক তাঁকে অবসর প্রদানের কোন পদক্ষেপ গ্রহণ করেনি। এর দ্বারা গ্রামীণ ব্যাংক অধ্যাদেশের ১৪(৪) ধারা লংঘিত হয়েছে ["The Managing Director shall be the whole-time officer and the chief executive of the Bank and shall serve under the Bank on such terms and conditions **as may be prescribed by regulations**"]। পরবর্তীতে ২০০১ সালে প্রকাশিত ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ রেগুলেশনে (২০০১) উল্লেখ করা হয়, পরিচালনা পর্ষদ ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগপত্রে তাঁর কার্যকাল নির্ধারণ করে দেবেন, কার্যকাল পাঁচ বছরের বেশী হবে না এবং পরিচালনা

পর্যদ যে কোন কার্যকালের মেয়াদ শেষে একই পদে পরবর্তী নির্দিষ্ট সময়ের জন্য পুনঃনিয়োগ দিতে পারবেন। কিন্তু উক্ত রেগুলেশন জারীর পর ব্যবস্থাপনা পরিচালকের জন্য আর কোন নিয়োগপত্র প্রদান করা হয়নি। ফলশ্রুতিতে গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্সের ১৪(৪) ধারা লংঘিত হয়েছে।

এতদ্ব্যতীত ১৯৯০ সালে গ্রামীণ ব্যাংক প্রদত্ত ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগপত্রে উল্লেখিত শর্ত (গ্রামীণ ব্যাংকের একজন নিয়মিত কর্মকর্তা হিসাবে বিবেচিত হওয়া) এবং ২০০১ সালে প্রকাশিত রেগুলেশনে উল্লেখিত শর্ত (ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগ চুক্তিভিত্তিক হওয়া, ব্যবস্থাপনা পরিচালক পদে চাকুরীর ক্ষেত্রে বয়সের কোন নির্দিষ্ট সময়সীমা না থাকা এবং গ্রামীণ ব্যাংকের চাকুরীবিধি তাঁর ক্ষেত্রে প্রযোজ্য না হওয়া) হতে ভিন্নতর। এ পরিস্থিতিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের (২৫/০৮/১৯৯০) শর্ত (উক্ত রেগুলেশনে যেসব শর্তাবলী অন্তর্ভুক্ত হবে তা বর্তমান শর্তাবলীর অনুরূপ না হলে সেক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পুনঃঅনুমোদন প্রয়োজন হবে) অনুযায়ী ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পুনঃঅনুমোদন গ্রহণের আবশ্যিকতা থাকলেও তা পরিপালন করা হয়নি।

গ্রামীণ ব্যাংক ও স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠান

গ্রামীণ ব্যাংক (সংশোধন) আইন ১৯৯০-এর ১৯ ধারায় গ্রামীণ ব্যাংকের কার্যাবলী সম্পর্কে সুস্পষ্টভাবে বলা আছে অপরদিকে ২০ ধারায় ১৯ ধারায় বর্ণিত কার্যাবলীর বাইরে অন্য কোন কার্যক্রম করতে পারবে না তাও সুস্পষ্টভাবে বলা হয়েছে। কিন্তু গ্রামীণ ব্যাংকের প্রত্যক্ষ এবং পরোক্ষ আর্থিক সহায়তায় কোম্পানি আইনে যেসব কোম্পানি(৩৬টি) গঠন করা হয়েছে (যেমন: গ্রামীণ ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ,গ্রামীণ নিটওয়ার লিঃ,গ্রামীণ ফেব্রিকস এন্ড ফ্যাশন লিঃ,গ্রামীণ টেলিকম,গ্রামীণ ফোন লিঃ) তা উক্ত অর্ডিন্যান্সের ১৯ ও ২০ ধারার সাথে সংগতিপূর্ণ নয় ;

গ্রামীণ ব্যাংকের স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে এর যেসব আর্থিক লেনদেন এবং ব্যবসায়িক কার্যক্রম পরিচালিত হয় সেখানে “স্বার্থের দ্বন্দ্ব” তৈরি হওয়ার মতো অবস্থা বিদ্যমান। যেমন : গ্রামীণ ব্যাংক কর্তৃক ভূমিহীনদের প্রদত্ত ঋণের ওপর গ্যারান্টির বিপরীতে ৫% হারে সার্ভিস চার্জ প্রদান করা হতো গ্রামীণ ব্যবসা বিকাশকে (বর্তমানে মোটি সুদ আয়ের ১% দেওয়া হয়)। গ্রামীণ ব্যবসা বিকাশ গ্রামীণ ব্যাংকের আর্থিক সহায়তায় সৃষ্ট একটি কোম্পানি যার চেয়ারম্যান গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক। এভাবে গ্রামীণ ব্যাংকের লাভের অংশ অন্য প্রতিষ্ঠানে সরিয়ে নেওয়া হচ্ছে।

গ্রামীণ ব্যাংক (সংশোধন) আইন ১৯৯০ এর ধারা ২২ অনুযায়ী বার্ষিক লাভ-ক্ষতি এবং স্থিতিপত্রসহ অন্যান্য বিবরণী প্রস্তুতিতে বাংলাদেশ ব্যাংকের সাধারণ নির্দেশনা মেনে চলতে গ্রামীণ ব্যাংক বাধ্য। কিন্তু, গ্রামীণ ব্যাংক এর বার্ষিক লাভ-ক্ষতি এবং স্থিতিপত্রসহ অন্যান্য বিবরণী প্রস্তুতিতে বাংলাদেশ ব্যাংকের সাধারণ নির্দেশনা অনুযায়ী ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ এর প্রথম তফসিলে বর্ণিত স্বার্থসংশ্লিষ্ট (৪৬টি) প্রতিষ্ঠান সম্পর্কে কোনো তথ্য নেই।

কার্যকর সুদের হার

শুধুমাত্র ঋণ হিসাব বিবেচনা করা হলে গ্রামীণ ব্যাংকের প্রত্যক্ষ কার্যকর সুদের হার ২০% এবং সরল হারে সুদ হিসাব করা হয়। তবে ঋণগ্রহণের পূর্বেই বাধ্যতামূলক ঋণবীমার (ঋণগ্রহীতা কোন কোন ক্ষেত্রে তার স্বামীর) চাঁদা পরিশোধ, বাধ্যতামূলক সঞ্চয়, কেন্দ্রঘর নির্মানের চাঁদা ইত্যাদি বিবেচনায় আনা হলে কার্যকর সুদের হার পরোক্ষভাবে সর্বোচ্চ ২৭% পর্যন্ত হতে পারে।

বৈদেশিক ঋণ ও অনুদান

গ্রামীণ ব্যাংক কর্তৃক কিছু কিছু ক্ষেত্রে বৈদেশিক দাতা সংস্থা কর্তৃক আরোপিত শর্তের লংঘন হয়েছে মর্মে চুক্তি পর্যালোচনান্তে দেখা যায়। উদাহরণস্বরূপ : IFAD 239-BA ঋণ চুক্তির শর্ত লংঘন করে প্রফেসর ইউনুসের পারিবারিক প্রতিষ্ঠান চট্টগ্রামস্থ প্যাকেজেস কর্পোরেশনকে SIDE এর ব্যবস্থাপনায় আনা হয় এবং উক্ত প্রতিষ্ঠানকে অর্থায়ন করা হয় ; দাতাদের সাথে আলোচনা ছাড়াই গ্রামীণ ব্যাংক কর্তৃক SAF গঠন করা হয় ; ঋণ কার্যক্রমে কার্যকর সুদের হার ১৬% হওয়ার কথা থাকলেও গ্রামীণ ব্যাংক কর্তৃক এককভাবে সুদের হার ২০% এ নির্ধারণ করা হয়। গ্রামীণ ব্যাংকের প্রকল্পের ওয় ও ৪র্থ ধাপ বাস্তবায়নে KFW এর সাথে গ্রামীণ ব্যাংকের মধ্যকার অনুদান চুক্তির শর্ত লংঘন করে গ্রামীণ কল্যাণে উক্ত অনুদানের অর্থ স্থানান্তর করা হয়। ডাচ গ্র্যান্ট লোন চুক্তি অনুযায়ী ৫% সরল সুদে তাদের ঋণগ্রহীতাদের গৃহায়ন খাতে ঋণ প্রদানের শর্ত থাকলেও ১৯৯০ সন থেকে ৮% সুদে গৃহঋণ প্রদান করা হচ্ছে।

Dividend Equalization Fund হতে বরোয়ারস ইনভেস্টমেন্ট ট্রাস্ট-এ অর্থ স্থানান্তর

গ্রামীণ ব্যাংক (সংশোধন) আইন ১৯৯০ এর 19(h) ধারা অনুযায়ী গ্রামীণ ব্যাংক শুধুমাত্র ভূমিহীন জনসাধারণকে সেবা প্রদানের লক্ষ্যে গঠিত বিধিবদ্ধ সংস্থার শেয়ার ক্রয় করতে পারে। উক্ত ধারা লংঘন করে গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক “Grameen Bank Borrowers Investment Trust” গঠন করা হয় এবং Pre-IPO Placement এর মাধ্যমে গ্রামীণ ফোনের শেয়ার ক্রয়ের লক্ষ্যে Dividend Equalization Fund হতে সর্বমোট ৭৯.১১ কোটি টাকা অনুদান হিসাবে বরোয়ারস ইনভেস্টমেন্ট ট্রাস্ট-এ স্থানান্তর করা হয়। অনুদান হিসাবে প্রদান করায় Dividend Equalization Fund হতে স্থানান্তরিত অর্থের বিপরীতে গ্রামীণ ব্যাংকে কোন সম্পদ সৃষ্টি করা হয়নি। বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ড-২৪ অনুযায়ী গ্রামীণ ব্যাংকের আর্থিক বিবরণীতে এ সংক্রান্ত কোন disclosure ও প্রদান করা হয়নি।

নোবেল লরিয়েট ট্রাস্টকে বিনা ভাড়ায় গ্রামীণ ব্যাংক ভবনের ফ্লোর ব্যবহারের অনুমোদন প্রদান

গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের ০৩ মে, ২০০৭ তারিখে অনুষ্ঠিত ৭৯তম সভায় নোবেল লরিয়েট হিসাবে প্রফেসর মুহাম্মদ ইউনুস এর কার্যক্রমে যাবতীয় সহায়তা প্রদান এবং তাঁর ব্যক্তিগত সেক্রেটারিয়েট পরিচালনার লক্ষ্যে নোবেল লরিয়েট ট্রাস্ট গঠন করা হয়। উক্ত সভায় নোবেল লরিয়েট ট্রাস্টকে গ্রামীণ ব্যাংকের একটি ফ্লোর বিনা ভাড়ায় ব্যবহারের অনুমোদন দেয়া হয়। এতে গ্রামীণ ব্যাংকের আর্থিক ক্ষতি সংঘটিত হয়েছে। বিষয়টি গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের স্বার্থ সংশ্লিষ্ট হলেও এ সংক্রান্ত কোন disclosure গ্রামীণ ব্যাংকের আর্থিক বিবরণীতে প্রদান করা হয়নি।

ভূমিকা :

অর্থ মন্ত্রণালয়ের ১০-০১-২০১১ তারিখের পত্র নং-৫৩.০০৭.০২৭.০০.০০.০১২.২০১০-১৫ এর সূত্রে গঠিত রিভিউ কমিটির কার্যপরিধির আলোকে এবং গভর্নর মহোদয়ের ১৩/০১/২০১১ তারিখের অনুমোদন অনুযায়ী বাংলাদেশ ব্যাংকে গঠিত ৫ সদস্যের একটি বিশেষ অডিট টিম ২৩-০১-২০১১ হতে ২৪-০২-২০১১ পর্যন্ত একটি বিশেষ পরিদর্শন (অডিট) পরিচালনা করে। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি এবং পর্যবেক্ষণ নিচে তুলে ধরা হলো :

১.০০. গ্রামীণ ব্যাংকের গঠন ও ব্যবস্থাপনা**১.০১. গ্রামীণ ব্যাংকের গঠন**

গ্রামীণ ব্যাংক "The Grameen Bank Ordinance, 1983" অনুযায়ী প্রতিষ্ঠিত হয়। অর্ডিন্যান্স অনুযায়ী গ্রামের ভূমিহীন লোকদের ঋণ সুবিধাসহ অন্যান্য সেবা প্রদান এবং আনুষঙ্গিক কার্যক্রম পরিচালনা করাই গ্রামীণ ব্যাংকের উদ্দেশ্য। অর্ডিন্যান্সের ২(এইচ) ধারায় "ভূমিহীন" এর সুস্পষ্ট সংজ্ঞা প্রদান করা হয়েছে। উক্ত সংজ্ঞায় কোন ব্যক্তি বা পরিবার যাদের ৫০ শতাংশের কম আবাদী জমি আছে অথবা যাদের স্থাবর এবং অস্থাবর সম্পদের পরিমাণ সংশ্লিষ্ট ইউনিয়নের বাজার দর অনুযায়ী এক একর আবাদী জমির মূল্যের বেশি নয়, তাদেরকে "ভূমিহীন" হিসাবে অভিহিত করা হয়েছে।

প্রতিষ্ঠার পর হতে গ্রামীণ ব্যাংকের অধ্যাদেশটি ১৯৮৬ ও ১৯৯০ সনে দু'বার সংশোধিত হয়। সংশোধিত বিষয়াবলী প্রসঙ্গে বিস্তারিত বিবরণ সংযোজনী- "ক"-তে প্রদর্শন করা হলো। সংশোধনীর উল্লেখযোগ্য অংশসমূহ নিম্নরূপ :

১৯৮৬ সালে আনীত উল্লেখযোগ্য সংশোধনীসমূহ:

- পরিশোধিত মূলধনের পরিমাণ ৩.০০ কোটি টাকা হতে ৭.২৫ কোটি টাকায় উন্নীত করা হয়;
- বাংলাদেশ সরকার ও গ্রামীণ ব্যাংকের ঋণগ্রহীতা সদস্যদের ধারণকৃত শেয়ারের অনুপাত যথাক্রমে ৬০% ও ৪০% হতে হ্রাস করে যথাক্রমে ২৫% ও ৭৫% এ পুনর্নির্ধারণ করা হয়;
- পরিচালনা পর্ষদের গঠনে পরিবর্তন আনা হয়। সরকার কর্তৃক মনোনীত পরিচালকের সংখ্যা ০৬ জন হতে ০৩ জনে হ্রাস করা হয় এবং ঋণ গ্রহীতা পরিচালকের সংখ্যা ০৪ জন হতে ০৯ জনে বৃদ্ধি করা হয়;

১৯৯০ সালে আনীত উল্লেখযোগ্য সংশোধনীসমূহ:

- গ্রামীণ ব্যাংকের কার্য সম্পাদনের ক্ষেত্রে নীতি নির্ধারণী বিষয়ে সরকারের নির্দেশ দানের ক্ষমতা রহিত করা হয় ;
- গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদে অন্তর্ভুক্ত ভোটাধিকার সম্পন্ন ব্যবস্থাপনা পরিচালককে পদাধিকারবলে পর্ষদ সদস্য হিসাবে উল্লেখ করে তাঁর ভোটাধিকার রহিত করা হয় ;
- ব্যবস্থাপনা পরিচালক নিয়োগদানের ক্ষমতা সরকারের স্থলে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত করা হয় ;
- পরিচালকদের কার্যাবলী পর্ষদ কর্তৃক নির্দেশিত পন্থার পরিবর্তে প্রণীত বিধিমালা অনুযায়ী পরিচালিত হবে মর্মে বিধান করা হয়;
- পর্ষদের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক ও অন্যান্য সকল পরিচালকের পদত্যাগপত্র সরকারের নিকট উপস্থাপনের পরিবর্তে চেয়ারম্যান ও সরকার কর্তৃক নিয়োজিত পরিচালকগণের পদত্যাগপত্র সরকারের নিকট এবং ব্যবস্থাপনা পরিচালকসহ অন্যান্য পরিচালকদের পদত্যাগপত্র পর্ষদ চেয়ারম্যানের নিকট উপস্থাপনের বিধান করা হয় ;
- গ্রামীণ ব্যাংকের কার্যাবলীর বিষয়ে নিম্নোক্ত পরিবর্তন আনা হয় :

- আর্থিক বিনিয়োগ ব্যতীত ভূমিহীন জনসাধারণের উন্নয়নের লক্ষ্যে নিয়োজিত অন্য কোন গ্রামীণ সংস্থার ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ ও সুপারভিশনে অংশগ্রহণের স্থলে একই লক্ষ্যে নিয়োজিত অন্য কোন গ্রামীণ সংস্থার অধিগ্রহণ করতে পারার বিষয়টি অন্তর্ভুক্ত হয়। এতে পূর্বতন আর্থিক বিনিয়োগ করতে না পারার বাধা দূরীভূত হয় ;
 - সরকারের অনুমোদন সাপেক্ষে গৃহীতব্য বিভিন্ন কার্যাবলীর স্থলে সরকারের অনুমোদন গ্রহণের প্রয়োজনীয়তা রহিত করা হয় ;
 - ভূমিহীন জনসাধারণের জন্য উপার্জনক্ষম প্রকল্প গ্রহণের ক্ষমতা সংযোজন করা হয় ;
- হিসাব সংরক্ষণ ও বার্ষিক আর্থিক বিবরণী প্রস্তুতের ক্ষেত্রে সরকার ও বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা পরিপালনের স্থলে উল্লেখিত ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সাধারণ নির্দেশনাসমূহ পরিপালনের বিষয়ে বিধান আরোপ করা হয় ;
- নিরীক্ষক নিয়োগদানের ক্ষেত্রে সরকারের ক্ষমতা রহিত করা হয়। নিরীক্ষা প্রতিবেদন সরকারের স্থলে পরিচালনা পর্ষদের নিকট উপস্থাপনের বিধান করা হয় ;
- নিরীক্ষা প্রতিবেদন অফিসিয়াল গেজেটে প্রকাশের পাশাপাশি সংসদে উপস্থাপনার বিষয়টি রহিত করা হয় ;
- সরকার কর্তৃক অর্ডিন্যান্স সংক্রান্ত বিভিন্ন বিধান প্রণয়নের স্থলে পরিচালনা পর্ষদের সদস্য নির্বাচনের বিধান প্রণয়নের ক্ষমতা প্রদান করা হয় ;
- বিধি প্রণয়নের ক্ষেত্রে সরকারের অনুমোদনের প্রয়োজনীয়তা রহিত করে পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত করা হয় ;

গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্সে ১৯৯০ সালে উপরোল্লিখিত সংশোধনীর মাধ্যমে সরকারের ক্ষমতা হ্রাস পেয়ে গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের উপর অধিকতর ক্ষমতা ন্যস্ত হয়। বিশেষ করে বিধি প্রণয়নের ক্ষেত্রে সরকারের অনুমোদনের প্রয়োজনীয়তা রহিত করে পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত করার বিষয়টি প্রণিধানযোগ্য। এর ফলে সরকারের নিকট গ্রামীণ ব্যাংকের জবাবদিহিতা হ্রাস পায়।

১.০২. গ্রামীণ ব্যাংকের শেয়ার মূলধন

গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্স ১৯৮৩ অনুযায়ী গ্রামীণ ব্যাংকের অনুমোদিত মূলধন এবং পরিশোধিত মূলধন ছিল যথাক্রমে ১০ কোটি এবং ৩ কোটি টাকা। অর্ডিন্যান্সের ৬ ও ৭ ধারা অনুযায়ী পরবর্তীতে ১৯৮৬, ১৯৯১, ১৯৯৪ এবং ২০০৮ সালে অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ বৃদ্ধি সরকার কর্তৃক অনুমোদন করা হয়। অনুমোদন সংশ্লিষ্ট বিস্তারিত তথ্যাদি নিম্নের সারণীতে প্রদর্শন করা হলো :

বছর	অনুমোদিত মূলধন (কোটি টাকায়)	পরিশোধিত মূলধন (কোটি টাকায়)	সূত্র নম্বর ও তারিখ	আরোপিত/উল্লেখিত শর্তাবলী
১৯৮৬	১০.০০	৭.২০ (উর্ধ্ব সীমা)	গ্রামীণ ব্যাংক(সংশোধনী) অধ্যাদেশ, ১৯৮৬।	-----
১৯৯১	২৫.০০	১৫.০০ (উর্ধ্ব সীমা)	অর্থ মন্ত্রণালয়ের পত্র নং অম/অবি/বিকে- ৩/৬১/৮৪ (অংশ- ১)/৪৮, তারিখ, ০২/০৩/৯১।	-----
১৯৯৪	৫০.০০	৪০.০০ (উর্ধ্ব সীমা)	অর্থ মন্ত্রণালয়ের পত্র নং অম/ব্যবি/নীতিমালা-৫/গ্রামীণ ব্যাংক-২৯/৯৩-১৩০(২), তারিখ, ২৯/১২/১৯৯৪।	<ul style="list-style-type: none"> ● পরিশোধিত মূলধনের বিষয়ে উক্ত ধারায় বর্ণিত সকল শর্ত অক্ষুণ্ণ থাকবে। ● গ্রামীণ ব্যাংককে নিজস্ব পদ্ধতি অবলম্বনে সর্ব সাধারণের জ্ঞাতার্থে যথারীতি বিজ্ঞপ্তি প্রচার করতে হবে। ● প্রস্তাবিত শেয়ার বন্টনের বিষয়টি প্রচলিত আইন সংশোধনের সংগে সম্পৃক্ত বিধায় একটি স্ব-ব্যাখ্যাত পৃথক প্রস্তাব পেশ করতে হবে।
২০০৮	৩৫০.০০	৩০০.০০ (উর্ধ্ব সীমা)	অর্থ মন্ত্রণালয়ের পত্র নং অম/অবি/ব্যঃওআঃপ্র/নীঃশাঃ- ১/১(১৮)/৯৭/অংশ-১/২২০, তারিখ, ৩১/১২/২০০৮।	-----

ওপরের সারণীতে দেখা যাচ্ছে যে প্রারম্ভিক অবস্থায় পরিশোধিত মূলধনের মধ্যে বাংলাদেশ সরকার বা সরকার কর্তৃক গঠিত কোন প্রতিষ্ঠানের অংশ এবং গ্রামীণ ব্যাংকের ঋণগ্রহীতাদের অংশ ছিল যথাক্রমে ৬০% এবং ৪০%। পরবর্তীতে ১৯৮৬ সালের সংশোধনী অনুযায়ী পরিশোধিত মূলধনের মধ্যে সরকার বা সরকার কর্তৃক গঠিত কোন প্রতিষ্ঠানের অংশ এবং গ্রামীণ ব্যাংকের ঋণগ্রহীতাদের অংশ যথাক্রমে ২৫% এবং ৭৫% এ পুনঃনির্ধারিত হয়। গ্রামীণ ব্যাংক (সংশোধন) অর্ডিন্যান্স ১৯৮৬ অনুযায়ী পরিশোধিত মূলধনে সরকারের অংশ নির্ধারিত ২৫% এর তুলনায় ক্রমাগত হ্রাস পাচ্ছে এবং গ্রামীণ ব্যাংকের সদস্যদের জন্য নির্ধারিত ৭৫% এর তুলনায় ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। পরিশোধিত মূলধনের বিস্তারিত সংযোজনী “খ” তে প্রদর্শন করা হলো। উল্লেখ্য, ঋণগ্রহণকারী সদস্যদের নিকট হতে সাপ্তাহিক ৫ টাকা হারে জমাকৃত টাকা ১০০ হলে নির্ধারিত ফরমে আবেদন করার পর প্রধান কার্যালয় হতে প্রতি সদস্যের নামে ১০০ টাকা অভিহিত মূল্যের একটি মাত্র শেয়ার ইস্যু করার মাধ্যমে পরিশোধিত মূলধন বৃদ্ধি করা হয়।

২০১০ সালের শেষে পরিশোধিত মূলধন ৫৪,৭৬,৮৯,২০০ টাকার মধ্যে সরকার বা সরকার কর্তৃক গঠিত কোন প্রতিষ্ঠানের অংশ এবং গ্রামীণ ব্যাংকের ঋণগ্রহীতাদের অংশ যথাক্রমে ৩.২৯% এবং ৯৬.৭১% যা ১৯৮৬ সালের গ্রামীণ ব্যাংক অধ্যাদেশের সংশোধনীতে নির্ধারিত হার যথাক্রমে ২৫% ও ৭৫% এর সাথে সঙ্গতিপূর্ণ নয়। এ প্রসঙ্গে ১৯৯৪ সালের অনুমোদন পত্রে প্রস্তাবিত শেয়ার বন্টনের বিষয়টি প্রচলিত আইন সংশোধনের সংগে সম্পৃক্ত বিষয় একটি স্ব-ব্যাখ্যাত পৃথক প্রস্তাব পেশ করার জন্য অর্থ মন্ত্রণালয় তাদের ২৯/১২/১৯৯৪ তারিখের পত্রে যে শর্তারোপ করে তার পরিপালন সম্পর্কিত দলিলাদি গ্রামীণ ব্যাংক পরিদর্শন দলকে দেখাতে পারেন।

১.০৩. পরিচালনা পর্ষদের গঠন ও কার্যক্রম

গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদ বর্তমানে ব্যবস্থাপনা পরিচালকসহ ১৩ জন পরিচালকের সমন্বয়ে গঠিত হয়। উল্লেখিত ১৩ জনের মধ্যে চেয়ারম্যানসহ ৩ জন সরকার কর্তৃক মনোনীত হন, ৯ জন গ্রামীণ ব্যাংকের ঋণগ্রহীতা শেয়ারহোল্ডারদের মধ্য হতে নির্বাচিত হন এবং ব্যবস্থাপনা পরিচালক পদাধিকার বলে পরিচালক পর্ষদের অন্তর্ভুক্ত হন। ব্যবস্থাপনা পরিচালকের কোন ভোটাধিকার থাকে না। গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্স অনুযায়ী সরকার কর্তৃক মনোনীত পরিচালকদের মেয়াদ সরকার কর্তৃক নির্ধারিত হয় এবং ঋণগ্রহীতা পরিচালকগণ ৩ বছরের জন্য নির্বাচিত হন। বর্তমান পরিচালনা পর্ষদের সদস্যদের বিবরণী সংযোজনী “গ”-তে প্রদর্শন করা হলো। গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্স এর বিভিন্ন সময়ের সংশোধনী অনুযায়ী পরিচালনা পর্ষদের গঠন পরিবর্তনের ধারাবাহিকতা নিম্নের সারণীতে প্রদর্শন করা হলো :

১৯৮৩	১৯৮৬	১৯৯০
<p>পর্ষদের সদস্য সংখ্যা মোট ১১ জন।</p> <ul style="list-style-type: none"> ➤ ব্যবস্থাপনা পরিচালক ➤ সরকার কর্তৃক নিয়োগকৃত মোট ৬ জন (এর মধ্যে সরকার কর্তৃক মনোনীত ৩ জন যাদের মধ্যে ন্যূনতম ২ জন সরকারি কর্মকর্তা, ভূমিহীনদের সাথে কাজে অভিজ্ঞ ১ জন নারী পরিচালক, নতুন ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকদের মধ্য হতে ২ জন) ➤ ঋণগ্রহীতা শেয়ারহোল্ডার ৪ জন। 	<p>পর্ষদের সদস্য সংখ্যা মোট ১৩ জন।</p> <ul style="list-style-type: none"> ➤ ব্যবস্থাপনা পরিচালক ➤ চেয়ারম্যানসহ সরকার কর্তৃক নিয়োগকৃত মোট ৩ জন ➤ ঋণগ্রহীতা শেয়ারহোল্ডার ৯ জন। 	<p>পর্ষদের সদস্য সংখ্যা মোট ১৩ জন।</p> <ul style="list-style-type: none"> ➤ পদাধিকার বলে ভোটাধিকারবিহীন ব্যবস্থাপনা পরিচালক, ➤ চেয়ারম্যানসহ সরকার কর্তৃক নিয়োগকৃত মোট ৩ জন ➤ ঋণগ্রহীতা শেয়ারহোল্ডার ৯ জন।

গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্স ১৯৮৩ এর (সংশোধনী ১৯৮৬) অনুযায়ী গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদে মোট ১৩ জনের মধ্যে ঋণগ্রহীতা পরিচালকদের সংখ্যা বৃদ্ধি পেয়ে ৪ হতে ৯ হয়েছে। বোর্ড সভায় উপস্থাপিত গ্রামীণ ব্যাংকের বার্ষিক প্রতিবেদন, বিভিন্ন গুরুত্বপূর্ণ দলিলাদি ও চুক্তিনামা ইত্যাদি (ইংরেজিতে) উপস্থাপিত হয় যার মর্ম প্রাতিষ্ঠানিকভাবে স্বল্প শিক্ষিত ঋণগ্রহীতা পরিচালকদের পক্ষে অনুধাবন করা কঠিন। ফলে পরিচালনা পর্ষদের সভায় ঋণগ্রহীতা পরিচালকদের হাজিরা ব্যতীত কার্যকর অংশগ্রহণ পরিলক্ষিত হয়নি।

১.০৪. পরিচালনা পর্ষদ সভার কার্যবিবরণী পর্যালোচনা

অডিট টীম কর্তৃক ১৯৯৬ সন হতে হালনাগাদ পরিচালনা পর্ষদ সভার কার্যবিবরণী পর্যালোচনা করা হয়। উক্ত পর্যালোচনায় পরিলক্ষিত গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নিম্নে উল্লেখ করা হল:

- পরিচালক মন্ডলীর ৩৯তম (১৮/০৬/১৯৯৫) সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক ‘গ্রামীণ সামগ্রী’ নামে একটি পৃথক ‘নট ফর প্রোফিট’ কোম্পানী স্থাপন করার প্রস্তাব অনুমোদন করা হয়েছে। আলোচনায় গ্রামীণ ব্যাংকের শেয়ার হোল্ডারদের স্বার্থ আলোকপাত করা হয়নি। অর্থাৎ ‘গ্রামীণ সামগ্রী’ নামক প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠায় শেয়ার হোল্ডারদের স্বার্থ বিবেচনা করে আলোচনা করা হয়নি ;
- পরিচালক মন্ডলীর ৪২তম সভায় (৬/১১/৯৬) গ্রামীণ ব্যাংকের সদস্য ও কর্মীদের কল্যাণের জন্য বহুমুখী কর্মসূচী গ্রহণের লক্ষ্যে ‘গ্রামীণ কল্যাণ’ নামে একটি পৃথক কোম্পানী প্রতিষ্ঠার সিদ্ধান্ত গৃহীত হয়। একই সভায় ‘গ্রামীণ শক্তি’ নামে একটি পৃথক ‘নট ফর প্রোফিট’ কোম্পানী স্থাপন করার প্রস্তাব অনুমোদন করা হয়েছে। ‘গ্রামীণ শক্তি’ প্রতিষ্ঠার সাথে গ্রামীণ ব্যাংকের শেয়ার হোল্ডারদের এবং সদস্যদের স্বার্থ আলোচিত হয়নি।
- পরিচালক মন্ডলীর ৪৮তম সভায় (১৬/০৪/১৯৯৮) গ্রামীণ উদ্যোগ, গ্রামীণ টেলিকম, গ্রামীণ কৃষি ফাউন্ডেশন ও গ্রামীণ মৎস্য ফাউন্ডেশন এই চারটি প্রতিষ্ঠানের অন্য কোন ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণের জন্য গ্রামীণ ব্যাংক জামিনদার হওয়ার বিষয়টি পরিচালক মন্ডলীকে অবহিত করা হয়েছে। উক্ত চারটি প্রতিষ্ঠান গ্রামীণ ব্যাংকের পরিচালনা বোর্ডের অনুমোদন নিয়ে প্রতিষ্ঠিত হয়েছিল। এই সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, “এখন থেকে গ্রামীণ ব্যাংকের বোর্ডের অনুমোদন নিয়ে যে সকল প্রতিষ্ঠান সৃষ্ট হয়েছে তাদের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে একটি বিস্তারিত প্রতিবেদন নিয়মিতভাবে প্রতিবছর গ্রামীণ ব্যাংক পরিচালক মন্ডলীর সভায় অবগতির জন্য পেশ করতে হবে।” পরবর্তী বছরগুলোতে এ সিদ্ধান্ত বাস্তবায়ন পরিলক্ষিত হয়নি।
- পরিচালক মন্ডলীর ৫২তম সভায় (২০/০৭/১৯৯৯) সিদ্ধান্ত গৃহীত হয় যে, “গ্রামীণ কৃষি ফাউন্ডেশনের আবেদন এবং গ্রামীণ ফান্ডের অনুরোধ বিবেচনা করে গ্রামীণ ফান্ড কর্তৃক গ্রামীণ কৃষি ফাউন্ডেশনের ঋণ বাবদ ৯,২৯,৮৭,৮৮২.৪৫ টাকা ঋণ মওকুফ করে দেয়ার শর্তে গ্রামীণ ব্যাংক কর্তৃক গ্রামীণ ফান্ডকে প্রদত্ত ঋণ থেকে উল্লেখিত পরিমাণ টাকা অবলোপন করার অনুমোদন দেয়া হলো”। এরূপ সিদ্ধান্ত গ্রহণের সময় গ্রামীণ ব্যাংকের শেয়ার হোল্ডারদের স্বার্থের বিষয়ে আলোকপাত করা হয়নি।
- পরিচালক মন্ডলীর ৬৬তম সভার (৩০/০৯/২০০৩) কার্যবিবরণীতে উল্লেখ করা হয়েছে যে, “যেহেতু প্রফেসর মুহাম্মদ ইউনুস গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক থাকা সত্ত্বেও অন্যান্য প্রতিষ্ঠানের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন সেহেতু তাঁর অন্যান্য প্রতিষ্ঠানের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালনের ক্ষেত্রে বোর্ডের অনুমোদন নেয়া প্রয়োজন।” সে মোতাবেক উক্ত সভায় নির্দিষ্ট ২০টি (নিম্নে বর্ণিত) প্রতিষ্ঠানের চেয়ারম্যান পদে অধিষ্ঠিত থাকার বিষয়ে ঘটনাত্তোর অনুমোদন দেয়া হয়েছে। কার্যবিবরণীতে উল্লেখিত ২০টি প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানের চেয়ারম্যান বা অন্য কোন পদে অধিষ্ঠিত থাকার বিষয়ে পরিচালক মন্ডলীর সভায় অনুমোদন গ্রহণ করা হয়নি।

১.গ্রামীণ কৃষি ফাউন্ডেশান	৬.গ্রামীণ কমিউনিকেশান্স	১১.গ্রামীণ শক্তি	১৬.গ্রামীণ সফটওয়্যার লিঃ
২. গ্রামীণ মৎস্য ফাউন্ডেশান	৭.গ্রামীণ ফান্ড	১২.গ্রামীণ সাইবারনেট	১৭.গ্রামীণ আইটি পার্ক লিঃ
৩. গ্রামীণ ট্রাস্ট	৮.গ্রামীণ সামগ্রী	১৩.গণস্বাস্থ্য গ্রামীণ টেক্সটাইল মিলস্ লিঃ	১৮.গ্রামীণ ব্যবসা বিকাশ
৪. গ্রামীণ উদ্যোগ	৯.গ্রামীণ কল্যাণ	১৪.গ্রামীণ নীটওয়্যার লিঃ	১৯.গ্রামীণ ইনফরমেশন হাইওয়েজ লিঃ
৫. গ্রামীণ টেলিকম	১০.গ্রামীণ শিক্ষা	১৫.গ্রামীণ ক্যাপিটাল ম্যানেজম্যান্ট লিঃ	২০.গ্রামীণ স্টার এডুকেশন লিঃ

- পরিচালক মন্ডলীর ৭৬তম সভায় প্যাকেজেস কর্পোরেশনকে প্রদত্ত মূলধন ও চলতি ঋণের সুদের হার ১০%, ১২% ও ১৬% এর পরিবর্তে ৫% এ পুনঃনির্ধারণ করে হিসাবটি নিষ্পত্তি করার অনুমোদন দেয়া হয়। এরূপ সিদ্ধান্ত গ্রহণের সময়ে গ্রামীণ ব্যাংকের স্বার্থ বিবেচনা করা হয়নি।
- পরিচালক মন্ডলীর ৭৭তম সভায় (২১/০৬/২০০৬) সিদ্ধান্ত নেয়া হয়, “গ্রামীণ আইটি পার্কের নিকট গ্রামীণ ব্যাংকের বকেয়া পাওনার উপর ধার্যকৃত সুদ বাবদ ৬৯,৬৯,৬৪৪.০০টাকা, অব্যবহৃত অংশের ভাড়া বাবদ ১,৭৩,৬৯,৬০৮.০০ টাকা, খোয়া যাওয়া স্যানিটারী ফিটিংসের ক্ষতিপূরণ বাবদ ৪৬,২৯০.০০ টাকা এবং ব্যবহৃত অংশের বকেয়া ভাড়া বাবদ অবশিষ্ট ১,২৪,০৮২.১০ টাকা অর্থাৎ সর্বমোট ২,৪৫,০৯,৬২৪.১০ টাকা মওকুফ করার অনুমোদন দেয়া হলো।” এরূপ সিদ্ধান্ত গ্রামীণ ব্যাংকের স্বার্থ পরিপন্থী।
- পরিচালক মন্ডলীর ৮৩তম সভার (২৪/০৬/২০০৮) কার্যবিবরণী পর্যালোচনায় দেখা যায় গ্রামীণ ব্যাংকের স্বার্থ ক্ষুণ্ণ করে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয় - “গ্রামীণ ব্যাংকের ২১ তলা ভবনের ১৬তম ফ্লোর ২৫ বছরের জন্য নিঃশর্তভাবে লীজ দেয়ার নিমিত্তে গ্রামীণ ব্যাংক(১ম পক্ষ) এবং নোবেল লরিয়েট ট্রাস্ট(২য় পক্ষ) এর মধ্যে চুক্তিনামা স্বাক্ষর করার অনুমোদন দেয়া হলো” আরো সিদ্ধান্ত গ্রহণ করা হয় “দ্বিতীয় পক্ষ ইউনুস সেন্টারকে উক্ত ফ্লোর ২৪ বছর মেয়াদে ব্যবহার করার সুযোগ দিতে পারবে-এ মর্মে অনুমোদন দেয়া হলো”। গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক নোবেল লরিয়েট ট্রাস্টের মাধ্যমে তৃতীয় পক্ষ, ইউনুস সেন্টারকে সুবিধা প্রদান করা হয়েছে। উল্লেখ্য, ইউনুস সেন্টার গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ড. মুহাম্মদ ইউনুস এর স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান।
- পরিচালক মন্ডলীর ৮৭তম সভার কার্যবিবরণী পর্যালোচনায় দেখা যায় যে বাংলাদেশ ব্যাংকের ব্যাংক পরিদর্শন বিভাগ-২ এর পরিদর্শন দল কর্তৃক ৩০/০৬/২০০৮ স্থিতি ভিত্তিতে গ্রামীণ ব্যাংকের প্রধান কার্যালয় পরিদর্শন করে। উক্ত সভায় পরিদর্শন দলের পক্ষ হতে গ্রামীণ ব্যাংকের কর্মীদের আত্মসাৎ প্রবণতা নিয়ন্ত্রণের উপর গুরুত্বারোপ করা হয়। বাস্তবে পরবর্তীতে আত্মসাৎকৃত অর্থের পরিমাণ না কমে বাড়ার প্রবণতা লক্ষ্য করা যায়।

গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের সভায় গুরুত্বপূর্ণ নীতিমালা উপস্থাপিত হয় না। উদাহরণস্বরূপ বলা যেতে পারে, তামামী বিষয়ক হিসাব নীতিমালা, গ্রামীণ ব্যাংক ক্রয় ম্যানুয়াল, আমানত বিষয়ক গাইড লাইন, ঋণ প্রতিশোধ নীতিমালা, বিনিয়োগ নীতিমালা পরিচালক মন্ডলীর সভায় উপস্থাপন করা হয়নি।

এছাড়া, গ্রামীণ ব্যাংকের বার্ষিক প্রতিবেদনগুলো ইংরেজিতে হওয়ায় ঋণগ্রহীতা পরিচালকবৃন্দের ইংরেজী ভাষার দক্ষতা ও প্রাতিষ্ঠানিক শিক্ষার অভাবে ব্যাংকের বার্ষিক প্রতিবেদনগুলো পর্যালোচনায় তারা অংশগ্রহণ করতে পারেন না। এমনকি কোন কোন ক্ষেত্রে ঋণগ্রহীতা পরিচালকগণ ইংরেজি ভাষায় প্রণীত দলিলে স্বাক্ষর করেছেন; সংশ্লিষ্ট পরিচালকের পক্ষে যার বোধগম্যতা প্রশ্নসাপেক্ষ।

১.০৫. ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগ

গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্স ১৯৮৩ অনুযায়ী গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত হতেন। পরবর্তীতে ১৯৯০ সনে এই মর্মে সংশোধনী আনীত হয় যে ব্যবস্থাপনা পরিচালক বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন সাপেক্ষে পরিচালনা পর্ষদ কর্তৃক নিয়োগপ্রাপ্ত

হবেন। উক্ত সংশোধনীতে আরও উল্লেখ করা হয় যে ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের উদ্দেশ্যে পরিচালনা পর্ষদ কর্তৃক ন্যূনতম ৩ সদস্য এবং সর্বোচ্চ ৫ সদস্যের সমন্বয়ে একটি নির্বাচন কমিটি গঠিত হবে এবং উক্ত কমিটি গ্রামীণ অর্থনীতি কিংবা গ্রামীণ ব্যাংকিং ব্যবসায় অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করবেন। সে মোতাবেক ১৯৯০ সনের ১৪ আগস্ট তারিখে অধ্যাপক মুহাম্মদ ইউনুসকে ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগ প্রদানের জন্য পরিচালনা পর্ষদের চেয়ারম্যান কর্তৃক বাংলাদেশ ব্যাংকের অনুমোদন চাওয়া হয়। বাংলাদেশ ব্যাংক নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ২৫ আগস্ট, ১৯৯০ তারিখে জনাব মুহাম্মদ ইউনুসের নিয়োগের ব্যাপারে অনাপত্তি প্রদান করে :

- গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্স ১৯৮৩ এর ১৪(৪) ধারার বিধান অনুযায়ী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের চাকুরীর শর্তাবলী উক্ত অর্ডিন্যান্স অনুযায়ী প্রণীত রেগুলেশন দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- উক্ত অর্ডিন্যান্সের ৩৬ ধারা অনুযায়ী পরিচালনা পর্ষদ রেগুলেশন প্রণয়ন করবেন এবং অফিসিয়াল গেজেটে প্রকাশিত হবার পর তা কার্যকর হবে।
- উক্ত রেগুলেশনে যেসব শর্তাবলী অন্তর্ভুক্ত হবে তা বর্তমান শর্তাবলীর অনুরূপ না হলে সেক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পুনঃঅনুমোদন প্রয়োজন হবে।

বাংলাদেশ ব্যাংকের অনুমোদন/অনাপত্তি প্রাপ্তির পর গ্রামীণ ব্যাংকের ২৯ আগস্ট ১৯৯০ তারিখের পত্রের কতিপয় শর্ত সাপেক্ষে ব্যবস্থাপনা পরিচালক হিসাবে ড. মুহাম্মদ ইউনুসের অনুকূলে নিয়োগপত্র জারী করা হয়। উক্ত নিয়োগপত্রে অন্যান্যের মধ্যে শর্ত আরোপ করা হয় যে গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক পদে ড. মুহাম্মদ ইউনুস একজন নিয়মিত কর্মকর্তা হিসাবে গণ্য হবেন এবং ব্যাংকের প্রচলিত বেতন কাঠামোর আওতায় মাসিক বেতনসহ অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদি প্রদান করা হবে।

- পরবর্তীতে ২০ জুলাই, ১৯৯৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫২তম সভায় এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, যতদিন পর্যন্ত পরিচালকমন্ডলী অন্য কোন সিদ্ধান্ত না নেবে ততদিন পর্যন্ত প্রফেসর মুহাম্মদ ইউনুস ব্যবস্থাপনা পরিচালক পদে বহাল থাকবেন। উল্লেখ্য, ২০ জুলাই ১৯৯৯ তারিখে প্রফেসর মুহাম্মদ ইউনুস এর বয়স ছিল ৫৯ বছর ২২ দিন (জন্ম তারিখ: ২৮ জুন, ১৯৪০)। পরিচালনা পর্ষদ কর্তৃক উপরিউক্ত সিদ্ধান্ত গ্রহণকালে বলবৎ থাকা ১লা মার্চ, ১৯৯৩ সালে প্রকাশিত গ্রামীণ ব্যাংক চাকুরী বিধিমালা অনুযায়ী কর্মীদের চাকুরী থেকে অবসরের ক্ষেত্রে সীমা ৬০ (ষাট) বছর। কিন্তু ২৭ জুন ২০০০ তারিখে ব্যবস্থাপনা পরিচালকের বয়স ৬০ বছর অতিক্রান্ত হওয়ার পরও বলবৎ চাকুরী বিধিমালার লংঘন করে গ্রামীণ ব্যাংক তাকে অবসর প্রদানের কোন পদক্ষেপ গ্রহণ করেনি। এ প্রসঙ্গে গ্রামীণ ব্যাংক অধ্যাদেশের ১৪(৪) ধারা ("The Managing Director shall be the whole-time officer and the chief executive of the Bank and shall serve under the Bank on such terms and conditions as may be prescribed by regulations") লংঘিত হয়েছে।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশনা প্রদানের দীর্ঘ ১১ বছর পর ১৯ নভেম্বর, ২০০১ তারিখে বাংলাদেশ গেজেটে ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ সংক্রান্ত রেগুলেশন প্রকাশিত হয়। উক্ত রেগুলেশনে উল্লেখিত বিভিন্ন শর্তাবলীর মধ্যে উল্লেখযোগ্য শর্তাবলী নিম্নরূপ :

১. ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগ চুক্তিভিত্তিক হবে।

২. পরিচালনা পর্ষদ নিয়োগপত্রে গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের কার্যকাল নির্ধারণ করে দেবেন। তবে কার্যকাল পাঁচ বছরের বেশী হবে না। পরিচালনা পর্ষদ যে কোন কার্যকালের মেয়াদ শেষে একই পদে পরবর্তী নির্দিষ্ট সময়ের জন্য পুনঃনিয়োগ দিতে পারবেন। পুনঃনিয়োগ দেবার সময় ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের শর্তাবলী নতুনভাবে নির্ধারণ করা যাবে।
৩. ব্যবস্থাপনা পরিচালক পদে চাকুরীর ক্ষেত্রে বয়সের কোন নির্দিষ্ট সময়সীমা থাকবে না। গ্রামীণ ব্যাংকের চাকুরীবিধি তাঁর ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

১৯৯০ সালে গ্রামীণ ব্যাংক প্রদত্ত ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগপত্রে উল্লেখিত শর্ত (গ্রামীণ ব্যাংকের একজন নিয়মিত কর্মকর্তা হিসাবে বিবেচিত হওয়া) এবং ২০০১ সালে প্রকাশিত রেগুলেশনে উল্লেখিত শর্ত (ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগ চুক্তিভিত্তিক হওয়া, ব্যবস্থাপনা পরিচালক পদে চাকুরীর ক্ষেত্রে বয়সের কোন নির্দিষ্ট সময়সীমা না থাকা এবং গ্রামীণ ব্যাংকের চাকুরীবিধি তাঁর ক্ষেত্রে প্রযোজ্য না হওয়া) হতে ভিন্নতর। এ পরিস্থিতিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের (২৫/০৮/১৯৯০) শর্ত (উক্ত রেগুলেশনে যেসব শর্তাবলী অন্তর্ভুক্ত হবে তা বর্তমান শর্তাবলীর অনুরূপ না হলে সেক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পুনঃঅনুমোদন প্রয়োজন হবে) অনুযায়ী ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পুনঃঅনুমোদন গ্রহণের আবশ্যিকতা থাকলেও তা পরিপালন করা হয়নি।

ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ রেগুলেশনে (২০০১) উল্লেখ করা হয়েছে যে, পরিচালনা পর্ষদ ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগপত্রে তাঁর কার্যকাল নির্ধারণ করে দেবেন এবং কার্যকাল পাঁচ বছরের বেশী হবে না এবং পরিচালনা পর্ষদ যে কোন কার্যকালের মেয়াদ শেষে একই পদে পরবর্তী নির্দিষ্ট সময়ের জন্য পুনঃনিয়োগ দিতে পারবেন। কিন্তু উক্ত রেগুলেশন জারীর পর (এমনকি ১৯৯০ সালের পর হতে) ব্যবস্থাপনা পরিচালকের জন্য আর কোন নিয়োগপত্র প্রদান করা হয়নি। ফলশ্রুতিতে গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্সের ১৪(৪) ধারা লংঘিত হয়েছে।

২.০০. গ্রামীণ ব্যাংকের আর্থিক বিবরণী

২.০১. গ্রামীণ ব্যাংক এর উদ্ভূত পত্রের বছর ওয়ারী তুলনামূলক পর্যালোচনা

(₹KwU UvKvq)

#	weeiY	31/12/2007	31/12/2008	31/12/2009	31/12/2010
mশু`					
	bM` Znwej	0.68	0.38	0.11	0.09
	ersj v†` k e`vs†K Rgv	0.36	0.34	0.61	0.25
	e`vsK I Ab`vb` Awl`R c†Z†b Rgv	92.60	132.13	128.92	130.79
	weib†qvM (GdiWAvi , wDPqvj dvU I wmlWveGj)	2446.58	2873.03	3775.07	4775.92
	c†v†x	23.92%	17.43%	31.40%	26.51%
	FY I AwM†	3754.65	4578.70	5635.90	6844.59
	c†v†x	09.96%	21.94%	23.09%	21.45%
	`vqx mশু`	111.45	116.33	133.38	148.88
	Ab`vb` mশু`	489.05	579.17	626.52	640.62
	†gvU	6895.37	8280.08	10300.51	12541.14
`vq					
	e`vsK I Ab`vb` c†Z†b n†Z MnxZ KR®	179.33	173.12	166.92	160.71
	m`m` AvgvbZ	2960.45	3512.10	4502.85	5664.40
	c†v†x	08.35%	18.63%	28.21%	25.80%
	Am`m` AvgvbZ	2247.33	2948.16	3830.21	4837.90
	c†v†x	32.03%	31.18%	29.92%	26.31%
	Ab`vb` Znwej	356.29	371.18	394.72	418.63
	Ab`vb` `vq	565.38	631.87	731.46	727.32
†kqvi †nv† vi m Znwej					
	cwi †kwaZ gj ab	31.80	35.80	52.40	54.77
	gj ab I Ab`vb` wi Rv†®	545.38	596.95	605.75	654.91
	AewUZ D×E	9.41	10.90	16.20	22.50
	†gvU	6895.37	8280.08	10300.51	12541.14
	প্রবৃদ্ধি	16.11%	20.08%	24.40%	21.75%

উল্লেখযোগ্য পর্যবেক্ষণ:

- গ্রামীণ ব্যাংকের মূল কার্যক্রম, ঋণ ও অগ্রিমের প্রবৃদ্ধির তুলনায় বিনিয়োগের প্রবৃদ্ধির হার অধিক;
- সদস্য আমানতের প্রবৃদ্ধির তুলনায় অসদস্য আমানতের প্রবৃদ্ধি অধিক।
- ৩১/১২/২০১০ তারিখে মোট সম্পদের তুলনায় তরল সম্পদের হার ৩৯.১৩%।
- ৩১/১২/২০১০ তারিখে ঋণ-আমানত হার ৬৫.১৭%। তবে শুধুমাত্র সদস্যদের আমানতের বিপরীতে ঋণের হার ১২১.২৬%।
- মোট সম্পদের তুলনায় ঋণ ও অগ্রিমের হার ৫৪.৫৮%।

২.০২. গ্রামীণ ব্যাংকের লাভ-ক্ষতি হিসাবের বছরওয়ারী তুলনামূলক পর্যালোচনা

(কোটি টাকায়)

খাত/উপখাত	২০০৭	২০০৮	২০০৯	২০১০
আয় :				
ক) সুদ আয় :				
ঋণ ও অগ্রীম হতে	৬৭৭.১০	৭৮০.৯৫	৯৭৮.১১	১২৪৩.৫৭
মেয়াদী আমানত হতে (বিভিন্ন প্রতিষ্ঠানে রক্ষিত)	২৯০.৪১	৩২৪.২৫	৩৯৪.৯৮	৩৯২.৮৪
এসটিডি হিসাব হতে (বিভিন্ন প্রতিষ্ঠানে রক্ষিত)	১.৯৯	২.২৩	১.৬০	--
গ্রামীণ মিউচুয়াল ফান্ড- ওয়ান ও অন্যান্য	৬.৬৩	০.১৭	০.১০	৯.৩৭
মোট	৯৭৬.১৩	১১০৭.৬০	১৩৭৪.৭৯	১৬৪৫.৭৮
খ) অন্যান্য আয় :				
অনুদান প্রাপ্তি				
বিবিধ আয়	৮৭.৮২	৯২.৩২	৭৪.৯৪	১২৬.৭৮
১.মোট আয় : (ক+খ)	১০৬৩.৯৫	১১৯৯.৯২	১৪৪৯.৭৩	১৭৭২.৫৬
ব্যয় :				
ক) মোট সুদ ব্যয় :				
আমানতের বিপরীতে	৪৪৭.০০	৫৪১.৮১	৭০৩.১৬	৯১৯.৫২
কর্জের বিপরীতে	৩.৬২	৩.৮৮	৩.৬৪	৩.২৬
মোট	৪৫০.৬২	৫৪৫.৬৯	৭০৬.৮০	৯২২.৭৮
পরিচালনগত মুনাফা (মোট আয় - মোট সুদ ব্যয়)	৬১৩.৩৪	৬৫৪.২৩	৭৪২.৯৩	৮৪৯.৭৮
খ) কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি ও অন্যান্য তহবিলের বিপরীতে	২৮৬.৫৬	৩৪০.৫৩	৪৩৫.৮৬	৫২৩.৪৮
বিবিধ ব্যয় :	৮০.৫৯	৯৬.৮১	১২৭.০৬	১৫৬.৯৫
মোট	৩৬৭.১৫	৪৩৭.৩৪	৫৬২.৯২	৬৮০.৪৩
২.মোট ব্যয় : (ক+খ)	৮১৭.৭৭	৯৮৩.০৩	১২৬৯.৭২	১৬০৩.২১
মোট লাভ : (১-২)	২৪৬.১৮	২১৬.৮৯	১৮০.০১	১৬৯.৩৬
বাদ রক্ষিত সংস্থান (বিশেষ)	২৩৩.৬৮	৮৬.৪২	১৪২.৮৬	৯৫.২৫
বাদ কন্টিনজেন্সী ফান্ডে প্রদান	১.৮১	--	--	--
নীট লাভ :	১০.৬৯	১৩০.৪৭	৩৭.১৫	৭৪.১১

উল্লেখযোগ্য পর্যবেক্ষণ:

- গ্রামীণ ব্যাংকের পরিচালনাগত মুনাফা ২০০৭, ২০০৮, ২০০৯ এবং ২০১০ সনে ছিল যথাক্রমে ৬১৩.৩৪ কোটি টাকা, ৬৫৪.২৩ কোটি টাকা, ৭৪৩.৯৩ কোটি টাকা এবং ৮৪৯.৭৮ কোটি টাকা ; কিন্তু ব্যাংকের পরিচালনাগত ব্যয় অধিক হওয়ায় উক্ত ৪ বছরের নিট মুনাফা ছিল যথাক্রমে ১০.৬৯ কোটি টাকা, ১৩০.৪৭ কোটি টাকা, ৩৭.১৫ কোটি টাকা এবং ৭৪.১১ কোটি টাকা ।
- ২০০৭ হতে ২০১০ সাল পর্যন্ত ব্যাংকটির মোট লাভ (সংস্থানপূর্ব) ক্রমান্বয়ে হ্রাস পেয়েছে ।
- ব্যাংকের আয় হিসাব বিশ্লেষণকালে দেখা যায় যে, ২০০৭, ২০০৮, ২০০৯ ও ২০১০ সালে ঋণ ও অগ্রিমের বিপরীতে অর্জিত সুদের পরিমাণ ছিল যথাক্রমে ৬৭৭.১০ কোটি বা মোট আয়ের ৬৪%, ৭৮০.৯৫ কোটি বা মোট আয়ের ৬৫%, ৯৭৮.১১ কোটি বা মোট আয়ের ৬৭% ও ১২৪৩.৫৭ কোটি টাকা বা মোট আয়ের ৭০% ।
- ঋণ ও অগ্রিমের বিপরীতে রক্ষিত সংস্থানের ফলে বৎসরওয়ারী নিট লাভে বেশ তারতম্য হয়েছে । ২০০৭ ও ২০০৯ সালে রক্ষিত সংস্থানের পরিমাণ বেশী হওয়ায় নিট লাভের পরিমাণ অনেক হ্রাস পেয়েছে ।
- ৩১ ডিসেম্বর, ২০১০ তারিখে সমাপ্ত বছরে মোট সম্পদের তুলনায় নিট আয়ের হার ০.৫৯% ।

৩.০০. ঋণ ও অগ্রিম কার্যক্রম

৩.০১. ২০০৭-২০১০ সালে গ্রামীণ ব্যাংকের ঋণ ও অগ্রিমের বিভাজন

(কোটি টাকায়)

বিবরণ	সাল			
	৩১/১২/২০০৭	৩১/১২/২০০৮	৩১/১২/২০০৯	৩১/১২/২০১০
ক) ঋণ ও অগ্রিম (কর্মচারী ঋণ ব্যতীত)				
সহজ ঋণ	৩২৭৮.৭৭	৪১০৮.১৮	৫১০৬.৭৮	৬০৫৭.৪০
চুক্তি ঋণ	২৩৭.৯৯	১৮৫.০৪	১৭১.৯২	৩৪৪.৯৩
কেন্দ্র ঘর নির্মাণ ঋণ	১০.৯২	১৩.৩৪	১৫.২৯	১৪.৯২
গৃহ ঋণ (সদস্য)	২০.২১	২২.২০	১৯.৭৬	১২.৫০
এসভিসিএফ	২.৯৭	২.৭৯	২.৭৯	২.৭৯
শিক্ষা ঋণ	৬০.৯১	৯৭.১৪	১৪৫.১৫	১৯৭.০২
অন্যান্য ঋণ	২১.৯৬	১২.৫২	৯.৪৫	৮.১৮
উপমোট :	৩৬৩৩.৭৩	৪৪৪১.২১	৫৪৭১.৭৭	৬৬৩৭.৭৪
খ) কর্মচারী ঋণ ও অগ্রিম :				
গৃহ ঋণ	১৬.১৪	২২.০০	৩১.৩৫	৩৮.১৮
গৃহস্থালী সামগ্রী ঋণ	৪৪.৮৪	৪৬.৩৭	৪৮.১৫	৫১.৬৯
বাইসাইকেল অগ্রিম	১.৫৬	১.২৮	১.০৬	০.৮৮
মোটর সাইকেল অগ্রিম	১.০৮	১.০৬	১.০৭	০.৯৮
ক্যালকুলেটর অগ্রিম	০.১০	০.০৬	০.০৩	০.০৪
চিকিৎসা ঋণ	০.৬১	০.৮৬	০.৯৯	০.৯০
কর্মী কল্যাণ ঋণ	০.১৪	০.১৭	০.৩২	০.৩০
লাইফ জ্যাকেট অগ্রিম	০.০১	০.০১	০.০১	--
পি এফ অগ্রিম	৫৬.৪৪	৬৫.৬৮	৮১.৪৫	১১৩.৮৬
উপমোট :	১২০.৯২	১৩৭.৪৯	১৬৪.১৩	২০৬.৮৫
মোট ঋণ ও অগ্রিম (ক+খ) :	৩৭৫৪.৬৫	৪৫৭৮.৭০	৫৬৩৫.৯০	৬৮৪৪.৫৯
মোট আদায়যোগ্য সুদ	৪৩৩.৩৭	৫৩২.৭৩	৫৭৭.০৬	৫৭৪.৫৮
বাদ সংস্থান(জেনারেল)	১০২.৪৩	১৬০.৮৪	২০৪.৬২	১৯৮.৯৮
বাদ ঋণের বিপরীতে সংস্থান(স্পেফিক)	৩৬৪.০৬	৩৮৯.৫৪	৩৬৪.৫৫	৩৪০.৯০
নিট ঋণ ও অগ্রিম	৩৭২১.৫৩	৪৫৬১.০৫	৫৬৪৩.৭৯	৬৮৭৯.২৯

সদস্যদের মধ্যে বিতরণকৃত ঋণের মধ্যে সহজ ঋণ গড়ে ৯১% এবং অন্যান্য ঋণ ৯%। এর মধ্যে চুক্তি ঋণ ছিল গড়ে ৪.৭৭%। যদি কোন ঋণ একবার মেয়াদোত্তীর্ণ হয় তবে তা চুক্তি ঋণের আওতায় নিয়মিত করা হয়। ২০০৭-২০১০ পর্যন্ত ঋণ ও অগ্রিম এর উপর আদায়যোগ্য সুদের হার ছিল যথাক্রমে ১২%, ১২%, ১০% ও ৮%। ব্যাংক কর্তৃক প্রদত্ত তথ্য মোতাবেক এসভিসিএফ সাবহেডে বর্ণিত খাতটি মূলত কোন ঋণ স্থিতি নয়। এটি গ্রামীণ ফান্ডের সাথে গ্রামীণ ব্যাংকের একটি চলতি হিসাব স্থিতি। ২০০৬ সালের পর এ খাতের কোন ঋণ স্থিতি নেই। ২০০৫ সালে বার্ষিক রিপোর্টে এই খাতে স্থিতি (ঋণ ও চলতি হিসাব) ছিল ১১.০৫ কোটি টাকা। এর মধ্যে মৎস্য খামার প্রকল্প ঋণের স্থিতি ছিল ৬.৭৭ কোটি টাকা এবং চলতি হিসাব স্থিতি ছিল ৪.২৮ কোটি টাকা। ২০০৬ সালে মৎস্য খামার প্রকল্প ঋণের ৬.৬৪ কোটি সমন্বয় করা হয়। সমন্বয় হওয়া সংক্রান্ত কোন তথ্য ব্যাংক সরবরাহ করতে পারেনি।

৩.০২. ঋণের প্রকৃতি, সিলিং ও আরোপিত সুদের হার

#	ঋণের প্রকৃতি	ঋণের সংজ্ঞা	সর্বোচ্চ সীমা	বার্ষিক সুদের হার
১	সহজ ঋণ	সদস্যদের ব্যবসা বা ব্যবসা সংশ্লিষ্ট প্রয়োজনে যে ঋণ প্রদান করা হয়ে থাকে তাই সহজ ঋণ। সহজ ঋণ তিন মাস থেকে শুরু করে তিন বা ততোধিক বছর মেয়াদী হতে পারে।	সামর্থ্য অনুযায়ী	২০%
২	চুক্তি ঋণ	সহজ ঋণ মেয়াদোত্তীর্ণ হওয়া মাত্র সদস্যের সাথে বাস্তব পরিস্থিতি বিবেচনা করে যে নতুন পরিশোধ সূচি ও মেয়াদ স্থির করা হয় তাকে চুক্তি ঋণ বলে।	--	২০%
৩	গৃহ নির্মাণ ঋণ	সদস্যদের বসবাসযোগ্য ঘর নির্মাণ করার লক্ষ্যে এ ঋণ দেয়া হয়।	৳২৫,০০০/-	৮%-২০%
৪	উচ্চ শিক্ষা ঋণ	গ্রামীণ ব্যাংকের সদস্যদের সন্তানদের উচ্চশিক্ষার জন্য যে ঋণ প্রদান করা হয়, তাই উচ্চশিক্ষা ঋণ	৳১,৪০,০০০/-	শিক্ষাগ্রহণকাল সার্ভিস চার্জ মুক্ত। শিক্ষা গ্রহণ সমাপ্ত হওয়ার পরবর্তী মাস হতে সার্ভিস চার্জ ৫%।
৫	সংগ্রামী(ভিক্ষুক) সদস্য ঋণ	ভিক্ষুকদের জীবিকা অর্জনের পথ সহজ করা এবং স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে তাদের মর্যাদাপূর্ণ জীবন যাপনে সক্ষম করার জন্য যে ঋণ কর্মসূচী গ্রহণ করা হয়েছে তাই সংগ্রামী(ভিক্ষুক) সদস্য ঋণ	৳৫,০০০/-	০%
৬	কেন্দ্র ঘর নির্মাণ	গ্রামীণ ব্যাংকের সদস্যরা যে স্থানে এসে তাদের ঋণ গ্রহণ, কিস্তি প্রদান বা ঋণের প্রয়োজনে অন্য কোন কাজ সম্পাদন করে থাকেন সেই স্থান ঘর নির্মাণ করার নিমিত্তে ব্যাংক যে ঋণ প্রদান করে থাকে তাকে কেন্দ্র ঘর নির্মাণ ঋণ বলে।	৳২৪,০০০/-	০%
৭	কর্মচারী ঋণ	ব্যাংকের নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে প্রদত্ত বিভিন্ন প্রকার অগ্রিম।		৫%

৩.০২.০১. সহজ ঋণ

নবাগত সদস্যদের ঋণসীমা সর্বোচ্চ ১০,০০০ টাকা। গ্রামীণ ব্যাংকের গ্রুপ ত্যাগকারী সদস্য পুনরায় গ্রুপে ফিরলে কিংবা অন্য প্রতিষ্ঠানের গ্রুপ ত্যাগকারী কোন সদস্য গ্রামীণ ব্যাংকের গ্রুপে যোগ দিলে তাদের ক্ষেত্রে ঋণ সীমা সর্বোচ্চ ১২,০০০ টাকা। তবে প্রথমবার ঋণসীমা যাই হোক না কেন ৪৫ সপ্তাহ পর পুনরায় ঋণ গ্রহণের সময় সংশ্লিষ্ট ঋণ গ্রহীতার ঋণসীমা হবে ১৪,০০০ টাকা। চুক্তি ঋণ হতে সহজ ঋণে আসার সময় সদস্যের যোগ্যতা ও শাখা ব্যবস্থাপকের সুপারিশ বিবেচনা করে এরিয়া ম্যানেজার ঋণসীমা নির্ধারণ করেন। ২৩-২৬

সপ্তাহ পর যে পরিমাণ অর্থ পরিশোধ করা হয়েছে সে পরিমাণ অর্থ পুনরায় ঋণ হিসেবে নেয়ার সুযোগ রয়েছে। পরবর্তী পর্যায়ে ঋণ গ্রহীতার আমানতের ভিত্তিতে কিংবা পূর্ববর্তী ঋণসীমার ভিত্তিতে নতুন ঋণসীমা নির্ধারণ করা হয়। ব্যক্তিগত সঞ্চয়ী আমানত, পল্লীফোন সঞ্চয়ী হিসাব ও পল্লীফোন বিলের বিপরীতে রক্ষিত আমানত ব্যতীত সদস্যের অন্য সকল আমানতের সমষ্টিকে এক্ষেত্রে বিবেচনায় আনা হয় এবং আমানতের ১৫০% পর্যন্ত ঋণসীমা মঞ্জুর করা হয়। আমানতের ভিত্তিতে ঋণসীমা নির্ধারণ করে ঋণ বিতরণ করা হলে উত্তোলন/ভান্ডারের মাধ্যমে বিবেচনাযোগ্য আমানতের পরিমাণ আদায়যোগ্য ঋণ স্থিতির তুলনায় হ্রাস করা যায় না। ঋণগ্রহীতা কর্তৃক নিয়মিত কিস্তি পরিশোধ করা হলে ৪৫ সপ্তাহ পর ঋণ সীমা পুনঃনির্ধারিত হয়। পূর্ববর্তী ঋণসীমার তুলনায় সংশ্লিষ্ট এরিয়া ম্যানেজার ২,৫০০/- টাকা বা যোনাল ম্যানেজার ৫,০০০/- টাকা পর্যন্ত ঋণসীমা বৃদ্ধি করতে পারেন।

ঋণের উদ্দেশ্য

‘সহজঋণ’ কোন কোন উদ্দেশ্যে সদস্যদের মাঝে বিতরণ করা হবে তা ঋণ নীতিমালায় আলোচনা করা হয়নি। এ ঋণটি অনেকটা বাণিজ্যিক ব্যাংকসমূহের “Any purpose loan” প্রকৃতির মনে হয়। শাখা পরিদর্শনকালে বেশীরভাগ সহজ ঋণগ্রহীতা যে উদ্দেশ্যে ঋণ গ্রহণ করেছেন মর্মে উল্লেখ করেছেন অধিকাংশ ক্ষেত্রেই তার সাথে ডকুমেন্টের অমিল দেখা যায়।

৩.০২.০২. বিশেষ বিনিয়োগ ঋণ

একটি সহজ ঋণ চলাকালীন বিশেষ ধরনের বিনিয়োগের জন্য আরেকটি সহজ ঋণ দেয়া হয়। এ ধরনের সহজ ঋণকে বিশেষ বিনিয়োগ প্রকল্পের সহজ ঋণ বলে। এ ক্ষেত্রে কোন ঋণসীমা নেই। ব্যবসার অভিজ্ঞতাসম্পন্ন এবং গৃহীত ঋণ ব্যবহারে সমর্থ দুই বছর মেয়াদী সদস্যগণ (পশু/পল্লী ঋণের ক্ষেত্রে ১ বছর) এ ধরনের ঋণ পাওয়ার যোগ্য হবেন। এ ধরনের ঋণ গ্রহণকারীদের ক্ষেত্রে ১৫ ডিসেম্বর, ২০১০ এর পূর্ব পর্যন্ত ঋণ বীমা থাকা বাধ্যতামূলক ছিল। পরবর্তীতে এটি ঐচ্ছিক করা হয়।

গ্রামীণ ব্যবসা বিকাশের গ্যারান্টিতে প্রদত্ত ঋণ

গ্রামীণ ব্যাংকের পেশাগতভাবে দক্ষ, অভিজ্ঞ, কর্মঠ ও সফল সদস্যদের যোগ্যতানুযায়ী ঋণ প্রাপ্তিতে সহায়তা করার জন্য এ কর্মসূচী নেয়া হয়। ডেইরী, ফিশারিজ, পোল্ট্রিসহ অন্যান্য কৃষিজ ও প্রযুক্তিগত শিল্প বিকাশে সহায়তার উদ্দেশ্যে এ ঋণ দেয়া হয়। এ ঋণ বিতরণের সুবিধার্থে গ্রামীণ ব্যাংকের একটি সহযোগী প্রতিষ্ঠান গ্রামীণ ব্যবসা বিকাশ এর সাথে চুক্তি সম্পাদন করা হয়েছিল। তবে গ্রামীণ ব্যবসা বিকাশের সাথে গ্রামীণ ব্যাংকের সম্পাদিত চুক্তিপত্রসমূহ সরবরাহ না করায় প্রতিষ্ঠানটি সম্পর্কে বিস্তারিত কিছু জানা সম্ভব হয়নি। গ্রামীণ ব্যবসা বিকাশের গ্যারান্টিতে ঋণের সুদের হার ২০%। এর মধ্যে গ্রামীণ ব্যাংকের প্রাপ্যতা ১৮%। অবশিষ্ট ২% এর মধ্যে গ্রামীণ ব্যবসা বিকাশ এর প্রাপ্যতা ১% এবং ঝুঁকি তহবিলে জমাযোগ্য ১%। গ্রামীণ ব্যবসা বিকাশের ১% সংশ্লিষ্ট শাখায় একটি সঞ্চয়ী হিসাবে জমা হয়। এ হিসাব হতে কোন নগদ টাকা নগদ উত্তোলন করা যায় না।

গ্রামীণ ব্যবসা বিকাশের দায়িত্ব :

ক) সরেজমিনে পরিদর্শনপূর্বক সদস্যের বাড়ি-ঘর, বিষয়সম্পত্তি, ব্যবসা-বাণিজ্য, আয়-ব্যয়, আমানত, লোকবল পরিবারের আয়ের বিভিন্ন উৎস ইত্যাদি সম্পর্কে নিশ্চিত হয়ে ঋণ গ্যারান্টি প্রদান।

খ) গ্রামীণ ব্যবসা বিকাশ কর্মসূচীভুক্ত সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।

গ) সদস্যদের আর্থিক উন্নয়নের কথা বিবেচনা করে নানা কল্যাণমূলক প্রকল্প গ্রহণ করবে।

ঘ) ঋণ বিতরণের পর যত শিঘ্রই সম্ভব শাখায় গিয়ে ঋণের ব্যবহার দেখা এবং ঋণের ব্যবহার সম্পর্কে নিশ্চিত হয়ে ঋণ গ্যারান্টি ফরমের মুড়ি সংগ্রহ করে যত্ন সহকারে গ্রামীণ ব্যবসা বিকাশ, প্রধান কার্যালয়ে প্রেরণ করা। পরবর্তীতে তিন মাস পর পর ঋণের ব্যবহার তদারকি করবেন।

পর্যালোচনা :

গ্রামীণ ব্যবসা বিকাশের গ্যারান্টিতে প্রদত্ত বিশেষ বিনিয়োগ ঋণ পর্যালোচনান্তে দেখা যায় যে,

- ১) সামগ্রিক কার্যক্রম গ্রামীণ ব্যাংক শাখা সম্পাদন করে থাকে। গ্রামীণ ব্যবসা বিকাশ শুধুমাত্র একটি ফরমেটে কিছু তথ্য সন্নিবেশ করে থাকে। গ্রামীণ ব্যবসা বিকাশ এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার কোন তদন্ত প্রতিবেদন নেই।
- ২) ব্যবসা বিকাশের গ্যারান্টিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিল ব্যবহার করা হয় না।
- ৩) ব্যবসা বিকাশের গ্যারান্টিপত্র কোন স্ট্যাম্প নেয়া হয় না। খুবই সাধারণ মানের একটি নীল আকারে ছোট একটি কাগজে নেয়া হয়।
- ৪) গ্রামীণ ব্যবসা বিকাশ যে গ্যারান্টি দিয়ে থাকে শুধুমাত্র এই ঋণ কর্মসূচীভুক্ত সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা প্রদান ও কল্যাণমূলক কিছু কাজ করার অঙ্গীকার মাত্র। এই ঋণের জন্য কোন আর্থিক দায়বদ্ধতা নেই। গ্রামীণ ব্যবসা বিকাশের সাথে গ্রামীণ ব্যাংকের বর্তমান চুক্তি অনুযায়ী ঋণটি মেয়াদোত্তীর্ণ বা কু-ঋণ হলে গ্রামীণ ব্যবসা বিকাশের উক্ত ঋণ পরিশোধ করার কোন দায়বদ্ধতা নেই। তবে পূর্বের চুক্তি অনুসারে পরিশোধ করার চুক্তি ছিল। তখন গ্রামীণ ব্যবসা বিকাশের গ্যারান্টিতে প্রদত্ত ঋণের উপর ঋণীকে ২০% সুদ ও ৫% সার্ভিস চার্জ প্রদান করতে হতো। এর মধ্যে গ্রামীণ ব্যবসা বিকাশকে ১% সুদ ও ৫% সার্ভিস চার্জ প্রদান করতে হতো, বর্তমানে শুধু ১% সার্ভিস চার্জ দিতে হয়।
- ৫) ২০০৮ - ২০১০ পর্যন্ত ব্যবসা বিকাশের গ্যারান্টিতে বিতরণকৃত ঋণের পরিমাণ ৫৯২.৭০ কোটি টাকা। এর মধ্যে ০.৯৮ কোটি টাকা খেলাপী ঋণ। এই সময়ে ব্যবসা বিকাশকে ১% সার্ভিস চার্জ হিসাবে প্রায় ৬ কোটি টাকা প্রদান করা হয়েছে। বিনিময়ে গ্রামীণ ব্যবসা বিকাশ ঋণ গ্রহীতাদের বিভিন্ন প্রশিক্ষণ ও কল্যাণমূলক কাজ করার কথা থাকলেও গ্রামীণ ব্যাংক, ভাওয়াল মির্জাপুর শাখা, গাজীপুর পরিদর্শনে তার পরিলক্ষিত হয়নি। সুতরাং গ্রামীণ ব্যাংক কর্তৃক গ্রামীণ ব্যবসা বিকাশকে প্রদত্ত এই মোটা অংকের অর্থ প্রদান কতটা যৌক্তিক তা বিবেচনা করা প্রয়োজন।
- ৬) গ্রামীণ ব্যবসা বিকাশ এর ওয়েব সাইটে প্রদত্ত তথ্য মোতাবেক ২০০১ সাল হতে এ পর্যন্ত প্রতিষ্ঠানটি গ্রামীণ ব্যাংকের মোট ৪০টি যোনের ১৫৭৯টি শাখার তদ্বাবধানে ৫১৮৪৬৩ সদস্যের মধ্যে ২৩৬৮ কোটি টাকার মাইক্রো এন্টারপ্রাইজ খাতে গ্যারান্টি প্রদান করেছে। ফলে, এই বিপুল পরিমাণ ঋণ বিতরণের উপর বর্তমান চুক্তি মোতাবেক ১% হারে সার্ভিস চার্জ বা পূর্বের নিয়মের ৬% সার্ভিস চার্জ (১% সুদ+৫% সার্ভিস চার্জ) বাবদ মোটা অংকের টাকা গ্রামীণ ব্যবসা বিকাশকে প্রদান করা হয়েছে। গ্রামীণ ব্যাংক বা ঋণ গ্রহীতাগণ এর বিনিময়ে কতটা সার্ভিস বা সেবা গ্রামীণ ব্যবসা বিকাশ হতে পেয়েছে সে তথ্য ব্যাংক সরবরাহ করতে ব্যর্থ হয়েছে। এখানে উল্লেখ্য যে, পরিদর্শনকালে এসকল তথ্য গ্রামীণ ব্যাংকের নিকট চাওয়া হয়েছিল কিন্তু ব্যাংকটি তথ্য সরবরাহ করতে করতে পারেনি।
- ৭) অন্যদিকে, গ্রামীণ ব্যাংকের ব্যবসা বিকাশ রিস্ক কভারেজ তহবিলে ২০০৭-২০১০ সাল পর্যন্ত স্থিতি ছিল যথাক্রমে ২৪.৯৩ কোটি টাকা, ১৮.৪৮ কোটি টাকা, ১৭.৫৫ কোটি টাকা ও ০.৪৪ কোটি টাকা। অর্থাৎ তহবিল হতে অর্থ স্থানান্তর করা হয়েছে। অন্যদিকে, 'গ্রামীণ ব্যবসা বিকাশ কর্তৃক ঋণ পরিশোধিত' নামক অন্য হেডে ২০০৭ ও ২০০৮ সালে স্থিতি ছিল যথাক্রমে ২.১০ কোটি টাকা ও ৮.১৭ কোটি টাকা। কিন্তু ২০০৯ সাল হতে এ হেডে শূণ্য স্থিতি রয়েছে। এদুটি হেডের স্টেটমেন্ট চাওয়া হলেও ব্যাংকটি তথ্য সরবরাহ করতে ব্যর্থ হয়েছে। ফলে এ দুটি হেডের টাকা হ্রাসের কারণ ও গ্রামীণ ব্যবসা বিকাশ প্রদত্ত মোট টাকার পরিমাণ উদঘাটন করা সম্ভব হয়নি। পরবর্তী পরিদর্শনের সময় বিষয়টি গুরুত্বে সাথে পর্যালোচনা করা যেতে পারে।

সুতরাং দেখা যাচ্ছে যে, গ্রামীণ ব্যবসা বিকাশ নামক প্রতিষ্ঠান হতে গ্রামীণ ব্যাংক যে গ্যারান্টি নিয়ে থাকে তা আদৌ কোন আর্থিক গ্যারান্টি নয়। 'গ্যারান্টি' শব্দটি ব্যবহার করা হয়েছে মাত্র। মূলতঃ গ্রামীণ ব্যবসা বিকাশের মনোনীত কর্মকর্তাগণ প্রধান কার্যালয় হতে শাখায় গিয়ে সরেজমিনে সম্ভাব্যতা যাচাই করেন এবং ঋণ বিতরণের পর ঋণের ব্যবহার মনিটরিং করেন। তবে ৩ মাস পরপর ঋণের ব্যবহার মনিটরিং করার কথা থাকলেও তা করা হয় কিনা তার পক্ষে কোন প্রতিবেদন নথিতে পাওয়া যায়নি।

সেতু ঋণ : আদায়যোগ্য ঋণ তুলনায় বিবেচনাযোগ্য আমানত এর ১৫০% বেশী হলে পার্থক্যের সমপরিমাণ অর্থ সেতু ঋণ হিসেবে নেয়া যায় যার পরিশোধের মেয়াদ ৩-৬ মাস (ঋণ সম্পূর্ণ ঝুঁকিমুক্ত হওয়া সত্ত্বেও এক্ষেত্রে ২০% সুদ আদায় করা হচ্ছে)।

সুদ আদায়/পরিশোধ

ঋণ নীতিমালায় ২৬ সপ্তাহ পর বকেয়া সুদ আদায় করে নেয়ার বিধান রয়েছে। এ সময় নতুন করে কিস্তি নির্ধারণও করা যাবে (ঋণের মেয়াদ সর্বোচ্চ ৬ মাস বৃদ্ধি করা যাবে)। প্রতি ত্রিমাসে (৩০ জুন ও ৩১ ডিসেম্বর), নতুন ঋণ গ্রহণের পূর্বে এবং ঋণ সম্পূর্ণ পরিশোধ করার দিন সুদ ধার্য করার বিধান রয়েছে। অথচ ঋণগ্রহীতা কর্তৃক পরিশোধকৃত সুদ ধার্যকৃত সুদের চেয়ে বেশী হলে ২৬ সপ্তাহ পর বা নতুন ঋণ নেয়ার পর তা সমন্বয় করা হচ্ছেনা মর্মে ঋণ লেজার পর্যালোচনান্তে দেখা যায় যা গ্রহণযোগ্য নয়। মোট পরিশোধিত সুদ ধার্যকৃত সুদের চেয়ে বেশী হলে নতুন করে সুদ হিসাব করতে হবেনা মর্মে ঋণ নীতিমালার অনুচ্ছেদ ১.১৪.৫ তে উল্লেখ করা হয়েছে।

৩.০২.০৩ চুক্তি ঋণ

সহজ ঋণ মেয়াদোত্তীর্ণ হলে ঋণ গ্রহীতার সাথে আলোচনার ভিত্তিতে একে চুক্তি ঋণে রূপান্তরের পদক্ষেপ নেয়া হয়। এক্ষেত্রে ঋণীর সামর্থ্যের উপর ভিত্তি করে কিস্তি সূচী নতুন করে নির্ধারণ করা হয়। এভাবে মেয়াদোত্তীর্ণ ঋণ পুনঃতফসিলীকরণের মাধ্যমে চুক্তি ঋণে রূপান্তর করা হয়। ঋণ গ্রহীতার সাথে চুক্তি সম্পাদনে ব্যর্থ হলে মেয়াদোত্তীর্ণ ঋণটি উক্ত ঋণ গ্রহীতার আমানত হিসাবসমূহ দ্বারা সমন্বয় করা হয়। চুক্তি ঋণী ২৬ সপ্তাহ বা তার বেশি সময়ে যত টাকা পরিশোধ করবেন তত টাকা পুনরায় ঋণ নিতে পারবেন। উক্ত সময়ে নিখুঁতভাবে কিস্তিতে ঋণ পরিশোধ করতে পারলে পরিশোধকৃত টাকার সর্বোচ্চ দ্বিগুণ পরিমাণ ঋণ নেয়ার বিধান রয়েছে। চুক্তি ঋণের ক্ষেত্রে অর্জিত সুদ আয় খাতে নেয়া হয়। প্রসঙ্গত উল্লেখ্য, চুক্তিঋণ/মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে সঞ্চয়ী হিসাব থেকে অর্থ উত্তোলনের ক্ষেত্রে বিধি-নিষেধ রয়েছে। চুক্তি ঋণের সমপরিমাণ ঋণ ও সুদ পরিশোধ করার পর সহজ ঋণে ফিরে আসা যায়। চুক্তি ঋণ পরিশোধের সর্বোচ্চ সময়সীমা ৩ বৎসর। চুক্তি ঋণের চুক্তিতে আবদ্ধ হলে সংশ্লিষ্ট সদস্যের ঋণকে আর মেয়াদোত্তীর্ণ বলে গণ্য করা হয় না। তবে একনাগাড়ে ১০ সপ্তাহ কিস্তি খেলাপ হলে সমুদয় বকেয়া ঋণ মেয়াদোত্তীর্ণ ঋণ হিসাবে গণ্য করা হয়।

উপরে বর্ণিত চুক্তি ঋণ পর্যালোচনান্তে দেখা যায়, ২৬ সপ্তাহ পর পর যে পরিমাণ ঋণ পরিশোধ করা হয়েছে পুনরায় সে পরিমাণ ঋণ নেয়া সম্ভব। একজন সদস্য সহজঋণ সহ বিশেষ বিনিয়োগ প্রকল্পেও ঋণ পেয়ে থাকেন। একই সাথে একাধিক ঋণ গ্রহণের কারণে একটি ঋণের অর্থ দ্বারা অপর ঋণ পরিশোধের সুযোগ তৈরী হচ্ছে যার ফলে ঋণগ্রহীতার ঋণ পরিশোধে অক্ষম হলেও তা অনেক পরে ব্যাংক শাখা চিহ্নিত করতে সক্ষম হবে। যার ফলে ঋণ সৃষ্টির ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে। এছাড়াও সহজঋণ অধিক পরিমাণ পরিশোধ হওয়ার পর পুনরায় সেই পরিমাণ ঋণ গ্রহণ এবং ঋণগ্রহীতা কর্তৃক যেকোন সময় সেতু ঋণ গ্রহণের সুযোগ থাকায় ঋণ গ্রহণ করে ঋণ পরিশোধ করার সুযোগ রয়েছে। ঋণ পরিশোধের সক্ষমতা না থাকা সত্ত্বেও শাখা ব্যবস্থাপক কর্তৃক তার শাখার পারফরমেন্স ভালো দেখানোর উদ্দেশ্যে এ ধরনের সুযোগের অপব্যবহার হতে পারে। যার ফলে মেয়াদোত্তীর্ণ ঋণ আকস্মিক বৃদ্ধি পাওয়ার ঝুঁকি রয়ে যাচ্ছে। কেন্দ্র পরিদর্শন কালে দেখা যায় কোন কোন ঋণগ্রহীতা তার সন্তান/স্বামীর আয় থেকে ঋণের কিস্তি পরিশোধ করছেন, ঋণের অর্থ ব্যবহার করে অর্জিত অর্থের দ্বারা নয়।

৩.০২.০৪. গৃহ ঋণ (সদস্য)

ক) গৃহ ঋণের খাত, সিলিং, ঋণের মেয়াদ ও ব্যাংকে সদস্য পদের মেয়াদ :

ক্রমিক নং	গৃহ ঋণের খাত	সিলিং	ঋণের মেয়াদ (বছর)	সদস্য পদের মেয়াদ
১	প্রাক-মৌলিক গৃহ ঋণের জন্য	১০০০০ পর্যন্ত	৩	৩ বছর বা তার বেশী
২	মৌলিক গৃহ ঋণের জন্য	১০০০০-১৫০০০ পর্যন্ত	৫	৪ বছর বা তার বেশী
৩	স্বল্প গৃহ ঋণের জন্য	১৫০০০-২০০০০ পর্যন্ত	৩	৪ বছর বা তার বেশী
৪	পূর্ণাঙ্গ গৃহ ঋণের জন্য	২০০০০-২৫০০০ পর্যন্ত	৫	৪ বছর বা তার বেশী

খ) সোনালী সদস্যদের (একনাগাড়ে পাঁচ বছর যাবৎ নিখুঁতভাবে ঋণ পরিশোধ করেছেন এমন সদস্য) অগ্রাধিকার দেয়া হয় ।

গ) জমির মালিকানা অবশ্যই ঋণ গ্রহীতার হতে হয় ।

ঘ) সদস্য যোগ্যতা অনুযায়ী যেকোন একটি ঋণ নিতে পারেন এবং পরিশোধের পর আরেকটি নিতে পারবেন ।

ঙ) একজন ঋণ গ্রহীতা সর্বোচ্চ ২৫০০০ টাকা পর্যন্ত ৮% সুদ হারে গৃহ ঋণ নিতে পারেন । সব মিলে ২৫০০০ টাকার অধিক হলে ২০% হারে সুদ ধার্য হয় ।

চ) ঋণী ও ঋণীর গ্রুপের নিকট হতে ঋণ পরিশোধের অংগীকার নামা নেয়া হয় ।

ছ) যে জমির উপর ঘর তৈরী করা হয় তার মালিকানা হস্তান্তরনামা ব্যাংকের অনুকূলে প্রদান করতে হয় ।

২০০৭-২০১০ পর্যন্ত গৃহায়ন খাতে বিতরণযোগ্য তহবিলের (ডাচ গ্রান্ট, ক্যাপিটাল রিজার্ভের ঘূর্ণায়মান তহবিল এবং পুনর্বাসন তহবিল) পরিমাণ ৪০০ কোটি টাকার অধিক হওয়া সত্ত্বেও এর বিপরীতে ব্যবহার ছিল অত্যন্ত নগণ্য (ডিসেম্বর ৩১, ২০১০ তারিখে স্থিতি ১২.৫০ কোটি টাকা) । সদস্যদের মাঝে বিতরণকৃত ঋণ বিতরণের হার গড়ে ২০% এর অধিক হারে বৃদ্ধি পেলেও গৃহ ঋণ (সদস্য) খাতে বিতরণকৃত ঋণ বহুলাংশে হ্রাস পেয়েছে । প্রসঙ্গত উল্লেখ্য, ব্যাংক সরকারের নির্দেশনা অনুসারে ১৯৯৬-২০০৫ সনের মুনাফা স্থানান্তরের মাধ্যমে পুনর্বাসন তহবিল গঠন করে সদস্যদের কল্যাণের লক্ষ্যে (প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত সদস্যদের পুনর্বাসন কাজে ব্যবহারের নিমিত্তে) এ তহবিলের ব্যবহার করার কথা ছিল ।

৩.০২.০৫ উচ্চ শিক্ষা ঋণ

শুধুমাত্র গ্রামীণ ব্যাংকের সদস্যদের ছেলে-মেয়েদের জন্য উচ্চ শিক্ষা ঋণ (সম্মান/স্নাতকোত্তর ও সমমানের কোর্স) বিতরণযোগ্য । পাবলিক বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় ও তালিকাভুক্ত বেসরকারী বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরতরা এ ঋণ প্রাপ্য হবে । শেষ কিস্তি গ্রহণের তারিখের ১ বছর পর হতে ঋণ গ্রহীতা এ ঋণের কিস্তি দেয়া শুরু করবেন । শিক্ষা ঋণ যতটা শিক্ষা বছরের জন্য দেয়া হয়েছিল ঠিক তত বছরে সার্ভিস চার্জসহ মাসিক কিস্তিতে পরিশোধ করতে হবে । শেষ কিস্তি গ্রহণের পরবর্তী মাস হতে মোট স্থিতির উপর ৫% হারে সার্ভিস চার্জ প্রদানযোগ্য হয় ।

উচ্চ শিক্ষা ঋণের কোর্স ভিত্তিক বাজেট বরাদ্দের পরিমাণ :

কোর্স	মোট বাজেট
এমবিবিএস(১ম-৫ম বর্ষ)	১,৪০,০০০/-
ডেন্টাল কোর্স(১ম- ৪র্থ বর্ষ)	১,০৫,০০০/-
স্নাতক ইঞ্জিনিয়ারিং(১ম- ৪র্থ বর্ষ)	১,০০,০০০/-
স্নাতক(সম্মান),বিএজি,বিবিএ(১ম- ৪র্থ বর্ষ)	১,০০,০০০/-
মাস্টার্স(এমজি, এমবিএসহ) ১ম- শেষ বর্ষ)	৫০,০০০/-

এ ঋণ প্রাপ্তির ক্ষেত্রে সদস্যের অযোগ্যতা :

- এক নাগাড়ে ১০ সপ্তাহ কেন্দ্র মিটিং এ অনুপস্থিত থাকলে;
- সদস্যের ঋণ চুক্তিযোগ্য-২ বা মেয়াদোত্তীর্ণ হলে
- বিগত এক বছর যদি নিয়মিত সঞ্চয় প্রদান না করেন ;
- সদস্য পদে বয়স ন্যূনতম এক বৎসর না হলে ।

৩.০২.০৬ সংগ্রামী (ভিক্ষুক) সদস্যদের ঋণ

সংগ্রামী সদস্যদের জন্য গ্রুপ গঠনসহ ব্যাংকের প্রচলিত নিয়মাবলী প্রযোজ্য নয়। কিস্তি প্রদানের বিষয়টি ঐচ্ছিক। ঋণী সুবিধামত বা সামর্থ্য অনুযায়ী কিস্তি দিতে পারেন। সদস্যদের ১ম বছরে সর্বোচ্চ ১,০০০ টাকা এবং পরবর্তীতে সংগ্রামী সদস্য থাকা অবস্থায় সর্বোচ্চ ৫০০০ টাকা ঋণ বিতরণ করা হয়।

৩.০২.০৭. কেন্দ্র ঘর নির্মাণ ঋণ

সুপারিসর কেন্দ্রঘর বলতে কমপক্ষে ৬০ জন সদস্য একত্রে বসে মিটিং করার উপযোগী ন্যূনতম দৈর্ঘ্য ১৮ হাত এবং প্রস্থ ৮ হাত বিশিষ্ট কেন্দ্রঘরকে বুঝায়। কেন্দ্র ঘর নির্মাণ কিংবা মেরামত করার জন্য প্রত্যেক সদস্যকে মাথাপিছু সর্বোচ্চ ৪০০ টাকা করে একটি কেন্দ্রের জন্য (৬০×৪০০)=২৪০০০ টাকা বিনা সুদে ঋণ প্রদান করা হয়ে থাকে। কেন্দ্রঘর নির্মাণ/মেরামত সংক্রান্ত অনুমোদিত ঋণ কেন্দ্রের সকল সদস্যের নামে বিতরণ করা হয়ে থাকে। প্রতি জুন ও সালতামামীতে প্রত্যেক সদস্যের সঞ্চয়ী হিসাব হতে ৮০ টাকা স্থানান্তরের মাধ্যমে এই ঋণ সমন্বয় করা হয়। দাতা কর্তৃক কেন্দ্রঘরের সংশ্লিষ্ট স্থানের মালিকানা ব্যাংকের নিকট হস্তান্তর করতে হয়।

৩.০৩. মেয়াদোত্তীর্ণ ঋণ (কর্মচারী ঋণ বাদে) :

তিন প্রকার ঋণ মেয়াদোত্তীর্ণ হওয়ার নীতি গ্রামীণ ব্যাংকের ঋণ নীতিমালায় বর্ণিত আছে। একটি ঋণ নিম্নোক্ত এক বা একাধিক কারণে মেয়াদোত্তীর্ণ হতে পারে :

#	ঋণের প্রকৃতি	
১	সহজ ঋণ	<p>১ বছর বা তার কম মেয়াদী ঋণ</p> <ul style="list-style-type: none"> ➤ মেয়াদের মধ্যে ঋণটি পরিশোধ না হলে; ➤ মেয়াদের অর্ধেক সময়ে মোট ঋণের অর্ধেক পরিশোধে ব্যর্থ হলে; <p>১ বছর বা তার বেশী মেয়াদী ঋণ</p> <ul style="list-style-type: none"> ➤ মেয়াদের ৬ মাসে বা ২৬ সপ্তাহে মোট যত টাকা পরিশোধ করার কথা তা পরিশোধ করতে ব্যর্থ হলে; ➤ কোন ঋণ নেই কিন্তু সুদের টাকা ৫ সপ্তাহ বকেয়া থাকলে; ➤ সেতু ঋণ যথাসময়ে পূর্ণ পরিশোধ না হলে; ➤ এক নাগাড়ে ১০ কিস্তি পরিশোধ না করলে।
২	চুক্তি ঋণ	<ul style="list-style-type: none"> ➤ এক নাগাড়ে ১০ কিস্তি পরিশোধ না করলে।
৩	গৃহ ঋণ	<ul style="list-style-type: none"> ➤ এক নাগাড়ে ১০ কিস্তি পরিশোধ না করলে ; ➤ মেয়াদের মধ্যে ঋণটি সুদসহ পূর্ণ পরিশোধ না করলে।

২০০৭-২০১০ সাল পর্যন্ত ব্যাংকের মেয়াদোত্তীর্ণ ঋণের বিবরণী নিম্নরূপ :-

(কোটি টাকায়)

বৎসর	মোট ঋণের পরিমাণ (আদায়যোগ্য সুদসহ)	মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ	মেয়াদোত্তীর্ণ ঋণের হার
২০০৭	৪০৬৭.১০	১০২.৩৩	২.৫২%
২০০৮	৪৯৭৩.৯৪	১২৩.৬৪	২.৪৯%
২০০৯	৬২১২.৯৬	১৪৩.৯০	২.৩২%
২০১০	৭৩১৯.১৭	৬৩.২৫	০.৮৬%

উপরোক্ত টেবিল হতে পরিলক্ষিত হয় যে, ২০০৭-২০০৯ পর্যন্ত গ্রামীণ ব্যাংকের মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ বৃদ্ধি পেলেও ২০১০ সনে বিপুল পরিমাণে হ্রাস পেয়েছে (১৮০.৬৫ কোটি), যা সাধারণ প্রবণতার বিপরীত। এখানে উল্লেখ্য যে, কোন ঋণ মেয়াদোত্তীর্ণ হলে তা অতি সত্ত্বর চুক্তি ঋণে রূপান্তর করার প্রচেষ্টা গ্রহণ করা হয় এবং মেয়াদোত্তীর্ণ ঋণ চুক্তি ঋণে রূপান্তরের ক্ষেত্রে কোন ডাউনপেমেন্ট নেয়া হয় না; শুধুমাত্র ঋণীর সম্মতি নেয়া হয়। চুক্তি ঋণ এবং মেয়াদোত্তীর্ণ ঋণের প্রতিশনের হারের মধ্যে ব্যাপক পার্থক্য (চুক্তি ঋণের ক্ষেত্রে ৫০% কম প্রতিশন রাখতে হয়) থাকায় এবং চুক্তি ঋণে রূপান্তরের পদ্ধতি সহজ হওয়ায় এ ধরনের প্রবণতা থাকা অস্বাভাবিক নয়।

৩.০৪. ঋণ ও অগ্রিম এর উপর প্রতিশনিং নীতি

গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগের মার্চ ১৫, ২০০৬ তারিখের হিসাব সার্কুলার নং-২-০৪/২০০৬ মোতাবেক ঋণ ও অগ্রিমের উপর প্রতিশনিং নীতি নিম্নরূপ :

ক্রমিক	ঋণের প্রকৃতি	ভিত্তি	প্রতিশনের হার
১	সহজ ঋণ	মেয়াদোত্তীর্ণ ঋণ ও সুদ	১০০%
		নিয়মিত সহজ ঋণ ও সুদ স্থিতি	১%
		ব্যবসা বিকাশের গ্যারান্টিতে বিতরণকৃত ঋণ	১%
২	চুক্তি ঋণ	মেয়াদোত্তীর্ণ ঋণ ও সুদ	১০০%
		অনাদায়ী ঋণ ও সুদ(২ বৎসর পর্যন্ত)	৫০%
		অনাদায়ী ঋণ ও সুদ(২ বৎসর তদূর্ধ্ব)	১০০%
৩	গৃহ ঋণ	নিয়মিত গৃহ ঋণ ও সুদ স্থিতি	১%
		মেয়াদোত্তীর্ণ ঋণ ও সুদ	১০০%
৪	উচ্চশিক্ষা ঋণ ও কেন্দ্র ঘর নির্মান	উচ্চ শিক্ষা ঋণ ও কেন্দ্র ঘর নির্মান এর ঋণ ও সুদ	০%
৫	কর্মচারী ঋণ ও অগ্রিম	কর্মচারী ঋণ ও অগ্রিমের উপর প্রতিশন পলিসি নেই	০%

এখানে উল্লেখ্য যে, মার্চ ১৫, ২০০৬ তারিখের হিসাব সার্কুলার নং-২-০৪/২০০৬ মোতাবেক ব্যবসা বিকাশের গ্যারান্টিতে বিতরণকৃত ঋণের উপর প্রতিশন সংরক্ষন করা হতো না। গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগের আগষ্ট ১৭, ২০০৬ তারিখের হিসাব সার্কুলার নং-২-১৯/২০০৬ মোতাবেক ব্যবসা বিকাশের গ্যারান্টিতে বিতরণকৃত ঋণের উপর প্রতিশন সংরক্ষন করার বিধান প্রনয়ণ করা হয়। এ সার্কুলারে প্রতিশনিং নীতিমালার আর কোন সংশোধন করা হয়নি।

ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রভিশন স্থিতি

(কোটি টাকায়)

	খাত	২০০৭	২০০৮	২০০৯	২০১০
সাধারণ সংস্থান	ঋণ ও অগ্রিম ও সুদ	১০২.৪৩	১৬০.৮৪	২০৪.৬২	১৯৮.৯৮
বিশেষ সংস্থান	ঋণ ও অগ্রিম	২৫৭.৯৭	২৫৯.৭১	২৫২.১৫	২৩৫.৮০
	ঋণের সুদ	১০৬.০৯	১২৯.৮৩	১১২.৪০	১০৫.১০
	মোট :	৩৬৪.০৬	৩৮৯.৫৪	৩৬৪.৫৫	৩৪০.৯০
	সর্বমোট :	৪৬৬.৪৯	৫৫০.৩৮	৫৬৯.১৭	৫৩৯.৮৮

বছর ওয়ারী রক্ষিত প্রভিশন

(কোটি টাকায়)

	খাত	২০০৭	২০০৮	২০০৯	২০১০
সাধারণ সংস্থান	ঋণ ও অগ্রিম এবং সুদ	-১.২৯	৮.৩৮	১০.৪৪	-৫.৬৩
বিশেষ সংস্থান	ঋণ ও অগ্রিম	১৫৭.৬০	৩১.৮৩	৮০.০৪	৫৩.১০
	ঋণের সুদ	৭৭.৩৭	৪৬.২১	৫২.৩৭	৪৭.৭৮
	সর্বমোট :	২৩৩.৬৮	৮৬.৪২	১৪২.৮৬	৯৫.২৫

উপরের টেবিল হতে দেখা যায় ২০০৭ ও ২০১০ সালে সাধারণ ঋণের পরিমাণ বৃদ্ধি পেলেও সাধারণ সংস্থান ঋণাত্মক নির্গত হয়েছে। অন্যদিকে, ২০০৯ ও ২০১০ সালে সুদসহ গৃহ ঋণ(সদস্য) স্থিতি যথাক্রমে ২৩.৯৭ কোটি টাকা এবং ১৫.০১ কোটি টাকা হলেও একই সময়ে উক্ত ঋণের সাধারণ প্রভিশন স্থিতি ছিল যথাক্রমে ১৬.৩৬ কোটি টাকা এবং ০.১৪ কোটি টাকা অর্থাৎ ১৬.২২ কোটি টাকা হ্রাস পেয়েছে। এর প্রয়োজনীয় ব্যাখ্যা খসড়া বার্ষিক প্রতিবেদনের নোটস্ এ পাওয়া যায়নি। এ বিষয়ে গ্রামীণ ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলাপকালে জানা যায় ইতোপূর্বে গৃহঋণ খাতে বিতরণকৃত ঋণের ওপর প্রধান কার্যালয় কর্তৃক ক্রমযোজিতভাবে ৫% হারে প্রভিশন রাখা হতো। পরবর্তীতে অন্যান্য ঋণের মতো গৃহ ঋণের ক্ষেত্রেও নিয়মিত ঋণের ওপর ১% এবং মেয়াদোত্তীর্ণ ঋণের ওপর ১০০% প্রভিশন সংরক্ষণের নীতি গ্রহণ করায় সাধারণ সংস্থানের পরিমাণ হ্রাস পেয়েছে।

সহজ ঋণ ও গৃহ ঋণের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ ঋণের ওপর ১০০% এবং নিয়মিত ঋণের ওপর ১% প্রভিশন, চুক্তি ঋণের ক্ষেত্রে চুক্তি স্বাক্ষরের পরবর্তী ২ বছরের মধ্যে ৫০% এবং দুই বছর পার হয়ে যাওয়ার পর ১০০% প্রভিশন রাখার নীতিমালা থাকলেও এর পরিমাণসমূহ আলাদা করে বার্ষিক প্রতিবেদনে দেখানো হয়না, যার ফলে সঠিকভাবে প্রভিশন সংরক্ষণ করা হচ্ছে কিনা তা বার্ষিক প্রতিবেদন থেকে নিশ্চিত করা সম্ভব নয়। ফলে ঋণ ও অগ্রিমের উপর প্রভিশনিং হিসাবায়নে স্বচ্ছতার অভাব পরিলক্ষিত হয়েছে।

৩.০৫. ঋণ অবলোপন নীতিমালা

গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়ের হিসাব সার্কুলার নং-২-০৩/২০০৭ তারিখ ১২/০৩/২০০৭ এর মাধ্যমে অনাদায়ী ঋণ ও সুদ চুক্তিযোগ্য টাকা-২(কু-ঋণ) হিসেবে অবলোপন সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করা হয় যার উল্লেখযোগ্য অংশ নিম্নরূপঃ

- ১) সকল প্রকার গৃহ ঋণ মেয়াদোত্তীর্ণ হবার ১ বছর পর চুক্তিযোগ্য টাকা-২ (কু-ঋণ) হিসেবে অবলোপন করা হয় (মূল ঋণ ও সুদ উভয়ই)। সহজ ঋণ মেয়াদোত্তীর্ণ হলে যদি চুক্তি করা সম্ভব না হয় তবে মেয়াদোত্তীর্ণ হবার ১ বছর পর অবলোপন করা হয়।
- ২) চুক্তি ঋণ : চুক্তি ঋণীর ১ম চুক্তির ৩ বৎসর পর ঋণের স্থিতি বৃদ্ধি পেলে ১ম চুক্তির সমপরিমাণ টাকা অবলোপন এবং স্থিতি সমান বা কম থাকলে পুরো টাকাই অবলোপন করা হয়।
- ৩) ঋণীর একাধিক ঋণ থাকলেও যে কোন একটি ঋণকে পৃথকভাবে চুক্তিযোগ্য টাকা-২(কু-ঋণ) হিসেবে অবলোপন করা হয়। বেশী অনাদায়ী থাকলে শাখা ব্যবস্থাপকের সুপারিশের ভিত্তিতে ঋণ ও এর সুদ অবলোপন করা হয়।

অবলোপনকৃত ঋণ আদায় পরিস্থিতি

পূর্বের নীতিমালা অনুসারে কু-ঋণ আদায় হলে এর ৫০% আয় হিসাবে এবং বাকি ৫০% সাধারণ সঞ্চিতি হিসাবে নেয়া হতো। তবে এ নীতি পরিবর্তন করা হয়েছে মর্মে পরিদর্শন দলকে জানানো হয়েছে। বর্তমান নিয়ম অনুসারে ১০০% আদায় আয় হিসাবে নেয়া হয়।

২০০৮-২০১০ সাল পর্যন্ত কু-ঋণ এর স্থিতি ও আদায় পরিস্থিতি নিম্নে প্রদর্শিত হলো :

(কোটি টাকায়)

বছর	অবলোপনকৃত ঋণের প্রারম্ভিক স্থিতি	সংশ্লিষ্ট বৎসরে অবলোপনকৃত ঋণ	অবলোপনকৃত ঋণের বিপরীতে আদায়	অবলোপনকৃত ঋণের বিপরীতে আদায়ের হার	অবলোপনকৃত ঋণের সমাপনী স্থিতি
২০০৮	৬৫৩.০০	৫০.১৭	১০০.৬৫	১৫%	৬০২.৫২
২০০৯	৬০২.৫২	১৫২.৮১	৬৭.১৫	১১%	৬৮৮.১৯
২০১০	৬৮৮.১৯	৬২.৯৭	২৪.০০	৩%	৭২৭.১৬

২০০৮-২০১০ সাল পর্যন্ত কু-ঋণ অবলোপন পর্যালোচনা করলে দেখা যায় যে, অবলোপনকৃত ঋণের আদায় সন্তোষজনক নয়। গত তিন বছরে অবলোপনকৃত ঋণ মোট প্রারম্ভিক স্থিতির যথাক্রমে ১৫%, ১১% ও ৩%। অর্থাৎ আদায়ের হার ক্রমাগত হ্রাস পেয়েছে।

৩.০৬. ১(এক) লক্ষ টাকা বা তদুর্ধ্ব স্থিতি সম্বলিত ঋণের বিবরণ

৩১/১২/২০১০ তারিখে ব্যাংকের ১.০০ লক্ষ টাকা বা তদুর্ধ্ব স্থিতি সম্বলিত ঋণ হিসাব ছিল ৫৮৩৫৭টি এবং বকেয়া স্থিতি ছিল ৮১১.৩২ কোটি টাকা। এর মধ্যে ১০.০০ লক্ষ তদুর্ধ্ব টাকার ঋণের সংখ্যা ২৯টি এবং স্থিতির পরিমাণ প্রায় ৪ (চার) কোটি টাকা (সংযোজনী-“ঝ”)। সময় সীমাবদ্ধতার কারণে বৃহদাংক ঋণ পর্যালোচনা করা সম্ভব হয়নি।

৪.০০. আমানত গ্রহণ কার্যক্রম**৪.০১. গ্রামীণ ব্যাংকের উদ্দেশ্যের সাথে অসামঞ্জস্য**

গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্স ১৯৮৩ অনুযায়ী ভূমিহীনদের ঋণ সুবিধা এবং অন্যান্য সেবা প্রদানই গ্রামীণ ব্যাংকের মূল লক্ষ্য। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে বিগত ৩ বছরে মোট আমানতের মধ্যে অসদস্য ব্যক্তি ও প্রতিষ্ঠানের অংশ (যারা ভূমিহীন নাও হতে পারেন) আমানত দ্রুত হারে বৃদ্ধি পাচ্ছে এবং ৩১/১২/২০১০ তারিখে তা মোট আমানতের প্রায় শতকরা ৫০ ভাগে উন্নীত হয়েছে। এর ফলে নিম্নরূপ সমস্যা সৃষ্টির আশংকা থাকছে :

- গ্রামে-গঞ্জে ছড়িয়ে থাকা বিপুল সংখ্যক সদস্য ও অসদস্য আমানতকারীদের নিরাপত্তা বিঘ্নিত হওয়া;
- গ্রামীণ ব্যাংকের বিভিন্ন ধরনের আমানত গ্রহণ (চলতি আমানত, সঞ্চয়ী আমানত, বিভিন্ন মেয়াদি স্থায়ী আমানত, ৭ বছরে দ্বিগুণ মেয়াদী আমানত, মাসিক মুনাফা প্রকল্প ইত্যাদি) এবং এর ওপর লেনদেন অনেকটা বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রমের মত হওয়া সত্ত্বেও তা বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন বিধিমালা ও সার্কুলারের আওতা বহির্ভূত থাকায় আমানতকারীর স্বার্থহানির সম্ভাবনা থাকা এবং
- গ্রামীণ ব্যাংকের বিভিন্ন ধরনের আমানত গ্রহণ এবং হিসাব খোলার প্রক্রিয়ায় বাণিজ্যিক ব্যাংকসমূহের মতো মানি লন্ডারিং প্রতিরোধ আইন ২০০৯ প্রযোজ্য না হওয়ায় মানি লন্ডারিং প্রতিরোধের বিষয়টি উপেক্ষিত থাকা।

8.0২. আমানতের প্রকৃতিভিত্তিক বিভাজন

২০১০ সালে ব্যাংকটির আমানত ২০০৯ সালের আমানত স্থিতি ৮,৩৩৪.০৭ কোটি টাকা হতে ২৬% বৃদ্ধি পেয়ে ১০,৫০২.৩০ কোটি টাকায় দাঁড়িয়েছে। আমানতের প্রকৃতিভিত্তিক বিভাজন নিম্নরূপ :-

(কোটি টাকায়)

ক্রঃ নং	হিসাবের খাত	৩১/১২/২০০৭	৩১/১২/২০০৮	৩১/১২/২০০৯	৩১/১২/২০১০
১	চলতি হিসাব	৫.১৫	৪.৮৩	৪.৪২	৪.৫৮
২	এসটিডি	০.০১	--	--	--
৩	স্থায়ী আমানত	৬৬.১৫	৬২.৯৮	৬৯.৭০	৭৭.১৯
৪	সঞ্চয়ী হিসাব	১৪৯৪.৮০	১৫৫৮.১৪	২৩০৪.৩৫	৩০৭২.৯৩
৫	কর্মকর্তা/কর্মচারী ঋণ বীমা তহবিল	--	--	৬.৫৯	--
৬	শেয়ার সঞ্চয়	১২.৫৯	১১.৯১	--	--
৭	গ্রামীণ পেনশন স্কীম	১৭৭৭.০৬	২২৯৯.৯৩	৩০৫৯.৪৩	৩৮৪০.০৭
৮	বিশেষ সঞ্চয়ী হিসাব	--	--	--	--
৯	৭ বছরে দ্বিগুণ মেয়াদী আমানত	১১২৩.৩৬	১৪৫৭.০৬	১৯৭৩.৯৪	২৪১৮.৮৪
১০	মাসিক মুনাফা প্রকল্প	২২৪.৩০	২৬৯.৬৯	৩২৯.৩৮	৩৭১.৭৩
১১	পল্লীফোন সঞ্চয়	৫৫.৮৬	০.০৯	০.০৩	.০৩
১২	উচ্চ শিক্ষা বীমা তহবিল	--	--	১.২৯	৪.১৩
১৩	প্রযুক্তি প্রকল্প আমানত	০.০১	০.০১	০.০১	--
১৪	কেন্দ্রীয় আপদকালীন তহবিল	১১.৫৭	১০.৯৪	১০.০৮	৯.৮৮
১৫	বনায়ন তহবিল	০.৬১	০.৮৩	১.১০	১.২২
১৬	নতুন উদ্যোক্তা বীমা তহবিল	--	--	০.০৪	০.১২
১৭	কেন্দ্র কল্যাণ তহবিল	৫৩.৮৯	৫৫.৭০	৫৯.৬২	৬৪.৫৪
১৮	ঋণবীমা সঞ্চয় তহবিল	৩৮২.৪৩	৪২৮.১৪	৫১৪.০৯	৬২৮.৭৩
১৯	দুর্যোগ কালীন ফান্ড (Disaster Fund)	--	--	--	--
মোট :		৫২০৭.৭৯	৬৪৬০.২৫	৮৩৩৪.০৭	১০৫০২.৩০
বৃদ্ধির হার			২৪%	২৯%	২৬%

- ৩১/১২/২০১০ তারিখে আমানতের প্রধান খাত গ্রামীণ পেনশন স্কীম(জিপিএস) এর স্থিতি ছিল ৩৮৪০.০৭ কোটি টাকা যা মোট আমানতের ৩৬.৪৬%।
- গ্রামীণ পেনশন স্কীমে সদস্যদের অবদান মোট সদস্য আমানতের ৬৬%। এখানে উল্লেখ্য, গ্রামীণ ব্যাংকের সদস্যদের ঋণসীমা নির্ধারণে জিপিএস এ রক্ষিত জমা প্রধান ভূমিকা পালন করে। গ্রামীণ ব্যাংক কর্তৃক প্রকাশিত ঋণ নীতিমালা অনুসারে ৮০০০ ও তদূর্ধ্ব অংকের ঋণ গ্রহণ করলে জিপিএস-এ টাকা রাখা বাধ্যতামূলক ছিল। ১৫ ডিসেম্বর, ২০১০ তারিখ হতে জিপিএস ও ঋণ বীমা হিসাব ঐচ্ছিক করা হয়েছে।
- অন্যদিকে, ঋণ বীমা সঞ্চয়ও একটি ফোর্সড সেভিংস বলে প্রতীয়মান হয়েছে। এক্ষেত্রেও ঋণীর সঞ্চয়ী হিসাব ডেবিট করে তা ঋণ বীমা সঞ্চয় হিসাবে ক্রেডিট করা হয়েছে। ঋণ বীমা তহবিলের উপর প্রদত্ত সুদ ঋণীর প্রাপ্য নয়। এই সুদ দ্বারা ঋণ বীমা তহবিল নামক একটি তহবিল গঠন করা হয়েছে।
- ৩১/১২/২০১০ তারিখে আমানতের পরিমাণ বিবেচনায় দ্বিতীয় অবস্থানে ছিল সঞ্চয়ী হিসাব খাতের আমানত যার পরিমাণ ছিল ৩,০৭২.৯৩ কোটি টাকা যা মোট আমানতের ২৯.১৭%। এর মধ্যে সদস্য ও অসদস্যদের অনুপাতের হার ২৬% : ৭৪%।

- অসদস্যদের সঞ্চয়ী হিসাবে অনেক বড় অংকের লেনদেন হয়ে থাকে। এই লেনদেনের মধ্যে মানি লন্ডারিং সংঘটিত হয়ে থাকতে পারে। কেননা ব্যাংকের মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক কোন পদক্ষেপ (লেনদেন প্রোফাইল, কেওয়াইসি, এসটিআর, সিটিআর ইত্যাদি) নেই।
- ৩১/১২/২০১০ তারিখে ৭ বছরে দ্বিগুণ মেয়াদী আমানতের পরিমাণ ছিল ২৪১৮.৮৪ কোটি টাকা যা মোট আমানতের ২২.৯৬%। এর মধ্যে সদস্য ও অসদস্যদের অনুপাতের হার ১৫% : ৮৫%। অর্থাৎ অসদস্যরাই মূলত এ ধরনের আমানত রাখছেন। অন্যদিকে, গ্রামীণ ব্যাংকে বাণিজ্যিক ব্যাংকের তুলনায় যেহেতু সুদের হার বেশী ও কোন সার্ভিস চার্জ, শুল্ক কর্তন করা হয় না সুতরাং সচ্ছল ব্যক্তিগণ এখানে টাকা বিনিয়োগ করছেন। গ্রামীণ ব্যাংকের আয় করমুক্ত; গ্রাহকরা আয়কর/শুল্কমুক্ত নয়। ফলে গ্রামীণ ব্যাংক কর্তৃক এ সুযোগ নেয়া অবৈধ তথা ব্যাংকিং খাতের জন্য বৈষম্যমূলক।
- তিন প্রকার আমানত(জিপিএস,সঞ্চয়ী ও ৭ বছরে দ্বিগুণ মেয়াদী) ব্যাংকের মোট আমানতের ৮৮.৫৯%। নিম্নে গত ৪ বৎসরের সদস্য ও অসদস্যদের আমানতের তুলনামূলক চিত্র প্রদান করা হলো :

(কোটি টাকায়)

#	বিবরণ	৩১/১২/২০০৭	৩১/১২/২০০৮	বৃদ্ধির হার	৩১/১২/২০০৯	বৃদ্ধির হার	৩১/১২/২০১০	বৃদ্ধির হার
১	সদস্য আমানত	২৯৬০.৪৬	৩৫১২.০৯	১৭%	৪৫০২.৮৫	২৮%	৫৬৬৪.৪০	২৬%
২	মোট আমানতের তুলনায় সদস্যদের আমানতের হার	৫৭%	৫৪%		৫৪%		৫৪%	
৩	অসদস্য আমানত	২২৪৭.৩৪	২৯৪৮.১৬	৩১%	৩৮৩০.২২	৩০%	৪৮৩৭.৯০	২৬%
	মোট আমানতের তুলনায় অসদস্যদের আমানতের হার	৪৩%	৪৬%		৪৬%		৪৬%	
	মোট(১+৩):	৫২০৭.৮০	৬৪৬০.২৫		৮৩৩৩.০৭		১০৫০২.৩০	

- সদস্য আমানতের প্রায় ৮৬% আমানত, ঋণীর বকেয়া/ মেয়াদোত্তীর্ণ ঋণের জামানত হিসাবে ব্যবহৃত হয় যা বিবেচনাযোগ্য আমানত নামে পরিগণিত। কোন সদস্য ব্যাংক ত্যাগ করলে এবং তার বকেয়া ঋণ থাকলে বিবেচনাযোগ্য আমানত হতে সমন্বয় করা হয়। বিবেচনাযোগ্য জামানতে রক্ষিত ঋণ স্থিতির অতিরিক্ত অংশই কেবল উত্তোলন করা যায়।

৪.০৩. আমানতের আকার ভিত্তিক বিভাজন (৩১/১২/২০১০ স্থিতি ভিত্তিক)

(কোটি টাকায়)

আমানতের আকার	সদস্য		অসদস্য		সর্বমোট	
	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ
১-৫০০০ টাকা	৬০২৪০৪০	২১৬৭.৩৮	৫২৩১৮১	৬১.০১	৬৫৪৭২২১	২২২৮.৩৯
৫০০১-১০০০০ টাকা	৯০৪৬৭১	৮০৩.৪১	৫৩৬০৮	৫৫.৭১	৯৫৮২৭৯	৮৫৯.১১
১০০০১-৫০০০০ টাকা	৭৪৮৬৪৫	১৮৪৬.১৬	১০৮৩৮৯	৫৯০.০৩	৮৫৭০৩৪	২৪৩৬.১৯
৫০০০১-১০০০০ টাকা	৬২৪৭৪	৫১৮.৩১	৩৯৩৭২	৬৭৯.৪৬	১০১৮৪৬	১১৯৭.৭৮
১০০০০১ ও তদুর্ধ্ব	৭৩১৭	২৫০.৪৭	৫৮১৯৬	৩৪৩৯.৭১	৬৫৫১৩	৩৬৯০.১৮
সর্বমোট :	৭৭৪৭১৪৭	৫৫৮৫.৭২	৭৮২৭৪৬	৪৮২৫.৯২	৮৫২৯৮৯৩	১০৪১১.৬৪

- ব্যাংক কর্তৃক প্রদত্ত তথ্য মোতাবেক, ২০১০ সালের আমানত হিসাব পর্যালোচনা করলে দেখা যায় যে, মোট আমানতকারীর মধ্যে সদস্যের সংখ্যা ৯১% ও অসদস্যের সংখ্যা ৯%।

- ৫০ হাজার টাকার অধিক অঙ্কের আমানতকারীর সংখ্যা ১,৬৭,৩৫৯ জন যা মোট আমানতকারীর ২%, কিন্তু তাদের মোট আমানতের পরিমাণ ৪,৮৮৭.৯৫ কোটি টাকা বা মোট আমানতের ৪৭%। এ শ্রেণীর আমানতকারীদের মধ্যে সদস্যের সংখ্যা ৬৯৭৯১ জন বা ৪২% ও অসদস্যের সংখ্যা ৯৭৫৬৮ জন বা ৫৮%।
- গ্রামীণ ব্যাংকের সদস্যদের মধ্যে ৭৩১৭ জনের ১.০০ লক্ষ টাকার অধিক অঙ্কের আমানতের পরিমাণ রয়েছে ২৫০.৪৭ কোটি টাকা বা গড়ে ৩.৪৭ লক্ষ টাকা।

এতে প্রতীয়মাণ হয় যে, শুধুমাত্র ভূমিহীন নয়, সম্পদশালীরাও গ্রামীণ ব্যাংকের সদস্য। অন্যদিকে, ৫৮,১৯৬ জন অসদস্যদের ১.০০ লক্ষ ও তদুর্ধ্ব অঙ্কের আমানতের পরিমাণ ৩৪৩৯.৭১ কোটি টাকা বা গড়ে ৫৯.১১ লক্ষ টাকা। অসদস্যদের মধ্যে অনেকের কোটি টাকার বেশী আমানত রয়েছে।

৪.০৪. গ্রামীণ ব্যাংকে আমানতের উপর প্রদত্ত সুদের হার নিম্নরূপ :

ক্রমিক নং	আমানতের প্রকৃতি	সুদের হার
১	চলতি	০%
২	সঞ্চয়ী	৮.৫০%
৩	স্থায়ী আমানত	৮.৭৫% হতে ৯.৫০%
৪	সাত বছরে দ্বিগুন মেয়াদী আমানত	১০.৪০%
৫	মাসিক মুনাফা প্রকল্প	১০.০৪% হতে ১০.৬৭%
৬	গ্রামীণ পেনশন স্কীম	১০% হতে ১২%
৭	ঋণ বীমা সঞ্চয়	১২%
৮	বিশেষ সঞ্চয়ী হিসাব	৮.৫০%
৯	পল্লীফোন সঞ্চয়	৮.৫০%

আমানতের উপর প্রদত্ত সুদের হারের উপর গ্রামীণ ব্যাংক ও অন্যান্য ক্ষুদ্র ঋণদানকারী প্রতিষ্ঠানের তুলনামূলক বিশ্লেষণ

দীর্ঘ মেয়াদী আমানত ছাড়া অন্যান্য আমানতের উপর গ্রামীণ ব্যাংক কর্তৃক প্রদত্ত সুদের হার অন্য যে কোন ক্ষুদ্র ঋণ প্রদানকারী প্রতিষ্ঠানের চেয়ে বেশী (সংযোজনী-“ঘ”)। বাধ্যতামূলক সঞ্চয় ও স্বল্প মেয়াদী আমানতের উপর গ্রামীণ ব্যাংকের প্রদত্ত সুদের হার যেখানে ৮.৫% অন্যান্য ক্ষুদ্র ঋণদানকারী প্রতিষ্ঠানের সেখানে সর্বোচ্চ সুদের হার ৬.৫%(ব্র্যাক)। দীর্ঘ মেয়াদী সঞ্চয়ের উপর গ্রামীণ ব্যাংকের প্রদত্ত সুদের হার ১০%-১২% এর চেয়ে কেবল জাগরণী চক্র ফাউন্ডেশন বেশী সুদ(১২%-১৪%) প্রদান করে। মেয়াদী সঞ্চয়ের উপরও গ্রামীণ ব্যাংকের সুদের হার (৮.৭৫%-৯.৫০%) অন্যান্য ক্ষুদ্র ঋণদানকারী প্রতিষ্ঠানের চেয়ে বেশী। শুধুমাত্র গ্রামীণ ব্যাংক ও ব্র্যাক এর ক্ষেত্রে ৭ বছরে দ্বিগুন আমানত স্কীম রয়েছে।

৪.০৫. আমানত বৃদ্ধির কারণ

নিম্নবর্ণিত কারণে ব্যাংকে আমানত বৃদ্ধি পাচ্ছে বলে প্রতীয়মাণ হয় :

- ১) আমানত হিসাব খোলার জন্য বাণিজ্যিক ব্যাংকের মত আনুষ্ঠানিকতা পালন করতে হয় না;
- ২) যেকোন আমানতের উপর বাণিজ্যিক ব্যাংকের চেয়ে বেশী সুদ প্রদান করা হয় ;
- ৩) ব্যাংক কর্তৃক কোন সার্ভিস চার্জ কর্তন করা হয় না ;
- ৪) সরকারকে আবগারী শুল্ক প্রদান করতে হয় না এবং
- ৫) লেনদেনের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক মানিল্ডারিং প্রতিরোধ সংক্রান্ত নিয়মাদি অনুসরণ না করায় গ্রাহকগণকেও এ সংক্রান্ত বিধি-নিষেধের সম্মুখীন হতে হয় না।

৫.০০. ঋণ ও আমানতের উপর সুদ হিসাবায়ন প্রক্রিয়া

৫.০১. ঋণের বিপরীতে কার্যকর সুদের হার :

ঋণ গ্রহীতাগণ কিস্তি জমা দেবার পর হ্রাসকৃত আসলের স্থিতির উপর ২০% হারে সুদ গণনা করা হয়। সুদের টাকা কখনোই আসলের সাথে যোগ করা হয়না। সুতরাং শুধুমাত্র ঋণ হিসাব বিবেচনা করা হলে গ্রামীণ ব্যাংকের কার্যকর সুদের হার ২০%, তবে ঋণগ্রহণের পূর্বেই বাধ্যতামূলক ঋণবীমার (ঋণগ্রহীতা কোন কোন ক্ষেত্রে তার স্বামীর) চাঁদা পরিশোধ, বাধ্যতামূলক সঞ্চয়, কেন্দ্রঘর নির্মানের চাঁদা ইত্যাদি বিবেচনায় আনা হলে সুদের হার সর্বোচ্চ ২৭.০৫% পর্যন্ত হতে পারে। সুদের অঙ্ক কখনোই আসলের সাথে যোগ না হওয়ায় সরল হারে সুদ গণনা করা হচ্ছে বলা যায়। ঋণ পূর্ণ পরিশোধের সময় এবং জুন ও ডিসেম্বর ক্লোজিং এর সময় অনাদায়ী সুদ থাকলে তা সঞ্চয়ী হিসাব হতে কর্তন করে কিংবা নগদে আদায় করা হয়ে থাকে।

শুধুমাত্র ঋণ হিসাব বিবেচনা করে

কোন ঋণগ্রহীতা গ্রামীণ ব্যাংক হতে ৩০০০০/- টাকা ঋণ গ্রহণ করলে তাকে প্রতি সপ্তাহে ৭৫০/- টাকা করে কিস্তি দিতে হয় যার মধ্যে ৬৬০/- আসল হিসেবে কর্তন করা হয় এবং ৯০ টাকা সুদ বাবদ কর্তন করা হয়, এভাবে নিয়মিতভাবে ৪৪ কিস্তি জমা করা হলে ঋণের টাকা সুদে আসলে পরিশোধ হয়ে যায়, তবে সর্বশেষ কিস্তিতে ৭৫০/- এর পরিবর্তে ৩৩৬/- পরিশোধ করতে হয়। কিস্তি জমা দেবার পর হ্রাসকৃত আসলের স্থিতির উপর ২০% হারে সুদ গণনা করা হয়। সুদের টাকা কখনোই আসলের সাথে যোগ করা হয়না। সুতরাং সুদের অঙ্ক কখনোই আসলের সাথে যোগ না হওয়ায় সরল হারে সুদ গণনা করা হচ্ছে বলা যায়। অর্থাৎ ঘোষিত সুদের হার ও কার্যকর সুদের হার একই। ঋণ পূর্ণ পরিশোধের সময়, জুন এবং ডিসেম্বর ক্লোজিং এর সময় অনাদায়ী সুদ থাকলে তা সঞ্চয়ী হিসাব হতে কর্তন করে কিংবা নগদে আদায় করা হয়ে থাকে। নিয়মিত কিস্তি পরিশোধ করা হলে ১০ সপ্তাহ পর্যন্ত আদায়কৃত সুদ ধার্যকৃত সুদ অপেক্ষা কম হয়ে থাকে পরবর্তী সপ্তাহ সমূহে ঋণগ্রহীতা কর্তৃক পরিশোধিত সুদ ধার্যকৃত সুদ অপেক্ষা বেশী হওয়ায় ৪৪ তম সপ্তাহে সুদ সমন্বয় হওয়ার পর ৩৩৬/- টাকা পরিশোধ করলেই সমস্ত ঋণ পরিশোধিত হয়ে যায় (সংযোজনী-“৬”)।

ঋণবীমার অর্থ আদায় বিবেচনা করে :

ঋণবীমা প্রদানের পূর্বে ঋণগ্রহীতার নিকট হতে নগদে কিংবা তার সঞ্চয়ী হিসাব হতে বাধ্যতামূলক ৩% অর্থ কেটে নেয়ার কারণে ঋণগ্রহীতা প্রকৃতপক্ষে ৩০,০০০/- থেকে ৯০০/- টাকা কম পেয়ে থাকে (অর্থাৎ ২৯,১০০/- টাকা পেয়ে থাকে)। ৪৩ কিস্তি পর্যন্ত ৭৫০/- টাকা এবং ৪৪ তম কিস্তিতে ৩৩৬/- টাকা নিয়মিত প্রদান করা হলে উক্ত ৪৪ কিস্তির অর্থকে ২০% সুদের হার ধরে ডিসকাউন্ট করলে তার বর্তমান মূল্য দাঁড়ায় ২৯,৯৫৯.২৪ টাকা। অর্থাৎ গ্রামীণ ব্যাংক কর্তৃক যে কিস্তিসমূহ আদায় করা হচ্ছে বর্তমান মূল্যে তা ২৯,৯৫৯.২৪ টাকা।

ঋণগ্রহীতা যেহেতু ঋণবীমার অর্থ প্রদানের কারণে প্রকৃতপক্ষে ২৯,১০০/- টাকা পেয়েছে তাই সে (২৯৯৫৯.২৪-২৯১০০.০০)= ৮৫৯.২৪ টাকা অতিরিক্ত পরিশোধ করেছে মর্মে দেখা যায় যা ২৯,১০০/- টাকার ২.৯৫%। সুতরাং কার্যকর সুদের হার এক্ষেত্রে ২২.৯৫% এ দাঁড়ায়।

ঋণগ্রহীতা যদি তার স্বামীর জন্য ঋণবীমা সুবিধা গ্রহণ করে (অধিকাংশ ঋণগ্রহীতা মহিলা হওয়ায়) সেক্ষেত্রে তাকে অতিরিক্ত ৩% অর্থ অর্থাৎ এক্ষেত্রে ৯০০.০০ টাকা পরিশোধ করতে হয়। সুতরাং প্রকৃতপক্ষে ঋণগ্রহীতা (২৯,১০০-৯০০)= ২৮,২০০ টাকা ঋণগ্রহণ করেছে। সুতরাং এক্ষেত্রে ঋণগ্রহীতা (২৯,৯৫৯.২৪-২৮,২০০.০০)= ১৭৫৯.২৪ টাকা অতিরিক্ত পরিশোধ করেছে যা ২৮,২০০.০০ টাকার ৬.২৪%। সুতরাং এক্ষেত্রে কার্যকর সুদের হার দাঁড়ায় ২৬.২৪%।

বাধ্যতামূলক সঞ্চয় বিবেচনা

বর্ণিত ঋণগ্রহীতাকে প্রতি সপ্তাহে ২০ টাকা করে সঞ্চয়ী হিসাবে এবং ১০ টাকা করে জিপিএস হিসেবে মোট ৩০/- টাকা বাধ্যতামূলকভাবে সঞ্চয় করতে হচ্ছে। সঞ্চয়ী হিসাবে সর্বনিম্ন স্থিতির উপর ৮.৫% হারে এবং জিপিএস হিসাবে ১২% হারে সুদ প্রদান করা হয়ে থাকে। ঋণগ্রহীতার নিকট হতে প্রাপ্ত সঞ্চয় গ্রামীণ ব্যাংক কর্তৃক অপর ঋণগ্রহীতার নিকট ২০% হারে বিনিয়োগ করা হচ্ছে। ৩০/- টাকা করে ৪৪ সপ্তাহ পর্যন্ত সঞ্চয় করা হলে ২০% সুদে তার বর্তমান মূল্য দাঁড়ায় ১,২১২.২১ টাকা।

ঋণগ্রহীতা সঞ্চয়ী হিসাবের ক্ষেত্রে সর্বনিম্ন মাসিক স্থিতির উপর ৮.৫% হারে সুদ পাওয়ায় এবং ৬ মাস পর সঞ্চয়ী হিসাব থেকে স্থানান্তরিত জিপিএস হিসাবে ৫০/- টাকার উপর বছর শেষে ১২% হারে সুদ পেয়ে থাকে। উপরোক্ত অঙ্কের ভবিষ্যত মূল্য হিসাব করলে দেখা যায়

তা ১,৩৩৩.১৫ টাকা। ট্রায়াল-এর ভিত্তিতে হিসাব করলে দেখা যায় সঞ্চয়ী হিসাব থেকে ঋণগ্রহীতা প্রথম ৪৪ সপ্তাহে ২.৫% হারে সুদ পাচ্ছে।

৪৪ সপ্তাহ ৩০/- টাকা ২.৫% হারে ডিসকাউন্ট করা হলে তার বর্তমান মূল্য দাঁড়ায় ১৩০৩.২৭ টাকা। ৩০ টাকা হারে বাধ্যতামূলক সঞ্চয়ের অর্থ ২০% হারে বিনিয়োগ করা হলে তার বর্তমান মূল্য দাঁড়ায় ১,২১২.২১ টাকা। এক্ষেত্রে ঋণগ্রহীতার সুযোগ ব্যয় [Opportunity Cost] $(১,৩০৩.২৭ - ১,২১২.২১) = ৯১.৪৯$ টাকা।

৯১.৪৯ টাকা ২৮,২০০.০০ টাকার ০.৩২%। ফলে ঋণ বীমার অর্থ এবং বাধ্যতামূলক সঞ্চয় বিবেচনা করে কার্যকর সুদের হার দাঁড়ায় $২৬.২৪ + ০.৩২ = ২৬.৫৬\%$ (যদি স্বামীকেও বীমার অন্তর্ভুক্ত করা হয়)।

কেন্দ্রঘর নির্মাণ ব্যয় বহন :

নতুন কেন্দ্র ঘর নির্মাণের জন্য ঋণগ্রহীতার নিকট ষাণ্মাসিক ৮০/- টাকা করে অর্থাৎ বছরে ১৬০/- টাকা কর্তন করা হয়ে থাকে। ২০% হারে ডিসকাউন্ট করা হলে উক্ত অর্থের বর্তমান মূল্য দাঁড়ায় ১৩৮.৮৪ টাকা যা ২৮২০০/- টাকার ০.৪৯%। সুতরাং ঋণ বীমার অর্থ, বাধ্যতামূলক সঞ্চয়, কেন্দ্রঘর নির্মাণ ব্যয় বিবেচনা করে কার্যকর সুদের হার $(২৬.৫৬ + ০.৪৯) = ২৭.০৫\%$ ।

অবশ্য যদি ঋণগ্রহীতা তার স্বামীর জন্য বীমা না করে থাকেন সেক্ষেত্রে কার্যকর সুদের হার হবে $(২২.৯৫ + ০.৩২ + ০.৪৯) = ২৩.৭৬\%$ ।

সার্বিকভাবে, শুধুমাত্র ঋণ হিসাব বিবেচনা করা হলে গ্রামীণ ব্যাংকের কার্যকর সুদের হার ২০% (হ্রাসকৃত স্থিতির উপর গণনা করা হয়)। ঋণগ্রহীতার ঋণবীমা সঞ্চয় ও বাধ্যতামূলক সাপ্তাহিক সঞ্চয় বিবেচনা করা হলে ২৩.৭৬%, ঋণগ্রহীতার স্বামীর জন্যও বীমা গ্রহণ করা হলে তা ২৭.০৫% এ দাঁড়ায়।

প্রসঙ্গত উল্লেখ্য, সম্প্রতি (ডিসেম্বর, ২০১০) গ্রামীণ ব্যাংক কর্তৃক ঋণবীমা সঞ্চয়, এবং জিপিএস ঐচ্ছিক করা হয়েছে। সে ক্ষেত্রে গ্রামীণ ব্যাংকের কার্যকর সুদের হার প্রত্যক্ষভাবে ২০% হলেও পরোক্ষভাবে তা ২৩.৭৬-২৭.০৫% মর্মে ঋণগ্রহীতার নিকট অনুভূত হতে পারে। গ্রামীণ ব্যাংকের সুদের হারের (১০%, ফ্লাট) সাথে অন্যান্য মাইক্রোক্রেডিট প্রতিষ্ঠানের সুদের হারের (১২-১৫%, ফ্লাট) তুলনা সংযোজনী-“চ” তে উল্লেখ করা হলো। উক্ত তালিকা পর্যালোচনান্তে আরো দেখা যায় গ্রামীণ ব্যাংক কর্তৃক ঋণবীমা সঞ্চয় হিসেবে গৃহীত অর্থের পরিমাণ (হাজারে ৩-৬ টাকা) অন্যান্য ক্ষুদ্র ঋণ বিতরণকারী প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত অঙ্কের সাথে সামঞ্জস্যপূর্ণ।

৫.০২. আমানতের উপর সুদ হিসাবায়ন :

সঞ্চয়ী আমানত হিসাবে চক্রবৃদ্ধি হারে এবং ষাণ্মাসিক ভিত্তিতে সুদ প্রদান করার বিধান আছে। কিন্তু গ্রামীণ ব্যাংক বৎসর শেষে সঞ্চয়ী আমানত হিসাবে সুদ প্রদান করে থাকে। ফলে আমানতকারীরা প্রকৃত সুদ প্রাপ্তি হতে বঞ্চিত হচ্ছে। সঞ্চয়ী আমানত ব্যতীত গ্রামীণ ব্যাংকের অন্যান্য মেয়াদী আমানতের উপর সরল সুদ প্রদান করা হয়। উল্লেখ্য, আমানত হিসাবের সুদ কম্পিউটার সফটওয়্যার এর মাধ্যমে কষা হয়। সঞ্চয়ী আমানত হিসাবে সুদ প্রদান করার নীতিমালা নিম্নরূপ :

- সঞ্চয়ী আমানতে এর বিভিন্ন মাসের সর্বনিম্ন ব্যালেন্সগুলি যোগ করে যোগফলকে ০.০০৭০৮৩৩ অংক দ্বারা গুণ করে সুদ কষতে হয়। তবে তামামী সংক্রান্ত হিসাব নীতিমালায় বর্ণিত সুদ নীতিমালা হলোঃ সুদ =

$$\frac{\text{প্রোডাক্ট X সুদের হার}}{\text{সংশ্লিষ্ট বছরের দিন সংখ্যা X ১০০}}$$

সর্বনিম্ন স্থিতির ওপর সুদ হিসাবায়ন করায় আমানতের ওপর সুদ প্রদানের ঘোষিত নীতিমালার সাথে তা মিলে না অর্থাৎ আমানতকারীগণ প্রকৃতপক্ষে ঘোষিত সুদ হার অপেক্ষা কম সুদ পাচ্ছেন।

- মাসের ৭ তারিখের পর কোন সঞ্চয়ী হিসাব খোলা হলে সংশ্লিষ্ট মাসের জন্য সুদ প্রদান করতে হয় না। তবে হতে ৭ তারিখের মধ্যে হিসাব খোলা হলে হিসাব খোলার দিন হতে এই হিসাবের উপর সংশ্লিষ্ট মাসের জন্য সুদ প্রদান করতে হয়।

৬.০০. ক্রয় নীতিমালা ও পদ্ধতি

৬.০১. ক্রয় নীতিমালা

গ্রামীণ ব্যাংকের ক্রয় ব্যবস্থাপনা ১৯ এপ্রিল, ১৯৯২ তারিখে প্রকাশিত “গ্রামীণ ব্যাংক ক্রয়-ম্যানুয়েল” অনুযায়ী পরিচালিত হয়। প্রধান কার্যালয়ের জন্য বিভিন্ন দ্রব্য সামগ্রী ক্রয়ের জন্য উল্লেখিত ম্যানুয়েল অনুসারে নিম্নোক্ত ক্রয় পদ্ধতিসমূহ অবলম্বন করতে হয় :

১. উন্মুক্ত দরপত্র (প্রেস টেন্ডার)
২. সীমাবদ্ধ দরপত্র (লিমিটেড টেন্ডার)
৩. একক দরপত্র
৪. পুনঃ কার্যাদেশ
৫. মেয়াদী দরপত্র (রেট এন্ড রানিং কন্ট্রাক্ট)
৬. নগদ ক্রয়
৭. তাৎক্ষণিক প্রয়োজন মিটার জন্য নগদ ক্রয় এবং পোস্ট-ফেক্টো অনুমোদন।

উপরোল্লিখিত পদ্ধতিসমূহ অনুসরণ সংক্রান্ত শর্তাবলী নিম্নের সারণীতে উল্লেখ করা হলো :

ক্রমিক	পদ্ধতি	শর্তসমূহ
১	উন্মুক্ত দরপত্র (প্রেস টেন্ডার)	১. কোন একক মুদ্রিত বা প্রিন্টিং সামগ্রীর ক্ষেত্রে ২.০০ লক্ষ টাকার উর্ধ্ব এবং অন্যান্য সামগ্রীর ক্ষেত্রে এককালীন ১.০০ লক্ষ টাকার উর্ধ্ব মূল্যমানের সামগ্রী। ২. বহুল প্রচারিত জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি প্রকাশ এবং বিজ্ঞপ্তির কাটিংসমূহ ক্রয় নথিতে সংরক্ষণ।
২	সীমাবদ্ধ দরপত্র (লিমিটেড)	১. মুদ্রিত বা প্রিন্টিং সামগ্রীর ক্ষেত্রে সর্বোচ্চ ২.০০ লক্ষ টাকা এবং অন্যান্য সামগ্রীর ক্ষেত্রে সর্বোচ্চ ১.০০ লক্ষ টাকা মূল্যমানের সামগ্রী। ২. তালিকাভুক্ত সরবরাহকারী/কন্ট্রাক্টরের কাছে রেজিস্টার্ড ডাকযোগে দরপত্র শিডিউল ক্রয়ের আহ্বান করতে হবে।
৩	একক দরপত্র(প্রোপ্রাইটির আইটেম)	১. কোন নির্ধারিত সামগ্রী ক্রয়ের একটি মাত্র উৎস (সোল এজেন্ট/ডিস্ট্রিবিউটর) বা উৎপাদক থাকলে এই পদ্ধতিতে ক্রয় করা যাবে। ২. এজেন্টের দরপত্রসমূহ ভাল করে পরীক্ষা করে দেখতে হবে ও প্রস্তুতকারকের সর্বশেষ মূল্য তালিকার সাথে মিলিয়ে দেখতে হবে। ৩. বানিজ্য সংক্রান্ত ও অন্যান্য বাটার ব্যাপারে তথ্য সংগ্রহ করতে হবে।
৪	পুনঃ কার্যাদেশ	১. উন্মুক্ত বা সীমাবদ্ধ দরপত্রের মাধ্যমে ততোপূর্বে সন্তোষজনকভাবে সরবরাহ নেয়া সামগ্রী ২. পূর্ববর্তী ক্রয় আদেশটি অনূর্ধ্ব ৯০ দিনের। ৩. পুনরাদেশের পরিমাণ মূল ক্রয় আদেশের ১০০% এর বেশী হবে না। ৩. উপর্যুক্ত কর্তৃপক্ষ হতে প্রয়োজনীয় মঞ্জুরী নিতে হবে।
৫	মেয়াদী দরপত্র (রেট এন্ড রানিং কন্ট্রাক্ট)	১. যে সব সামগ্রী নিয়মিত ক্রয় করতে হয় এবং যে সব সামগ্রীর মূল্য মোটামুটি স্থির থাকে সে সব সামগ্রী ২. সীমাবদ্ধ/উন্মুক্ত দরপত্রের মাধ্যমে গ্রহণ করতে হবে। ৩. চলমান দরপত্রে সামগ্রী ক্রয়ের মেয়াদ হবে সর্বনিম্ন ০৬ মাস হতে সর্বোচ্চ ১ বছর।
৬	নগদ ক্রয়	স্পট কোটেশন নিতে হবে ও সর্বনিম্ন দরদাতার নিকট হতে ক্রয় করতে হবে।
৭	তাৎক্ষণিক প্রয়োজন মিটার জন্য নগদ ক্রয় এবং পোস্ট ফেক্টো অনুমোদন।	প্রাতিষ্ঠানিক কার্যক্রম নির্বাহী রাখার লক্ষ্যে জরুরী প্রয়োজন মিটার লক্ষ্যে সর্বোচ্চ ১০,০০০ টাকা পর্যন্ত এ খাতে খরচ করা যাবে।

৬.০২. ক্রয় কমিটি

গ্রামীণ ব্যাংকের ক্রয় কার্যক্রম নিম্নোক্ত দু'টি কমিটি কর্তৃক নিয়ন্ত্রিত হয় :

১. বাস্তবায়ন কমিটি :

ব্যবস্থাপনা পরিচালকের সভাপতিত্বে উপ-ব্যবস্থাপনা পরিচালক, এক জন মহাব্যবস্থাপক, প্রশাসন বিভাগের প্রধান বা সাধারণ পারচেজ কমিটির সভাপতি এবং কেন্দ্রীয় হিসাব বিভাগের প্রধানের সমন্বয়ে এ কমিটি গঠিত হয়। ১০.০০ লক্ষ টাকার উর্দ্ধ মূল্যমানের মালামাল সংগ্রহ/ক্রয়ের জন্য প্রাপ্ত দরপত্রের ভিত্তিতে প্রণীত তুলনামূলক বিবরণী পর্যালোচনা করে এ কমিটি কার্যাদেশ প্রদানের সিদ্ধান্ত দেন। জরুরী প্রয়োজনে ৫০,০০০/- টাকার উর্দ্ধ নগদ সামগ্রী ক্রয়ের প্রয়োজনীয়তা দেখা দিলে তা-ও এ কমিটি কর্তৃক অনুমোদনযোগ্য।

২. সাধারণ পারচেজ কমিটি

প্রশাসন বিভাগের প্রধানের সভাপতিত্বে প্রধান কার্যালয়ের সকল বিভাগ/শাখা হতে ন্যূনতম একজন করে প্রিন্সিপাল অফিসার বা তদুর্দ্ধ মর্যাদার অন্তত একজন প্রকৌশলীসহ মোট দশজন সদস্যের সমন্বয়ে এ কমিটি গঠিত হয়। সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা মূল্যমানের দ্রব্য-সামগ্রী এ ক্রয় কমিটি কর্তৃক অনুমোদনযোগ্য। জরুরী প্রয়োজনে ২০,০০০/- টাকার উর্দ্ধ নগদ সামগ্রী ক্রয়ের প্রয়োজনীয়তা দেখা দিলে তা এ কমিটি কর্তৃক অনুমোদনযোগ্য।

ব্যাংকের ক্রয় নীতিমালা পর্যালোচনা করে দেখা যায়, ক্রয় সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত ব্যাংক ব্যবস্থাপনা পর্যন্ত সীমাবদ্ধ। এ সংক্রান্ত কোন সিদ্ধান্তের জন্য পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণের আবশ্যিকতা নেই। উল্লেখ্য, ক্রয় ম্যানুয়েলটি পরিচালনা পর্ষদে অনুমোদিত হয়নি।

৬.০৩. ক্রয় ম্যানুয়েলের ব্যত্যয় :

ক্রয় ম্যানুয়েলের ব্যত্যয় ঘটিয়ে বিভিন্ন সময় বিভিন্ন পণ্য-সামগ্রী ক্রয় করা হয়েছে যার কিছু উদাহরণ নিম্নে উল্লেখ করা হলো :

৬.০৩.০১. কম্পিউটার ও অন্যান্য এক্সেসরিজ ক্রয় প্রসংগে

সাধারণ পারচেজ কমিটির বৈঠকের ০৮/০৮/২০০৬ তারিখের কার্যবিবরণীর কম্পিউটার ও অন্যান্য এক্সেসরিজ ক্রয় সংক্রান্ত নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

৩ অনুচ্ছেদ : “নতুন কম্পিউটার, ইউপিএস ও অন্যান্য সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠান হতে কোটেশন সংগ্রহ করা হলেও ক্রয় ও সার্ভিসেস প্রাপ্তির ক্ষেত্রে বেশীর ভাগ সময়ে গ্রামীণ কমিউনিকেশনস থেকে এসব সামগ্রী ক্রয় করা হয়ে থাকে। বাইরের প্রতিষ্ঠান যেহেতু সামগ্রী সরবরাহের অফার পায় না সেহেতু তারা দরপত্র দিতে আগ্রহী হয় না।”

এমতাবস্থায়, প্রযুক্তি ও উন্নয়ন শাখার ২৯/৬/০৬ তারিখের চাহিদা মোতাবেক সমন্বয় ও পরিচালনা বিভাগের জন্য কম্পিউটার ও অন্যান্য এক্সেসরিজ সরবরাহের নিমিত্তে গ্রামীণ কমিউনিকেশনস এর ১৭/৭/০৬ তারিখের একক দরপত্র অনুযায়ী মোট ১০১৫৩৪/- টাকার কার্যাদেশ প্রদানের বিষয়ে একমত পোষন করে।

৩.১.২ অনুচ্ছেদ আরও সিদ্ধান্ত গৃহীত হয় যে “গ্রামীণ কমিউনিকেশনস গ্রামীণ ব্যাংকের একটি সহযোগী প্রতিষ্ঠান, তাই কম্পিউটার সামগ্রী মেরামত/সার্ভিসিং এর ক্ষেত্রে তাদের নিকট থেকে দ্রুত সার্ভিস পাওয়ার বিষয়টি বিবেচনা করে আগস্ট ২০০৬ থেকে পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত যে কোন মডেলের কম্পিউটার, ইউপিএস, প্রিন্টার ও অন্যান্য কম্পিউটার সামগ্রী একক দরপত্রের মাধ্যমে গ্রামীণ কমিউনিকেশনস থেকে ক্রয় করার বিষয়ে কমিটি একমত পোষন করেন।”

সাধারণ পারচেজ কমিটির উপরের সিদ্ধান্ত হতে এটি প্রতীয়মান হয় যে,

- কম্পিউটার, ইউপিএস, প্রিন্টার ও অন্যান্য কম্পিউটার সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে আগস্ট ২০০৬ এর পূর্বে বিভিন্ন প্রতিষ্ঠান হতে কোটেশন সংগ্রহ করা হলেও গ্রামীণ কমিউনিকেশনস ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠান হতে কখনো উপরোক্ত সামগ্রী ক্রয় করা হয়নি। ফলে অন্যান্য প্রতিষ্ঠান নিরুৎসাহিত হয়ে কোন কোটেশন জমাদানে আগ্রহী না হওয়ায় একক দরপত্রের মাধ্যমে গ্রামীণ কমিউনিকেশনস এর নিকট হতেই উপরোল্লিখিত সামগ্রী ক্রয় করা হচ্ছে।
- বিষয়টি ক্রয় নীতিমালা পরিপন্থী এবং প্রতিযোগিতামূলক মূল্যে পণ্য ক্রয়ের পথে অন্তরায়। এ বিষয়ে ক্রয় বাস্তবায়ন কমিটি বা ব্যাংকের পর্ষদ সভার কোন অনুমোদন নেয়া হয়নি।

৬.০৩.০২. জীপ গাড়ী ক্রয়ের বিষয়ে ক্রয় নীতিমালা লঙ্ঘন

জীপ গাড়ী ক্রয়ের বিষয়ে ক্রয় নীতিমালা অনুসরণ করা হয়নি। বাস্তবায়ন কমিটির ২০/০১/০৯ তারিখের ২.০ সিদ্ধান্ত হতে দেখা যায় যে, বাস্তবায়ন কমিটির অনুমোদন না নিয়ে প্রযুক্তি ও উন্নয়ন শাখার ০২/০৩/২০০৮ তারিখের চাহিদায় কেবলমাত্র ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদন নিয়ে নিম্নোক্ত গাড়ীসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে ক্রয় করা হয়েছে :

ক্রয়কৃত গাড়ী যে প্রতিষ্ঠান হতে ক্রয় করা হয়েছে।	গাড়ীর মডেল	ক্রয়ের তারিখ	উদ্দেশ্য	মূল্য (টাকায়)
র্যাংগজ লিঃ	মিতসুবিসি পাজেরো জীপ	০২/০৩/২০০৮	কেন্দ্রীয় যানবাহন পুল	৪৫০০০০০/-
প্রগতি ইন্ডাঃ লিঃ	মিতসুবিসি পাজেরো জীপ	০১/৭/২০০৮	যোনাল অফিস,ভোলা	৩১৪০০০০/-
প্রগতি ইন্ডাঃ লিঃ	মিতসুবিসি পাজেরো জীপ	২৪/৬/২০০৮	কেন্দ্রীয় যানবাহন পুল	৩১৭৫০০০/-
মোট :				১,০৮,১৫,০০০/-

ব্যাংকের ক্রয় নীতিমালা অনুসারে কোন দ্রব্য সামগ্রীর মূল্য ১০.০০ লক্ষ টাকার উর্ধ্বে হলে তা বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদনযোগ্য। উপরোক্ত তিনটি ক্রয়ের ক্ষেত্রে বাস্তবায়ন কমিটির অনুমোদন না নিয়ে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদন নিয়ে ক্রয় করা হয়েছে। গাড়ি তিনটি ক্রয়ের পর বাস্তবায়ন কমিটির ২০/০১/২০০৯ তারিখের ১০৭তম সভার বৈঠকে অবহিত করণের জন্য উপস্থাপন করা হলে কমিটি বিষয়টি অবহিত হন।

৭.০০. বৈদেশিক ঋণ ও অনুদান

৭.০১. গ্রামীণ ব্যাংক কর্তৃক বিদেশী দাতা সংস্থার প্রদত্ত ঋণ এবং অনুদান সম্পর্কিত চুক্তির শর্তাবলীর পরিপালন পর্যালোচনাঃ

শিরোনামে বর্ণিত পরিপালন পর্যালোচনার উদ্দেশ্যে শুরুতেই গ্রামীণ ব্যাংকের ২০০৯ সনের বার্ষিক প্রতিবেদনে উল্লেখিত বর্তমানে কার্যকর ঋণ/অনুদান চুক্তিসমূহের কপি সংগ্রহ করা হয় এবং তা পর্যালোচনা করা হয়। এতদ্ব্যতীত বাংলাদেশ ব্যাংকের ১৯৯৯ সনের বিশদ পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত গ্রামীণ ব্যাংক প্রকল্পের ১ম ধাপ (১৯৮০ সনে শুরু) থেকে ৪র্থ ধাপ পর্যন্ত (ডিসেম্বর ১৯৯৭ সনে সমাপ্ত) সকল ঋণ এবং অনুদানের চুক্তিসমূহের কপি সংগ্রহ ও পর্যালোচনা করা হয়। আলোচ্য চুক্তিসমূহের শর্তের পরিপালন যাচাই করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট পত্র যোগাযোগের ফাইল চাওয়া হলে তা সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত সহকারী জেনারেল ম্যানেজার সরবরাহ করতে পারেননি; যার ফলে চুক্তিসমূহের শর্তাদি যথাযথ পরিপালন করা হয়েছে কিনা, গ্রামীণ ব্যাংক কর্তৃক দাতা সংস্থাকে যথানিয়মে তহবিলের ব্যবহার সম্পর্কে সময়ে সময়ে অবহিত করা হয়েছে কিনা, ঋণ-অনুদানের অর্থ ব্যবহার এবং রিপোর্টিং সম্পর্কে দাতা সংস্থাসমূহের অবস্থান ইত্যাদি প্রত্যক্ষভাবে জানা সম্ভব হয়নি।

ফলশ্রুতিতে নভেম্বর ৫, ১৯৯৩ থেকে ডিসেম্বর ৬, ১৯৯৩ মেয়াদে পরিচালিত গ্রামীণ ব্যাংক প্রকল্পের ৩য় ধাপ সংশ্লিষ্ট দাতাসংস্থাসমূহের পক্ষে পরিচালিত প্রজেক্ট কমপ্লিশন মিশনের ফাইনাল রিপোর্ট, NORAD এর ওয়েবসাইট হতে প্রাপ্ত ডকুমেন্ট “Review commissioned by the Norwegian Ministry of Foreign Affairs of matters relating to Grameen Bank”, এবং সে সময় প্রকাশিত গ্রামীণ ব্যাংকের বার্ষিক প্রতিবেদনের তথ্যের উপর নির্ভর করে প্রতিবেদনের নিম্নে বর্ণিত অংশটি প্রস্তুত করা হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের রুরাল ইকোনোমিকস প্রোগ্রামের আওতায় ১৯৭৬ সনে চট্টগ্রামের হাটহাজারী থানার জোবরা গ্রামে গ্রামীণ ব্যাংক প্রকল্পের যাত্রা শুরু হয়। পরবর্তীতে প্রকল্পটি বাংলাদেশ ব্যাংক কর্তৃক অধিগ্রহণ করা হয় ও রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক এবং কৃষি ব্যাংক এই প্রকল্পে অংশগ্রহণ করে। বাংলাদেশ ব্যাংকের তৎকালীন এগ্রিকালচারাল ক্রেডিট ডিপার্টমেন্টের ওপর প্রকল্পটি বাস্তবায়নের দায়িত্ব ছিল। পরবর্তীতে সেপ্টেম্বর ০৪, ১৯৮৩ তারিখে দি গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্স, ১৯৮৩ জারির মাধ্যমে গ্রাম এলাকার ভূমিহীন দরিদ্রদেরকে ঋণসহ অন্যান্য ব্যাংকিং সার্ভিস প্রদানের জন্য বাংলাদেশ সরকার কর্তৃক গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠা করা হয়।

গ্রামীণ ব্যাংককে প্রকল্প হিসেবে গণ্য করে ১৯৮৩ সাল থেকে ১৯৯৭ সন পর্যন্ত মোট চারটি ধাপে প্রকল্পের বিভিন্ন খাতে দাতা সংস্থা কর্তৃক ঋণ ও অনুদান হিসেবে অর্থ প্রদান করা হয়। অধিকাংশ ঋণ ও অনুদান চুক্তির ক্ষেত্রে লক্ষ্য করা যায় দাতা সংস্থাসমূহ প্রথমে বাংলাদেশ সরকারের সাথে মূল চুক্তি সম্পাদন করে পরবর্তীতে বাংলাদেশ সরকার গ্রামীণ ব্যাংকের মধ্যে একটি সাবসিডিয়ারী চুক্তির মাধ্যমে ঋণ ও অনুদানের অর্থ গ্রামীণ ব্যাংকের নিকট প্রকল্পে ব্যবহারের উদ্দেশ্যে বিভিন্ন ধাপে হস্তান্তর করা হয় (প্রকল্পের অগ্রগতি, বার্ষিক পরিকল্পনা, অর্থের ব্যবহার, চুক্তির শর্তাদির পরিপালন ইত্যাদি সংশ্লিষ্ট দাতা সংস্থা কর্তৃক পর্যালোচনার পর)।

কোন কোন ক্ষেত্রে লক্ষ্য করা যায় গ্রামীণ ব্যাংক বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে বিদেশী ব্যক্তির নিকট থেকে আমানত/ঋণ গ্রহণ করেছে এবং দাতা সংস্থার থেকে সরাসরি ঋণ/অনুদান গ্রহণ সম্পর্কিত চুক্তি স্বাক্ষর করেছে [যেমন, ফোর্ড ফাউন্ডেশন, CIDA]। গ্রামীণ ব্যাংকের অধ্যাদেশ পর্যালোচনান্তে এ বিষয়ে সুনির্দিষ্ট কোন বিধি-নিষেধ লক্ষ্য করা যায়না। গ্রামীণ ব্যাংক অধ্যাদেশের ধারা 19(a, b) মোতাবেক গ্রামীণ ব্যাংক আমানত ও ঋণ গ্রহণ করতে পারে (আমানত/ঋণের উৎস সম্পর্কে স্পষ্ট করা হয়নি)। আবার অধ্যাদেশের 19(u) মোতাবেক গ্রামীণ ব্যাংকের উদ্দেশ্য পূরণে সহায়ক সকল ধরনের কার্যাবলী প্রয়োজনে গ্রহণ করতে পারে [Section 19(u): generally the doing of all such acts and things as may be necessary, incidental or conducive to the attainment of the object of the Bank]। গ্রামীণ ব্যাংক অধ্যাদেশের ধারা 4(2) মোতাবেক গ্রামীণ ব্যাংককে বডি কর্পোরেট হিসেবে গণ্য করা হয়েছে। The Foreign Contributions (regulation) Ordinance, 1982 এর ধারা 4(3) মোতাবেক গ্রামীণ ব্যাংক অধ্যাদেশের মাধ্যমে প্রতিষ্ঠিত হওয়ায় বিদেশী ডোনেশন, গ্রান্ট, এসিসট্যান্স ইত্যাদি গ্রহণের বিষয়ে বিধি-নিষেধ গ্রামীণ ব্যাংকের জন্য প্রযোজ্য নয় মর্মে দেখা যায়।

গ্রামীণ ব্যাংক কর্তৃক কিছু কিছু ক্ষেত্রে বৈদেশিক দাতা সংস্থা কর্তৃক আরোপিত শর্তের লংঘন হয়েছে মর্মে চুক্তি পর্যালোচনান্তে দেখা যায় যা সংশ্লিষ্টকারে নিম্নে উল্লেখ করা হলো:

- **IFAD 239-BA** ঋণ চুক্তির ধারা 4.02 (b) মোতাবেক প্রতি প্রকল্প বছর শুরুর কমপক্ষে তিন মাস পূর্বে IFAD বরাবরে বার্ষিক কর্মপরিকল্পনা ও বাজেট এবং মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য সুচী (Program for evaluation studies) প্রেরণ করার কথা থাকলেও তা পরিপালন করা হয়নি ;
- একই ঋণচুক্তির ধারা 4.05 (a,b) মোতাবেক কোন প্রকল্প বছরে ঋণের অর্থ ব্যবহার করে যে যে ব্যয় বহন কর হয়েছে তার বিস্তারিত বিবরণ উক্ত মেয়াদ শেষ হওয়ার ৬ মাসের মধ্যে IFAD বরাবরে প্রেরণ করার কথা থাকলেও তা কখনোই প্রেরণ করা হয়নি ;
- উক্ত ঋণচুক্তির শিডিউল-4 এর প্যারা 3(d) এর শর্ত লংঘন করে প্রফেসর ইউনুসের পারিবারিক প্রতিষ্ঠান চট্টগ্রামস্থ প্যাকেজেস কর্পোরেশনকে **SIDE** এর ব্যবস্থাপনায় আনা হয় এবং উক্ত প্রতিষ্ঠানকে অর্থায়ন করা হয়।
- বর্ণিত চুক্তির শিডিউল-4 এর প্যারা 3(g) লংঘন করে দাতাদের সাথে আলোচনা ছাড়াই গ্রামীণ ব্যাংক কর্তৃক **Social Advancement Fund(SAF)** গঠন করা হয়।
- আলোচ্য চুক্তির শিডিউল-4 এর প্যারা 7(a,ii) অনুসারে ঋণ কার্যক্রমে কার্যকর সুদের হার ১৬% হওয়ার কথা থাকলেও গ্রামীণ ব্যাংক কর্তৃক এককভাবে সুদের হার ২০% এ নির্ধারণ করা হয়েছিল ;
- গ্রামীণ ব্যাংকের প্রকল্পের ৩য় ও ৪র্থ ধাপ বাস্তবায়নে KFW এর সাথে গ্রামীণ ব্যাংকের মধ্যকার অনুদান চুক্তির ফাইনালিং অংশের আর্টিকেল ৭.২(৮.২) এ “The Grameen Bank may not assign or transfer, pledge or mortgage any claims from this agreement.” উল্লেখ থাকলেও গ্রামীণ কল্যাণে উক্ত অনুদানের অর্থ স্থানান্তর করায় বর্ণিত শর্তটি সুস্পষ্টভাবে লংঘিত হয়েছে ;

- ডাচ গ্র্যান্ট লোন চুক্তির সেকশন-৩ এর শর্ত মোতাবেক ৫% সরল সুদে তাদের ঋণগ্রহীতাদের গৃহায়ন খাতে ঋণ প্রদানের শর্ত থাকলেও ১৯৯০ সন থেকে ৮% হারে গৃহঋণ প্রদান করা হচ্ছে ;

উপরোল্লিখিত বিষয়সমূহ বিভিন্ন ঋণ ও অনুদান চুক্তির আওতায় বিস্তারিতভাবে নিম্নে বর্ণনা করা হলো ।

৭.০২. গ্রামীণ ব্যাংক প্রকল্পের প্রথম ধাপ

[সংশ্লিষ্ট ঋণ চুক্তি, ১টি: 3% IFAD-41 BA]

গ্রামীণ ব্যাংক প্রকল্পের প্রথম ধাপে IFAD (INTERNATIONAL FUND FOR AGRICULTURAL DEVELOPMENT) কর্তৃক বাংলাদেশ সরকারের মাধ্যমে গ্রামীণ ব্যাংককে ঋণ প্রদান করার জন্য বাংলাদেশ ব্যাংককে এসডিআর ২.৬ মিলিয়ন প্রদান করা হয় (বাংলাদেশ সরকার সেপ্টেম্বর ২৪, ১৯৮০ সনে চুক্তি স্বাক্ষর করেছিল), ৫ বছরের গ্রেস পিরিয়ড সহ উক্ত ঋণ পরিশোধের মেয়াদ ছিল ১৫ বছর (গ্রামীণ ব্যাংকের জন্য) এবং প্রকল্পের প্রথম ধাপ ১৯৮৪ সনের শেষে সমাপ্ত হওয়ার কথা ছিল । টাকার অঙ্কে উক্ত ঋণের পরিমাণ ছিল ২৮.৯৯ কোটি । বর্ণিত ধাপের জন্য IFAD কর্তৃক সরকারের ওপর বিতরণকৃত ঋণের জন্য ১% সার্ভিস চার্জ এবং বাকী অংশের ওপর ০.৫% কমিটমেন্ট ফি ধার্য করা হয় (ধারা 2.03 ও 2.04) । উক্ত অর্থ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৩% হারে গ্রামীণ ব্যাংককে প্রদান করা হয় । বর্ণিত ঋণ ২০৩০ সনের ১৫ সেপ্টেম্বরের মধ্যে ৮০ টি অর্ধবার্ষিক কিস্তির মাধ্যমে বাংলাদেশ সরকারকে পরিশোধ করতে হবে । বৈদেশিক মুদ্রায় ঋণ পরিশোধ করতে হওয়ায় আলোচ্য ঋণের বিনিময় হার জনিত ঝুঁকি সম্পূর্ণ বাংলাদেশ সরকার বহন করছে । আলোচ্য ঋণচুক্তি বাস্তবায়নে সরকারের দায়বদ্ধতা (ধারা 7.04) চুক্তি স্বাক্ষরের ২০ বছরের মধ্যে অর্থাৎ ডিসেম্বর ২২, ২০০০ সনে শেষ হয় ।

গ্রামীণ ব্যাংক প্রকল্পের প্রথম ধাপের লক্ষ্য ছিল রংপুর, চট্টগ্রাম, টাংগাইল ও পটুয়াখালী জেলার ভূমিহীন দরিদ্রদেরকে সুপারভাইজড ঋণ প্রদান (এসডিআর ২.৫০ মিলিয়ন), মাঠ কর্মীদের প্রশিক্ষণ প্রদান, প্রকল্পের মনিটরিং এবং মূল্যায়নের নিমিত্তে সার্ভে পরিচালনার উদ্দেশ্যে IFAD কর্তৃক প্রদত্ত অর্থ ব্যবহারের শর্ত ছিল । গ্রামীণ ব্যাংকের বার্ষিক প্রতিবেদনের তথ্য মোতাবেক ১৯৮১ সনে তারা ঋণের অর্থ লাভ করে, তখনও গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠিত না হওয়ায় বাংলাদেশ ব্যাংক ন্যাশনালইজড কমার্শিয়াল ব্যাংকসমূহ এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের সহায়তায় প্রকল্প বাস্তবায়নের দায়িত্বে ছিল ।

গ্রামীণ ব্যাংকের বার্ষিক প্রতিবেদনে বর্ণিত তথ্য মোতাবেক সেপ্টেম্বর ১৫, ২০০৫ তারিখে ঋণের সম্পূর্ণ অর্থ সুদে আসলে পরিশোধিত হয়ে যায় (পরিশোধিত সুদের পরিমাণ ৬.১২ কোটি টাকা) । চুক্তির সমুদয় অর্থ পরিশোধ করায় গ্রামীণ ব্যাংকের দায়বদ্ধতাও শেষ হয়েছে মর্মে প্রতীয়মান হয় ।

৭.০৩. গ্রামীণ ব্যাংক প্রকল্পের দ্বিতীয় ধাপ

[সংশ্লিষ্ট ঋণ চুক্তিসমূহ, ৩টি : 2% IFAD 161-BA, NORAD, SIDA]

গ্রামীণ ব্যাংক প্রকল্পের দ্বিতীয় ধাপ জানুয়ারী ০১, ১৯৮৫ সালে শুরু হয় ডিসেম্বর ৩১, ১৯৮৯ তারিখে এর মেয়াদ শেষ হয় । প্রকল্পের উদ্দেশ্য ছিল গ্রামীণ ব্যাংককে শক্তিশালী করা এবং গ্রামীণ দরিদ্রদের স্ব-কর্মসংস্থান, উচ্চতর আয় অর্জনের লক্ষ্যে ব্যাংকিং সার্ভিস প্রদানকারী হিসেবে দীর্ঘমেয়াদে গ্রামীণ ব্যাংককে আর্থিকভাবে স্বনির্ভর এবং আর্থিকভাবে লাভজনক হিসেবে প্রতিষ্ঠিত করা । সে লক্ষ্যে গ্রামীণ ব্যাংকের তৎকালীন কার্যক্রম আনুভূমিক (ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধি) এবং উলস্ব (ঋণগ্রহীতা প্রতি ঋণ বৃদ্ধি) সম্প্রসারণের জন্য দাতা সংস্থা IFAD, NORAD (Norwegian Agency for International Development), এবং SIDA (Swedish International Development Authority) গ্রামীণ ব্যাংকের দ্বিতীয় ধাপের প্রকল্পে অর্থায়ন করে । গ্রামীণ ব্যাংক প্রকল্পের দ্বিতীয় ধাপের অর্থ ঋণদান কর্মসূচী, পুরকর্ম (২৫০টি শাখা অফিস স্থাপন, প্রধান কার্যালয় নির্মাণ, ট্রেনিং সেন্টার নির্মাণ), ইকুইপমেন্ট (কম্পিউটার, আসবাবপত্র, যানবাহন, অফিস সাপ্লাই)

ক্রয় এবং প্রাতিষ্ঠানিক উন্নয়ন [কর্মকর্তাদের প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়ন বিভাগকে শক্তিশালীকরণ, *SIDE (Studies, Innovation, Development and Experimentation)* প্রতিষ্ঠা, মনিটরিং ও ইভ্যালুয়েশন ইউনিটকে শক্তিশালীকরণ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম উন্নয়ন, কনসালটেশন সার্ভিস] খাতে ব্যয় করার কথা।

৭.০৩.০১. [2% IFAD 161-BA]:

বাংলাদেশ সরকারের অনুরোধে গ্রামীণ ব্যাংক প্রকল্পের দ্বিতীয় ধাপে অর্থায়নের জন্য IFAD অগ্রণী ভূমিকা পালন করে। বাংলাদেশ সরকার NORAD, SIDA-কে ও উক্ত প্রকল্পে অর্থায়নের জন্য অনুরোধ করেছিল। বর্ণিত ধাপের জন্য IFAD কর্তৃক বিতরণকৃত ঋণের ওপর ১% সার্ভিস চার্জ এবং বাকী অংশের ওপর ০.৫% কমিটমেন্ট ফি ধার্য করা হয় (সরকারের ওপর); মোট ঋণের পরিমাণ ছিল এসডিআর ২৩.৬০ মিলিয়ন (টাকার অঙ্কে ৯০.৮৯ কোটি)। বর্ণিত ঋণ ডিসেম্বর ০১, ২০০৪ তারিখের মধ্যে ৮০ টি অর্ধবার্ষিক কিস্তির মাধ্যমে বাংলাদেশ সরকারকে পরিশোধ করতে হবে। আলোচ্য ঋণচুক্তি বাস্তবায়নে সরকারের দায়বদ্ধতা (ধারা ৪.০৪) চুক্তি স্বাক্ষরের ১০ বছরের মধ্যে অর্থাৎ জুন ২২, ১৯৯৫ সনে শেষ হয়ে যায়। চুক্তির শর্ত মোতাবেক বৈদেশিক মুদ্রায় ঋণ পরিশোধ করার ফলে বিনিময় হার জনিত ঋণিক সম্পূর্ণ বাংলাদেশ সরকার বহন করছে।

বাংলাদেশ সরকার আলোচ্য চুক্তির শর্ত মোতাবেক সাবসিডিয়ারী ঋণচুক্তির মাধ্যমে ২% সুদে শর্তসাপেক্ষে গ্রামীণ ব্যাংককে উক্ত অর্থ পুনরায় ঋণ হিসেবে প্রদান করে। গ্রামীণ ব্যাংক কর্তৃক উক্ত ঋণ ১০ বছরের গ্রেস পিরিয়ড সহ ২০ বছরে পরিশোধের বিধান চুক্তিতে রয়েছে।

উক্ত অর্থের মধ্যে প্রাথমিকভাবে ঋণ ও অগ্রিম খাতে এসডিআর ১৩.৮৭ মিলিয়ন, পুরকর্ম খাতে এসডিআর ৩.২৭ মিলিয়ন, বাকী এসডিআর ৬.৪৬ মিলিয়ন প্রকল্পের অন্যান্য খাতে ব্যয় করার জন্য বরাদ্দ করা হয়েছিল।

মূল চুক্তির ধারা 4.09 (a) মোতাবেক গ্রামীণ ব্যাংক কর্তৃক ঋণের অর্থ সঠিকভাবে ব্যবহার এবং তা ডিসক্লোজারের উদ্দেশ্যে পর্যাপ্ত রেকর্ড এবং প্রক্রিয়া অনুসরণ করার কথা যাতে ঋণের অর্থ ব্যবহার করে যে সকল মালামাল ক্রয় বা সার্ভিস গ্রহণ করা হয়েছে তা চিহ্নিত করা যায়। এ ধরনের রেকর্ডপত্র গ্রামীণ ব্যাংক বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলকে দেখাতে সমর্থ হয়নি [১৯৯৯ ভিত্তিক ২য় বিশদ পরিদর্শন প্রতিবেদনের পরিপালনে উল্লেখ করা হয়েছে]। মূল চুক্তির ধারা 4.09 (d) মোতাবেক হিসাব এবং আর্থিক বিবরণীর বার্ষিক অডিটেড প্রতিবেদনের কপি বছর শেষ হওয়ায় ০৬ মাসের মধ্যে IFAD বরাবরে প্রেরণের শর্ত ছিল এবং জুন ১৯৮৭ সালে পর রিভিউ মিশন কর্তৃক প্রকল্পের ফলাফল রিভিউ করা (ধারা 4.13 ও 4.14) এবং সুপারিশ প্রদানের কথা যা গ্রামীণ ব্যাংক কর্তৃক বাস্তবায়নের শর্ত ছিল। সুতরাং প্রতীয়মান হয় দাতা সংস্থা কর্তৃক গ্রামীণ ব্যাংক প্রকল্পের কার্যক্রম, ঋণের অর্থের ব্যবহার প্রত্যক্ষভাবে এবং পরোক্ষভাবে বিভিন্ন মেয়াদে পর্যালোচনা করা হয়েছে।

গ্রামীণ ব্যাংক কর্তৃক প্রদত্ত তথ্য মোতাবেক ২০০৪ সনে আলোচ্য ঋণের সমুদয় অর্থ সুদে আসলে তারা বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে সরকারকে পরিশোধ করেছে (সুদের পরিমাণ ২৩.৬৩ কোটি টাকা)। প্রকল্প সমাপ্ত হওয়ায় এবং চুক্তির সমুদয় অর্থ পরিশোধ করায় গ্রামীণ ব্যাংকের দায়বদ্ধতাও শেষ হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

৭.০৩.০২. [NORAD]:

গ্রামীণ ব্যাংকের প্রকল্পের ২য় ধাপ বাস্তবায়নে ঋণদান কর্মসূচী এবং পুরকর্মে অর্থায়নের নিমিত্তে জুলাই ০৭, ১৯৮৬ তারিখে বাংলাদেশ সরকার NORAD এর সাথে একটি অনুদান চুক্তি (প্রিন্সিপাল এগ্রিমেন্ট) সম্পন্ন করে। পাশাপাশি বাংলাদেশ সরকার আগস্ট ০৪, ১৯৮৬ তারিখে গ্রামীণ ব্যাংকের সাথে একটি সাবসিডিয়ারী চুক্তি সম্পন্ন করে। আলোচ্য চুক্তির বলে গ্রামীণ ব্যাংক নরওয়েজিয়ান ক্রোনার ৫৫.০০ মিলিয়ন এর সমতুল্য ২৬.৭৯ কোটি টাকা ঋণ প্রাপ্ত হয় (২% সুদে) যা ১০ বছরের গ্রেস পিরিয়ডসহ ৩০ বছরে পরিশোধের শর্ত ছিল (সেমি-এ্যানুয়ালি)। গ্রামীণ ব্যাংক কর্তৃক পরিশোধিত লোনের কিস্তিসমূহ বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত রিভলভিং তহবিলে জমা করার

বিধান ছিল যে তহবিল ঋণ প্রদান এবং পুরকর্ম খাতে চিরায়তভাবে ব্যবহারের জন্য গ্রামীণ ব্যাংকের বিশেষ অধিকার থাকবে (একই শর্তে)। নোরাড কর্তৃক প্রদত্ত অর্থের ২১.০৮ কোটি টাকা ঋণদান কর্মসূচীতে ব্যবহার করা হয় এবং ৫.৭১ কোটি টাকা পুরকর্মে ব্যবহৃত হয় (বাংলাদেশ ব্যাংকের ডিসেম্বর ১৯৯৯ ভিত্তিক বার্ষিক প্রতিবেদনের তথ্যানুযায়ী)।

আলোচ্য সাবসিডিয়ারী চুক্তির ধারা 2.09 মোতাবেক সরকার বর্ণিত ঘূর্ণায়মান তহবিল ব্যবহারের যাচাই করে দেখার অধিকার সংরক্ষণ করে। কিন্তু গ্রামীণ ব্যাংক কর্তৃক পৃথক ভাবে আলোচ্য ঘূর্ণায়মান তহবিল ব্যবস্থাপনা করা হয়না, ফলে উক্ত তহবিলের প্রকৃত ব্যবহার যাচাই করে দেখাও সম্ভব নয় মর্মে প্রতীয়মান হয়। গ্রামীণ ব্যাংকের বক্তব্য অনুযায়ী তাদের বিভিন্ন শাখা কর্তৃক বিতরণকৃত ঋণের পরিমাণ দাতাসংস্থাসমূহ কর্তৃক উক্ত খাতে প্রদত্ত ঋণের তুলনায় বহুগুণে বেশী, এতদ্ব্যতীত ঋণের কিস্তি সাপ্তাহিক ভিত্তিতে সংগৃহীত হওয়ায় বর্ণিত তহবিল আলাদাভাবে ব্যবস্থাপনা করা সম্ভব নয়। এ বিষয়ে দাতা সংস্থা কর্তৃক ইতোপূর্বে কোন আপত্তি উত্থাপন করা হয়নি; সুতরাং ঋণের শর্ত পরিপালিত হচ্ছে মর্মে গ্রামীণ ব্যাংক মনে করে।

সাবসিডিয়ারী চুক্তির ধারা 3.01 (a) মোতাবেকও গ্রামীণ ব্যাংক কর্তৃক উক্ত তহবিল সঠিকভাবে ব্যবহার এবং তা ডিসক্লোজারের উদ্দেশ্যে পর্যাপ্ত রেকর্ড এবং প্রক্রিয়া অনুসরণ করার কথা। যা গ্রামীণ ব্যাংক কর্তৃক অনুসরণ করা হয়নি মর্মে ১৯৯৯ ভিত্তিক বাংলাদেশ ব্যাংকের ২য় বিশদ পরিদর্শন প্রতিবেদনের পরিপালন পর্যালোচনান্তে প্রতীয়মান হয় (পরিপালন প্রতিবেদনে উল্লেখ করা হয় সংশ্লিষ্ট হিসাব/রেকর্ডপত্র দেখাতে গ্রামীণ ব্যাংক ব্যর্থ হয়েছে)।

সাবসিডিয়ারী চুক্তির ধারা 3.01 (b) মোতাবেক আলোচ্য ঋণের অর্থ ব্যবহার করে নির্মিত দালানকোঠা যথাযথভাবে ইস্যুরেপ করার বিধান রয়েছে। গ্রামীণ ব্যাংক কর্তৃক তাদের ইমারত/দালানকোঠা ইত্যাদির জন্য কোন ধরনের ইস্যুরেপ করা হয়নি মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলাপকালে প্রতীয়মান হয় (তাদের আর্থিক প্রতিবেদনে এ ধরনের ইস্যুরেপ ব্যয়ের কোন খাত দেখা যায়নি)। প্রিন্সিপাল এগ্রিমেন্টের আর্টিকেল VII (4) মোতাবেক প্রতি প্রকল্প বৎসর সমাপ্তির ছয় মাসের মধ্যে গ্রামীণ ব্যাংককে গ্রান্ট এর অর্থ সঠিক উদ্দেশ্যে ব্যবহৃত হয়েছে এরূপ সার্টিফিকেটসহ একাউন্টসমূহের বিষয়ে অডিটরস রিপোর্ট প্রদানের কথা থাকলেও সাবসিডিয়ারী চুক্তিতে তা এড়িয়ে যাওয়া হয়েছে মর্মে দেখা যায়। গ্রামীণ ব্যাংক কর্তৃক বার্ষিক কর্মপরিকল্পনা ও বাজেট, বার্ষিক অগ্রগতি প্রতিবেদনের কপি দাতাদেশ বরাবর প্রেরণ করার শর্তও চুক্তিতে বর্ণিত ছিল।

গ্রামীণ ব্যাংক কর্তৃক প্রদত্ত তথ্য মোতাবেক আলোচ্য ঋণচুক্তির বিপরীতে প্রাপ্ত ২৬.৭৯ কোটি টাকার মধ্যে ১৭.১৩ কোটি টাকার মূল ঋণ পরিশোধ করা হয়েছে এবং রিভলভিং লোন হিসেবে একই ভাবে রিপেমেন্টের শর্তে পুনরায় গৃহীত ঋণের মধ্যে ২৭.৮৯ লক্ষ টাকা পরিশোধ করা হয়েছে। এ যাবতকাল পরিশোধিত মোট সুদের পরিমাণ ১১.১৬ কোটি টাকা।

বাংলাদেশ সরকার এবং গ্রামীণ ব্যাংকের মধ্যকার সাবসিডিয়ারী চুক্তির শর্ত অনুসারে (আর্টিকেল IV) গ্রামীণ ব্যাংকের সমস্ত দায়-দায়িত্ব পরিপূরণ না হওয়া পর্যন্ত চুক্তি বহাল থাকবে।

৭.০৩.০৩. [SIDA]:

গ্রামীণ ব্যাংকের প্রকল্পের ২য় খাপ বাস্তবায়নে IFAD 161-BA চুক্তিতে উল্লেখিত প্রকল্পে ঋণদান কর্মসূচী এবং পুরকর্ম খাতে অর্থায়নের নিমিত্তে (অনুদান প্রদান) SIDA অক্টোবর ২৫, ১৯৮৬ তারিখে ইআরডিকে চিঠি প্রদান করে। এর পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকার নভেম্বর ৩০, ১৯৮৬ তারিখে গ্রামীণ ব্যাংকের সাথে একটি সাবসিডিয়ারী চুক্তি সম্পন্ন করে। আলোচ্য চুক্তির বলে গ্রামীণ ব্যাংক সুইডিশ ক্রোনার ৬০.০০ মিলিয়ন এর সমতুল্য ২৩.৮৮ কোটি টাকা ঋণ প্রাপ্ত হয় (২% সুদে) যা ১০ বছরের গ্রেস পিরিয়ডসহ ৩০ বছরে পরিশোধের শর্ত ছিল (সেমি-এ্যানুয়ালি)। গ্রামীণ ব্যাংক কর্তৃক পরিশোধিত লোনের কিস্তিসমূহ বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত রিভলভিং তহবিলে জমা করার বিধান ছিল যে তহবিল ঋণ প্রদান এবং পুরকর্ম খাতে চিরায়তভাবে ব্যবহারের জন্য গ্রামীণ ব্যাংকের বিশেষ অধিকার থাকবে

(পরিশোধের শর্ত একই)। সিডা কর্তৃক প্রদত্ত অর্থের মধ্যে ২০.০০ কোটি টাকা ঋণদান কর্মসূচীতে ব্যবহার করা হয় এবং ৩.৮৮ কোটি টাকা পুরকর্মে ব্যবহৃত হয় (বাংলাদেশ ব্যাংকের ডিসেম্বর ১৯৯৯ ভিত্তিক বার্ষিক প্রতিবেদনের তথ্যানুযায়ী)।

গ্রামীণ ব্যাংক কর্তৃক বার্ষিক কর্মপরিকল্পনা ও বাজেট, বার্ষিক ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের কপি দাতাদেশ বরাবর প্রেরণ করার শর্ত চুক্তিতে উল্লেখ ছিল। আলোচ্য ঋণচুক্তির আর্টিকেল IV (c) মোতাবেক প্রকল্প সমাপান্তে দাতাসংস্থা নিজে কিংবা তার মনোনীত প্রতিনিধি কর্তৃক প্রকল্পের মূল্যায়ন পরিচালনা করার কথা ছিল যার জন্যে আলোচ্য অর্থের মধ্যে সুইডিশ ক্রোনার ৫.০০ লক্ষ বরাদ্দ ছিল। সুতরাং দেখা যাচ্ছে সংশ্লিষ্ট দাতা সংস্থা নিজ থেকেই ঋণের অর্থের ব্যবহার ও প্রকল্পের মূল্যায়ন নিশ্চিত করার দায়িত্ব নিয়েছিল।

গ্রামীণ ব্যাংক কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী আলোচ্য ঋণচুক্তির বিপরীতে প্রাপ্ত ২৩.৮৮ কোটি টাকার মধ্যে ১৫.৯০ কোটি টাকার মূল ঋণ পরিশোধ করা হয়েছে এবং রিভলভিং লোন হিসেবে একই ভাবে রিপেমেন্টের শর্তে পুনরায় গৃহীত ঋণের মধ্যে ৩২.৮২ লক্ষ টাকা পরিশোধ করা হয়েছে। এ যাবতকাল পরিশোধিত মোট সুদের পরিমাণ ১০.১৬ কোটি টাকা।

বাংলাদেশ সরকার এবং গ্রামীণ ব্যাংকের মধ্যকার সাবসিডিয়ারী চুক্তির শর্ত অনুসারে (আর্টিকেল V) গ্রামীণ ব্যাংকের সমস্ত দায়-দায়িত্ব পরিপূরণ না হওয়া পর্যন্ত চুক্তি বহাল থাকবে।

৭.০৪. গ্রামীণ ব্যাংক প্রকল্পের তৃতীয় ধাপ

(সংশ্লিষ্ট ঋণ ও অনুদান চুক্তিসমূহ, এটি: IFAD 239-BA (ঋণ), NORAD, SIDA, KFW, CIDA, FORD FOUNDATION, GTZ)

গ্রামীণ ব্যাংক প্রকল্পের ৩য় ধাপ জানুয়ারী ০১, ১৯৮০ সালে শুরু হয়ে ডিসেম্বর ৩১, ১৯৯৪ সালে এর মেয়াদ শেষ হয়। প্রকল্পের ৩য় ধাপের উদ্দেশ্য ছিল ২য় ধাপের অনুরূপ অর্থাৎ গ্রামীণ ব্যাংককে শক্তিশালী করা এবং গ্রামীণ দরিদ্রদের স্ব-কর্মসংস্থান, উচ্চতর আয় অর্জনের লক্ষ্যে ব্যাংকিং সার্ভিস প্রদানকারী হিসেবে দীর্ঘমেয়াদে গ্রামীণ ব্যাংককে আর্থিকভাবে স্বনির্ভর এবং আর্থিকভাবে লাভজনক হিসেবে প্রতিষ্ঠিত করা। সে লক্ষ্যে গ্রামীণ ব্যাংকের তৎকালীন কার্যক্রম আনুভূমিক (ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধি) এবং উলম্ব (ঋণগ্রহীতা প্রতি ঋণ বৃদ্ধি) সম্প্রসারণের জন্য দাতা সংস্থা IFAD, NORAD, SIDA, KFW (KREDITANSTALT FÜR WIEDERAUFBAU), CIDA (CANADIAN INTERNATIONAL DEVELOPMENT AGENCY), Ford Foundation এবং GTZ (GESELLSCHAFT FÜR TECHNISCHE) গ্রামীণ ব্যাংকের ৩য় ধাপের প্রকল্পে অর্থায়ন করে। গ্রামীণ ব্যাংক প্রকল্পের ৩য় ধাপের অর্থ ঋণদান কর্মসূচী, অফিস নির্মাণ (২০০টি শাখা অফিস স্থাপন, প্রধান কার্যালয়ের ৫৫,০০০ বর্গফুট নির্মাণ, ২৭ টি এরিয়া অফিস, ৩ টি জোনাল অফিস নির্মাণ), কর্মকর্তাদের প্রশিক্ষণ ও উন্নয়ন, গবেষণা ও উন্নয়ন, মনিটরিং ও ইভালুয়েশন ইউনিটকে শক্তিশালীকরণ খাতে ব্যয় করার কথা।

৭.০৪.০১. [IFAD 239-BA]:

বাংলাদেশ সরকারের অনুরোধে গ্রামীণ ব্যাংক প্রকল্পের ৩য় ধাপে অর্থায়নের জন্যও IFAD অগ্রণী ভূমিকা পালন করে। বাংলাদেশ সরকার NORAD, SIDA, KFW, CIDA, Ford Foundation এবং GTZ-কে ও উক্ত প্রকল্পে অর্থায়নের জন্য অনুরোধ করেছিল মর্মে আলোচ্য ঋণচুক্তির ভূমিকা থেকে প্রতীয়মান হয়। আলোচ্য ঋণের বিষয়ে সেপ্টেম্বর ১১, ১৯৮৯ তারিখে বাংলাদেশ সরকারের সাথে IFAD এর চুক্তি সম্পাদন করা হয় পরবর্তীতে জানুয়ারী ০৮, ১৯৯০ তারিখে সরকারের সাথে গ্রামীণ ব্যাংকের একটি সাবসিডিয়ারী চুক্তি সম্পাদিত হয়।

৩য় ধাপের জন্য IFAD কর্তৃক বিতরণকৃত ঋণের ওপর ১% সার্ভিস চার্জ এবং বাকী অংশের ওপরেও ১% সার্ভিস চার্জ ধার্য করা হয় (সরকারের ওপর) ; মোট ঋণের পরিমাণ ছিল এসডিআর ৬.২০ মিলিয়ন (টাকার অঙ্কে ৩৩.০৯ কোটি)। বর্ণিত ঋণ এপ্রিল ১৫, ২০৩৯

তারিখের মধ্যে ৮০ টি অর্ধবার্ষিক কিস্তির মাধ্যমে বাংলাদেশ সরকারকে পরিশোধ করতে হবে। আলোচ্য ঋণচুক্তি বাস্তবায়নে সরকারের দায়বদ্ধতা (ধারা ৪.০৩) চুক্তি স্বাক্ষরের ১০ বছরের মধ্যে অর্থাৎ ডিসেম্বর ০৯, ১৯৯৯ সনে শেষ হয়। বৈদেশিক মুদ্রায় ঋণ পরিশোধ করার ফলে বিনিময় হার জনিত বৃদ্ধি সম্পূর্ণ বাংলাদেশ সরকার বহন করছে। ইফাদ কর্তৃক প্রদত্ত অর্থের মধ্যে প্রাথমিকভাবে এসডিআর ৫.২৮ মিলিয়ন সাধারণ ও যৌথ ঋণ কার্যক্রমে এসডিআর ০.৪৭ মিলিয়ন পুরকর্মে এবং অপারেটিং ব্যয় খাতে এসডিআর ০.১২ মিলিয়ন বরাদ্দ ছিল এবং এসডিআর ০.৩৩ মিলিয়ন অবশিষ্ট ছিল। বাংলাদেশ ব্যাংকের ১৯৯৯ ভিত্তিক বিশদ পরিদর্শন প্রতিবেদন হতে দেখা যায়, গ্রামীণ ব্যাংক কর্তৃক ৩২.২২ কোটি টাকা ঋণখাতে এবং ০.৮৭ কোটি টাকা প্রাতিষ্ঠানিক উন্নয়নে ব্যয় করা হয়েছিল।

আলোচ্য ঋণ চুক্তির ধারা ৪.০২ (b) মোতাবেক প্রতি প্রকল্প বছর শুরুর কমপক্ষে তিন মাস পূর্বে IFAD বরাবরে বার্ষিক কর্মপরিকল্পনা ও বাজেট এবং মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য সূচী (Program for evaluation studies) প্রেরণ করার কথা থাকলেও তা পরিপালন করা হয়নি (গ্রামীণ ব্যাংক ১ অক্টোবরের মধ্যে তা দাখিল করতে পারেনি, এবং শুধুমাত্র ১৯৯২ সনের বার্ষিক কর্মপরিকল্পনা ও বাজেটের সঙ্গে Program for evaluation studies প্রেরণ করা হয়) মর্মে প্রজেক্ট শেষ হওয়ার পর দাতাদের পক্ষ হতে যে চূড়ান্ত রিপোর্ট প্রণয়ন করা হয় (জানুয়ারী ১৯৯৪ মাসে) সেখানে উল্লেখ করা হয়। উক্ত চূড়ান্ত রিপোর্টে আরও উল্লেখ করা হয়, ঋণচুক্তির ৪.০৫ (a,b) মোতাবেক কোন প্রকল্প বছরে লোনের অর্থ ব্যবহার করে যে যে ব্যয় বহন করা হয়েছে তার বিস্তারিত বিবরণ উক্ত মেয়াদ শেষ হওয়ার ৬ মাসের মধ্যে IFAD বরাবরে প্রেরণ করার কথা থাকলেও তা কখনোই প্রেরণ করা হয়নি।

দাতাদের চূড়ান্ত রিপোর্ট অনুযায়ী আলোচ্য ঋণচুক্তির শিডিউল-৪ এর প্যারা ৩(d) গ্রামীণ ব্যাংক কর্তৃক পরিপালন করা হয়নি। উক্ত অনুচ্ছেদে গ্রামীণ ব্যাংক প্রকল্পের ৩য় ধাপে SIDE (Studies, Innovation, Development and Experimentation activities) কার্যক্রমে নতুনভাবে না জড়ানোর জন্য বলা হয় এবং উক্ত কার্যক্রমের ব্যবস্থাপনা থেকে গ্রামীণ ব্যাংক নিজেকে প্রত্যাহার করে তা গ্রামীণ ব্যাংকের সদস্য বা গ্রুপের নিকট হস্তান্তরের পরিকল্পনা গ্রহণের পরামর্শ দেয়া হয়। তা সত্ত্বেও প্রফেসর ইউনুসের পারিবারিক প্রতিষ্ঠান **চট্টগ্রামস্থ প্যাকেজস কর্পোরেশনকে SIDE এর ব্যবস্থাপনায় আনা হয় এবং উক্ত প্রতিষ্ঠানকে অর্থায়ন করা হয়।** সেখানে আরো উল্লেখ করা হয় SIDE এর ব্যবস্থাপনা থেকে নিজেকে প্রত্যাহার করে তা গ্রামীণ ব্যাংক সদস্য বা গ্রুপের নিকট হস্তান্তরের কোন পরিকল্পনা গ্রহণ করেনি।

বর্ণিত চুক্তির শিডিউল-৪ এর প্যারা ৩(g) অনুসারে দাতাদের সাথে পরামর্শ করে সোশ্যাল এ্যাডভান্সমেন্ট ফান্ড (SAF) গঠনের জন্য গ্রামীণ ব্যাংক কর্তৃক বার্ষিক ভিত্তিতে পরিকল্পনা গ্রহণের জন্য শর্ত দেয়া হয়। দাতা সংস্থার পক্ষ হতে প্রণীত ৩য় ধাপের চূড়ান্ত রিপোর্টে উল্লেখ করা হয়, **দাতাদের সাথে আলোচনা ছাড়াই গ্রামীণ ব্যাংক কর্তৃক SAF গঠন করা হয়।** ঋণখাতে ব্যবহৃত দাতাদের তহবিলের ২% আলোচ্য সোশ্যাল এ্যাডভান্সমেন্ট ফান্ডে জমা করা হয়। উক্ত তহবিলের ৫০% ষ্টাফদের কল্যাণে এবং ৫০% সদস্যদের কল্যাণে ব্যবহারের জন্য তারা পরিকল্পনা নেয়।

আলোচ্য চুক্তির ৫.০১ অনুচ্ছেদে বাংলাদেশ সরকার, গ্রামীণ ব্যাংক এবং ইফাদ কর্তৃক গ্রামীণ ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণের সুদের হার পর্যালোচনার কথা ছিল (গ্রামীণ ব্যাংকের ঋণের ওপর সুদের হার হারমোনাইজ করার নিমিত্তে)। আলোচ্য চুক্তির শিডিউল-৪ এর প্যারা ৭(a,ii) অনুসারে ঋণ কার্যক্রমে কার্যকর সুদের হার ১৬% হওয়ার কথা থাকলেও গ্রামীণ ব্যাংক কর্তৃক এ সময়ে কার্যকর সুদের হার ২০% ছিল, যা ইফাদের সাথে আলোচনার মাধ্যমে পরিবর্তনের শর্ত ছিল। অবশ্য দাতাদের পক্ষ হতে প্রণীত প্রাথমিক, মধ্যমেয়াদী এবং চূড়ান্ত প্রতিবেদনের পরিপালন পর্যালোচনান্তে দেখা যায় এ বিষয়টিকে চুক্তির লংঘন হিসেবে দেখানো হয়নি (সুদের হার ১৬% থেকে ২০% এ পরিবর্তনের বিষয়টি রিভিউ মিশন অবহিত ছিল মর্মেও প্রতীয়মান হয়)। সরকারের সাথে স্বাক্ষরিত গ্রামীণ ব্যাংকের সাবসিডিয়ারী চুক্তি মোতাবেক (অনুচ্ছেদ ৩.০২ (h) মোতাবেক) গ্রামীণ ব্যাংক কর্তৃক আলোচ্য অর্থ তাদের সদস্যদের বরাবরে ১৬% সুদে (প্রকৃত) ঋণ

বিতরণের কথা ছিল। সুদের হারের বিষয়ে দাতা সংস্থা সমূহের আপত্তি না তুললেও সাবসিডিয়ারী চুক্তির শর্ত অনুযায়ী গ্রামীণ ব্যাংক বাংলাদেশ সরকারের সম্মতি ব্যতিরেকে সুদের হার ২০% এ বৃদ্ধি করতে পারেনা মর্মে প্রতীয়মান হয়।

আলোচ্য চুক্তির 5.02 অনুচ্ছেদ অনুসারে গ্রামীণ ব্যাংক কর্তৃক ঋণ কর্মসূচীতে ব্যবহৃত অর্থ দিয়ে সদস্যদেরকে যে ঋণ বিতরণ করা হয়েছে তার মূল টাকা এবং সুদের সমন্বয়ে (পরিচালনগত খরচ ও অন্যান্য খরচ বাদ দিয়ে) তহবিল সৃষ্টি করার জন্য বলা হয়েছিল; উক্ত তহবিল ব্যবহার করে সরকার আলোচ্য চুক্তির বেনিফিশিয়ারীদের ঋণসুবিধা সম্প্রসারণ করবে। সরকারের সাথে গ্রামীণ ব্যাংকের স্বাক্ষরিত সাবসিডিয়ারী চুক্তিতেও শর্তটি বহাল ছিল [অনুচ্ছেদ 3.02 (g) মোতাবেক]। এ ধরনের কোন ঘূর্ণায়মান তহবিল গ্রামীণ ব্যাংক কর্তৃক সৃষ্টি করা হয়নি।

গ্রামীণ ব্যাংক কর্তৃক প্রদত্ত তথ্যানুযায়ী এ পর্যন্ত আলোচ্য ঋণের ৯.৯৩ কোটি টাকা পরিশোধ করা হয়েছে (৩৩.০৯ কোটি টাকার মধ্যে) এবং পরিশোধিত সুদের পরিমাণ ১০.৯২ কোটি টাকা। গ্রামীণ ব্যাংক কর্তৃক মূল টাকা, অন্যান্য চার্জ, সুদ ইত্যাদি পরিশোধ শেষ না হওয়া পর্যন্ত সরকারের নিকট গ্রামীণ ব্যাংকের দায়বদ্ধতা বিদ্যমান (সাবসিডিয়ারী চুক্তির ধারা 5.03 অনুযায়ী)। গ্রামীণ ব্যাংক যদি চুক্তিতে বর্ণিত দায়-দায়িত্ব পরিপালনে ব্যর্থ হয় এবং সরকার কর্তৃক গ্রামীণ ব্যাংককে লিখিত নোটিশ প্রদানের ৯০ দিন পরেও যদি ব্যর্থতা দূরীভূত না হয় সেক্ষেত্রে সাবসিডিয়ারী চুক্তির ধারা 4.01 অনুযায়ী বকেয়া ঋণের সম্পূর্ণ অর্থ গ্রামীণ ব্যাংক কর্তৃক সরকারকে অনতিবিলম্বে পরিশোধ করতে হবে।

৭.০৪.০২. [NORAD]:

গ্রামীণ ব্যাংক প্রকল্পের ৩য় ধাপ বাস্তবায়নের লক্ষ্যে গ্রামীণ ব্যাংককে নরওয়েজিয়ান ক্রেনার ১০০.০০ মিলিয়ন (৫৫.০৩ কোটি টাকা) গ্রান্ট প্রদানের নিমিত্তে জানুয়ারী ১৫, ১৯৯০ তারিখে NORAD এবং বাংলাদেশ সরকারের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়।

উক্ত অনুদানের অর্থ সাধারণ ও যৌথ ঋণ খাতে ১৩.৫৮ কোটি টাকা, গ্রামীণ ব্যাংকের সদস্যদের গৃহায়ন ঋণ হিসেবে ২২.২৩ কোটি, গ্রামীণ ব্যাংকের ষ্টাফদের গৃহঋণ হিসেবে ২.১৬ কোটি, মনিটরিং ও ইন্ডালুয়েশন খাতে ০.৮০ কোটি, প্রাতিষ্ঠানিক উন্নয়ন খাতে ১২.০৯ কোটি এবং এসভিসিএফ খাতে ৪.১৭ কোটি টাকা ঋণ প্রদান/ব্যয় করা হয় মর্মে বাংলাদেশ ব্যাংকের ১৯৯৯ ভিত্তিক বিশদ পরিদর্শন প্রতিবেদন থেকে প্রত্যক্ষ করা যায়। আলোচ্য ঋণের অর্থের ব্যবহার তত্ত্বাবধান করার জন্য ঢাকায় স্থাপিত “Donor Liaison Office” কে দায়িত্ব প্রদান করা হয় এবং গ্রামীণ ব্যাংককে সময়ে সময়ে চুক্তির শর্ত মোতাবেক বিভিন্ন ধরনের রিপোর্টিং করার কথা ছিল। গ্রামীণ ব্যাংক প্রকল্পের ৩য় ধাপ সমাপ্তিতে দাতাদের চূড়ান্ত রিপোর্ট অনুযায়ী আর্থিক বছর সমাপ্তির (৩১ ডিসেম্বর) ছয় মাসের মধ্যে বহিঃ নিরীক্ষক দ্বারা পুনঃতত্ত্ব আর্থিক বিবরণী, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি ডোনার কনসোর্টিয়ামে প্রেরণের কথা থাকলেও প্রকল্প চলাকালীন সময়ে গ্রামীণ ব্যাংক সবসময়েই ৩০ জুনের পরে তা দাখিল করে যাতে চুক্তির শর্তের লংঘন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। চুক্তির সমস্ত বাধ্যবাধকতা পরিপালন হওয়ার পর চুক্তিটির অবসায়ন হবে মর্মে চুক্তির আর্টিকেল-7 এ উল্লেখ করা হয়।

৭.০৪.০৩. [SIDA]:

গ্রামীণ ব্যাংকের প্রকল্পের ৩য় ধাপ বাস্তবায়নে SIDA অনুদান হিসেবে গ্রামীণ ব্যাংককে মোট সুইডিশ ক্রেনার ১৯০.০০ মিলিয়ন (১১২৩.৭৭) কোটি টাকা প্রদান করে। এতদুদ্দেশ্যে বাংলাদেশ সরকারের সাথে জানুয়ারী ১৭, ১৯৯০ তারিখে তারা একটি চুক্তি স্বাক্ষর করে। তন্মধ্যে সুইডিশ ক্রেনার ২.০০ মিলিয়ন (সর্বোচ্চ) ডোনার লিয়াজো অফিসের মনিটরিং এবং অডিট কার্যক্রমের জন্য বরাদ্দ রাখা ছিল।

বর্ণিত চুক্তি মোতাবেক গ্রামীণ ব্যাংক প্রজেক্ট ডকুমেন্টে উল্লেখিত পরিকল্পনা মোতাবেক প্রকল্প বাস্তবায়নে দায়বদ্ধ ছিল (আর্টিকেল V)। চুক্তির আর্টিকেল VII এ প্রজেক্ট সংশ্লিষ্ট অর্ধবার্ষিক রিপোর্ট পুনঃতত্ত্বের নিমিত্তে দাতা সংস্থাদের লিয়াজো অফিস কর্তৃক গ্রামীণ ব্যাংকের নিকট মোট ৫৪ পৃষ্ঠার ৩৪ নং পৃষ্ঠা

গ্রহণযোগ্য চার্টার্ড একাউন্টেন্ট নিয়োগ করার বিধান রাখা হয়েছিল পাশাপাশি দাতা সংস্থা কর্তৃক গ্রামীণ ব্যাংকের কার্যক্রম প্রতিবছর পর্যালোচনা করার বিধানও সেখানে ছিল। চুক্তির মেয়াদ ডিসেম্বর ৩১, ১৯৯৩ পর্যন্ত বহাল ছিল।

উক্ত অনুদানের অর্থ সাধারণ ও যৌথ ঋণ হিসেবে ৭৭.৭৩ কোটি টাকা, গ্রামীণ ব্যাংকের সদস্যদের গৃহায়ন ঋণ হিসেবে ২৬.৩৭ কোটি, গ্রামীণ ব্যাংকের ষ্টাফদের গৃহঋণ হিসেবে ২.৭০ কোটি, মনিটরিং ও ইন্ডালুয়েশন খাতে ০.৭৫ কোটি, প্রাতিষ্ঠানিক উন্নয়ন খাতে ১৩.৩২ কোটি এবং এসভিসিএফ খাতে ২.৯০ কোটি টাকা ঋণ প্রদান/ব্যয় করা হয় মর্মে বাংলাদেশ ব্যাংকের ১৯৯৯ ভিত্তিক বিশদ পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করা হয়।

৭.০৪.০৪. [KFW]:

গ্রামীণ ব্যাংকের প্রকল্পের ৩য় ধাপ বাস্তবায়নে KFW অনুদান হিসেবে ডয়েস্ মার্ক ২০.০০ মিলিয়ন (১৪৮.৬৮ কোটি) অনুদান প্রদান করে (জুলাই ১৭, ১৯৯০ তারিখের সাপ্লিমেন্টারী ফিন্যান্সিং এগ্রিমেন্ট বলে) শুধুমাত্র ভূমিহীনদের গৃহঋণ প্রদান, গ্রামীণ ব্যাংকের কর্মীদের গৃহঋণ প্রদান, এবং recurring cost, পুরকর্ম এবং ইকুইপমেন্ট খাতের ব্যয় পুনঃঅর্থায়নের জন্য বর্ণিত অর্থ ব্যবহারের শর্ত প্রদান করা হয় [ধারা 1.2(aa)]।

আলোচ্য চুক্তির আর্টিক্যাল 6.2 (j) তে গ্রামীণ ব্যাংক কর্তৃক একটি পৃথক আইনি/আর্থিক সত্ত্বা প্রতিষ্ঠার পরিকল্পনা গ্রহণের জন্য শর্ত প্রদান করা হয় যা গ্রামীণ ব্যাংক কর্তৃক প্রতিষ্ঠিত SIDE-enterprises সমূহের মালিকানা গ্রহণ করবে; অনুদানের সর্বশেষ ১০% আলোচ্য পরিকল্পনা দাখিলের পরে ছাড়করণ করা হবে। এরই পরিপ্রেক্ষিতে গ্রামীণ ব্যাংক ব্যাংক কর্তৃক পরবর্তীতে গ্রামীণ ফান্ড প্রতিষ্ঠিত হয় মর্মে আপাতদৃষ্টিতে প্রতীয়মান হয়।

চুক্তির আর্টিকেল 6.2 (1) অনুযায়ী জরুরী গৃহায়ন কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণের রি-পেমেন্টের অর্থ পৃথক একটি জরুরী তহবিলে জমা করার শর্তও প্রদান করা হয়। গ্রামীণ ব্যাংকের প্রকল্পের ৩য় ধাপ বাস্তবায়নে KFW অনুদান থেকে সাধারণ ও যৌথ ঋণ হিসেবে ২২.৭৩ কোটি টাকা, গ্রামীণ ব্যাংকের সদস্যদের গৃহায়ন ঋণ হিসেবে ১৩.৬৩ কোটি, গ্রামীণ ব্যাংকের ষ্টাফদের গৃহঋণ হিসেবে ১.২২ কোটি, গবেষণা ও উন্নয়ন খাতে ০.৪৪ কোটি, মনিটরিং ও ইন্ডালুয়েশন খাতে ১.২২ কোটি এবং প্রাতিষ্ঠানিক উন্নয়ন খাতে ৯.৪৪ কোটি টাকা ঋণ প্রদান/ব্যয় করা হয় মর্মে বাংলাদেশ ব্যাংকের ১৯৯৯ ভিত্তিক বিশদ পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করা হয়।

গ্রামীণ ব্যাংকের প্রাতিষ্ঠানিক উন্নয়ন এবং তার সদস্যদের কল্যাণের জন্য কেএফডব্লিউ কর্তৃক গ্রামীণ ব্যাংকের সদস্যদের ঋণপ্রদানের জন্য যে অর্থ প্রদান করা হয়েছে তার ২% হারে ১৫ বছর ধরে পৃথক হিসাবে রাখার শর্ত ছিল [সেকশন 6.2 (k)]। একই চুক্তির সেকশন III (4) মোতাবেক উক্ত বিশেষ তহবিলের পরিমাণ এবং ব্যবহার সম্পর্কে কেএফডব্লিউ বরাবরে বার্ষিক প্রতিবেদন প্রেরণ করার শর্ত ছিল। গ্রামীণ ব্যাংক প্রকল্পের ৩য় ধাপ সমাপান্তে দাতাদের চূড়ান্ত রিপোর্ট অনুযায়ী তা আংশিক পরিপালন করা হয়েছে (তহবিল গঠন করা হলেও কেএফডব্লিউ বরাবরে কোন বার্ষিক প্রতিবেদন প্রেরণ করা হয়নি)।

আলোচ্য চুক্তির ফাইন্যান্সিং অংশের আর্টিকেল ৭.২ এ বলা হয়েছে, “The Grameen Bank may not assign or transfer, pledge or mortgage any claims from this agreement.” চুক্তির ধারা ৪.৪ অনুযায়ী চুক্তি স্বাক্ষর থেকে ১৫ বছর পর্যন্ত চুক্তির মেয়াদ বহাল থাকবে। গ্রামীণ কল্যাণ কে তহবিল স্থানান্তর করায় চুক্তির বর্ণিত শর্তটি সুস্পষ্টভাবে লঙ্ঘিত হয়েছে।

৭.০৪.০৫. [CIDA]:

গ্রামীণ ব্যাংক প্রকল্পের ৩য় ধাপ বাস্তবায়নে CIDA অনুদান হিসেবে গ্রামীণ ব্যাংককে ১০.০০ মিলিয়ন কানাডিয়ান ডলার প্রদান করে (১৩১.৬৫ কোটি)। এতদুদ্দেশ্যে ডিসেম্বর ১২, ১৯৯০ তারিখে গ্রামীণ ব্যাংক এবং CIDA এর মধ্যে “Country Focus Contribution Agreement” স্বাক্ষরিত হয়।

বর্ণিত অনুদানের অর্থ সাধারণ ও যৌথ ঋণ (১১৫.০৩ কোটি), গ্রামীণ ব্যাংকের সদস্যদের গৃহায়ন ঋণ (১৭.৬৯ কোটি), গ্রামীণ ব্যাংকের স্টাফদের গৃহঋণ (১০.৬৯ কোটি), গবেষণা ও উন্নয়ন খাতে (১০.৮১ কোটি), মনিটরিং ও ইভ্যালুয়েশন খাতে (১০.৩৮ কোটি), প্রাতিষ্ঠানিক উন্নয়ন খাতে (১৫.৩৫ কোটি) এবং SIDE ঋণ খাতে (১১.৭০ কোটি) টাকা ঋণ প্রদান/বায় করা হয় মর্মে বাংলাদেশ ব্যাংকের ১৯৯৯ ভিত্তিক বিশদ পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করা হয়। চুক্তির 11.04 ধারা মোতাবেক চুক্তি কার্যকর হওয়ার ৪(চার) বছর সমাপ্তিতে মেয়াদোত্তীর্ণ হয়।

চুক্তির ধারা 11.02 এ উল্লেখ করা হয়, “This Agreement shall not be assigned by Grameen Bank without prior consent of CIDA”. চুক্তির ধারা 7.01 অনুযায়ী CIDA এর অনুদান (ধারা 2.04 অনুযায়ী অনুদানের অর্থ দ্বারা কোন সুদ আয় হলে তাও কয়েকটি সুনির্দিষ্ট খাতে ব্যবহার হওয়ার কথা) শুধুমাত্র গ্রামীণ ব্যাংকের প্রকল্পেই ব্যবহার হওয়ার কথা ছিল। চুক্তির মেয়াদ ১৯৯৫ সনের পূর্বেই সমাপ্ত হওয়ায় গ্রামীণ কল্যাণে তহবিল হস্তান্তরে (১৯৯৬ সনে) উপরোল্লিখিত প্যারাতে বর্ণিত শর্তসমূহ পরিপালনের বাধ্যবাধকতা গ্রামীণ ব্যাংকের ছিলনা।

প্রকল্প সংশ্লিষ্ট সমস্ত রেকর্ডপত্র চুক্তি কার্যকরের তারিখ থেকে ০৬ বছরের জন্য গ্রামীণ ব্যাংক কর্তৃক সংরক্ষণ করার শর্ত চুক্তির 3.01 ধারায় বর্ণিত ছিল (বহু পূর্বেই অতিক্রান্ত) যার মূখ্য উদ্দেশ্য ছিল CIDA কর্তৃক যাতে প্রয়োজন হলে তা অডিট করা সম্ভব হয়।

আলোচ্য চুক্তির প্যারা 4.01 অনুসারে গ্রামীণ ব্যাংক কর্তৃক প্রকল্পের কোন প্রকাশনা, বক্তৃতা এবং প্রেস-রিলিজে গ্রামীণ ব্যাংক কর্তৃক যেখানে প্রয়োজ্য সেখানে সিডা (কানাডা) এর আর্থিক অবদানের বিষয়ে কৃতজ্ঞতা স্বীকারের শর্ত ছিল। গ্রামীণ ব্যাংক প্রকল্পের ৩য় ধাপ সমাপনান্তে দাতাদের চূড়ান্ত রিপোর্ট অনুযায়ী গ্রামীণ ব্যাংকের প্রকাশনা, বক্তৃতা এবং প্রেস রিলিজে সিডা (কানাডা) এর অবদানের কথা উল্লেখ করা হয়নি, যার দ্বারা চুক্তির লংঘন হয়েছিল প্রতীয়মান হয়।

৭.০৪.০৬. [Ford Foundation]:

অক্টোবর ০৭, ১৯৮৯ তারিখে গ্রামীণ ব্যাংকের সঙ্গে ফোর্ড ফাউন্ডেশনের চুক্তির প্রেক্ষিতে গ্রামীণ ব্যাংক ১.৫ মিলিয়ন ইউএস ডলার (৬.৬৩ কোটি টাকা) ঋণ প্রাপ্ত হয় (সুদ বিহীন)। গ্রামীণ দরিদ্র জনসাধারণের জন্য ব্যবসা এবং চাকুরীর সুযোগ সৃষ্টির লক্ষ্যে গ্রামীণ ব্যাংক কর্তৃক চালুকৃত (SIDE) কর্মসূচীতে অন্তর্ভুক্ত ভেঞ্চার প্রকল্পসমূহে আর্থিক সহায়তা প্রদানের নিমিত্তে গঠিত SVCF তহবিলকে ক্যাপিটালইজ করার জন্য ফোর্ড ফাউন্ডেশন কর্তৃক এ ঋণ প্রদান করা হয়।

গ্রামীণ ট্রাস্ট কর্তৃক সুনির্দিষ্ট কিছু প্রকারের SIDE প্রকল্প আংশিক বা সম্পূর্ণ অধিগ্রহণ, গ্রামীণ ব্যাংকের ঋণগ্রহীতা/সদস্যদের মালিকানাধীন ভেঞ্চার প্রকল্প একোয়ার অথবা SIDE কর্মসূচীর আওতায় পরিচালিত নতুন ভেঞ্চার ইত্যাদির জন্যও শর্তসাপেক্ষে বর্ণিত তহবিল ব্যবহারের সুযোগ ছিল।

আলোচ্য SVCF তহবিল হতে গ্রামীণ ব্যাংকের সদস্য বা ঋণগ্রহীতাদের মালিকানাধীন নতুন টেকনোলজি, প্রডাক্ট, সার্ভিস, প্রসেস বা কৌশল সংশ্লিষ্ট উদ্যোগসমূহে এবং গ্রামীণ ব্যাংকের অধ্যাদেশ সংশোধনের মাধ্যমে এ ধরনের কার্যক্রমে সরাসরি অংশগ্রহণ বা অধিগ্রহণের অধিকার পাওয়ার পর (SIDE) কর্মসূচীতে ব্যবহার করার শর্ত প্রদান করা হয়। এর ফলে ১৯৯০ সনে গ্রামীণ ব্যাংক অধ্যাদেশ ১৯৮৩

এর সেকশন 19 (e) তে প্রয়োজনীয় সংশোধনী আনা হয় এবং এ ধরনের প্রতিষ্ঠানে আর্থিক বিনিয়োগের ক্ষেত্র তৈরী করা হয়। [১৯৮৩ সালের অধ্যাদেশে গ্রামীণ ব্যাংকের এ ধরনের কার্যাবলীতে অর্থায়নের সুযোগ ছিল না : “participation in the management, control and supervision of any rural organization, enterprise or scheme for the benefit and advancement of landless persons **without financial investment**. পরবর্তীতে ১৯৯০ সনে সংশোধনীতে ‘without financial investment’ শব্দাবলী বিলুপ্ত করার ফলে গ্রামীণ ব্যাংকের আর্থিক সংশ্লিষ্টতার সুযোগ সৃষ্টি হয়]।

আলোচ্য চুক্তির আওতায় ফোর্ড ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত তহবিলের মধ্যে ১.৫০ লক্ষ মার্কিন ডলার এবং গ্রামীণ ব্যাংক কর্তৃক প্রদত্ত ০.৬৫ লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ টাকা লস রিজার্ভ তহবিল সৃষ্টির জন্য ব্যবহার করতে শর্ত প্রদান করা হয় (ধারা 2.5.2) যার উদ্দেশ্য ছিল প্রকল্প পরিচালনায় ক্ষতি এবং টাকার অবমূল্যায়নজনিত ক্ষতির প্রভাব থেকে গ্রামীণ ব্যাংককে মুক্ত রাখা। বকেয়া ঋণের ওপর বার্ষিক ২% হারে লস রিজার্ভ তহবিলে জমা করার কথাও সেখানে উল্লেখ করা হয়। এভাবে সৃষ্ট তহবিল শুধুমাত্র লোন রি-পেমেন্টের উদ্দেশ্যে ব্যবহারের কথা ছিল। আলোচ্য চুক্তির ধারা-2.6 অনুসারে ঋণের মূল টাকা সুদবাহী এসভিসিএফ একাউন্টে জমা করতে হবে, যে অর্থ দ্বারা সংশ্লিষ্ট খাতে বিনিয়োগ এবং ঋণ পরিশোধের জন্য ব্যবহার করা যাবে।

ঋণের অর্থ তিনটি ধাপে ৫.০ মিলিয়ন ডলারের সমপরিমাণ অর্থ টাকায় ঋণ প্রাপ্তির অষ্টম, নবম ও দশম বছরের শেষে পরিশোধের শর্ত ছিল। ঋণের অর্থ প্রথমত, এসভিসিএফ তহবিলের স্থিতি থেকে মেটানোর কথা ছিল, তহবিলে পর্যাপ্ত স্থিতি না থাকলে এবং বাকী অংশ লস রিজার্ভ তহবিল হতে (বিনিময় হার জনিত ক্ষতি মেটানোর জন্য সৃষ্ট তহবিল) এবং তাতেও সংকুলান না হলে ফোর্ড ফাউন্ডেশন কর্তৃক জুলাই ৯, ১৯৮২ সনে প্রদত্ত ৬,১৬,০০০/- মার্কিন ডলার থেকে মেটানোর শর্ত ছিল। গ্রামীণ ব্যাংক কর্তৃক এসভিসিএফ তহবিল হতে ১৯৯৮ সনে ৩.২২ কোটি এবং ২০০৩ সনে ১.৬১ কোটি টাকা এবং লস রিজার্ভ থেকে ২.২১ কোটি টাকা পরিশোধ করা হয়। ফোর্ড ফাউন্ডেশনের কার্যালয় বাংলাদেশ থেকে গুটিয়ে নেয়ায় এবং তাদের টাকা একাউন্ট না থাকায় গ্রামীণ ব্যাংক কর্তৃক যথাসময়ে ফোর্ড ফাউন্ডেশনের অর্থ পরিশোধ করা সম্ভব হয়নি মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান।

৭.০৪.০৭. [GTZ]:

গ্রামীণ ব্যাংকের প্রকল্পের ৩য় ধাপ বাস্তবায়নে ১৯৮৯-১৯৯৩ সনের প্রশিক্ষণ কর্মসূচীতে ব্যয় করার নিমিত্তে GTZ অনুদান হিসেবে গ্রামীণ ব্যাংককে ডয়েচ মার্ক ১২.০৩ মিলিয়ন (১২৪.৭৫ কোটি) অনুদান হিসেবে প্রদান করে। এজন্যে নভেম্বর ১৫, ১৯৯০ তারিখে গ্রামীণ ব্যাংকের সাথে GTZ এর একটি ফিন্যান্সিং এগ্রিমেন্ট স্বাক্ষরিত হয়। প্রশিক্ষণ খাতে ইকুইপমেন্ট ক্রয়, ট্রেনিং ইনস্টিটিউটের প্রশিক্ষণ কর্মকর্তাদের ব্যয় বহন, যানবাহন/যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ, ট্রেনিং সেন্টারের পরিচালন ব্যয়, ইনট্রোডাক্টরী ট্রেনিং, ইন-সার্ভিস ট্রেনিং, রিফ্রেশার্স ট্রেনিং, গ্রামীণ ব্যাংকের সদস্যদের জন্য ওয়ার্কশপের আয়োজন, বহিঃ ও আন্তর্জাতিক প্রশিক্ষণ ইত্যাদি খাতে বর্ণিত অনুদানের অর্থ ব্যয় করার শর্ত দেয়া হয়।

বর্ণিত চুক্তির অনুচ্ছেদ 1.7 মোতাবেক সেকশন 5.1 অনুচ্ছেদে বর্ণিত ব্যয়সমূহের কোন বড় ধরনের পরিবর্তন হলে তা জরুরী ভিত্তিতে জিটিজেড কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং রিভাইসড প্ল্যানিং এবং জিটিজেড কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির পরই তা শুরু করা যাবে। এরূপ শর্ত থাকলেও গ্রামীণ ব্যাংক প্রকল্পের ৩য় ধাপ সমাপ্ত হতে দাতাদের চূড়ান্ত রিপোর্ট পর্যালোচনান্তে দেখা যায়, অগ্নি নির্বাপক প্রশিক্ষণ চালু করার সময় কেএফডব্লিউ কর্তৃপক্ষের সাথে কোন আলোচনা হয়নি এবং তাদের কোন অনুমোদনও চাওয়া হয়নি, যার ফলে চুক্তির উক্ত শর্তের লঙ্ঘন ঘটে। ব্যাংকের গ্রাহকদের জন্য ওয়ার্কশপ/ট্রেনিং কর্মসূচী বাস্তবায়নের জন্য (১৫.২৩ মিলিয়ন বরাদ্দ ছিল) আলোচ্য চুক্তিতে শর্ত দেয়া হলেও গ্রামীণ ব্যাংক তা বাস্তবায়ন করেনি মর্মে দাতাদের চূড়ান্ত রিপোর্ট পর্যালোচনান্তে দেখা যায়।

৭.০৫. গ্রামীণ ব্যাংক প্রকল্পের চতুর্থ ধাপ :

(সংশ্লিষ্ট ঋণ চুক্তিসমূহ, ৪টি : OECF, NORAD, KFW, GTZ)

গ্রামীণ ব্যাংক প্রকল্পের চতুর্থ ধাপ জানুয়ারী ০১, ১৯৯৪ সালে শুরু হয় ডিসেম্বর ৩১, ১৯৯৭ তারিখে এর মেয়াদ শেষ হয়। প্রকল্পের ৪র্থ ধাপের উদ্দেশ্য ছিল গ্রামীণ দরিদ্রদের অর্থায়নকারী প্রতিষ্ঠান হিসেবে গ্রামীণ ব্যাংককে স্বনির্ভর করে তোলা এবং দেশের অধিকতর এলাকা গ্রামীণ ব্যাংকের কার্যক্রমের আওতায় নিয়ে আসা। সে লক্ষ্যে গ্রামীণ ব্যাংকের তৎকালীন কার্যক্রম আনুভূমিক সম্প্রসারণের জন্য দাতা সংস্থা OECF, NORAD, KFW এবং GTZ গ্রামীণ ব্যাংকের চতুর্থ ধাপের প্রকল্পে অর্থায়ন করে। গ্রামীণ ব্যাংক প্রকল্পের ৪র্থ ধাপের অর্থ গ্রামীণ ব্যাংকের সদস্য এবং তাদের কর্মচারীদের জন্য গৃহঋণ কর্মসূচী, পুরকর্ম (শাখা অফিস স্থাপন, এরিয়া অফিস ও যোনাল অফিস নির্মাণ, প্রধান কার্যালয় অতিরিক্ত ফ্লোর নির্মাণ), ইকুইপমেন্ট (কম্পিউটার, আসবাবপত্র, যানবাহন) ক্রয়, গবেষণা ও উন্নয়ন, মনিটরিং ও ইভ্যালুয়েশন খাতে ব্যয় করার পরিকল্পনা ছিল।

৭.০৫.০১. [OECF(JBIC)]:

গ্রামীণ ব্যাংকের প্রকল্পের চতুর্থ ধাপ বাস্তবায়নে ব্যবহারের নিমিত্তে OECF (The Overseas Economic Cooperation Fund, Japan) ঋণ হিসেবে বাংলাদেশ সরকারকে ইয়েন ২.৯৮৬ বিলিয়ন (১১০.২২ কোটি টাকা) ১% সুদে ঋণ হিসেবে প্রদান করে। এতদুদ্দেশ্যে বাংলাদেশ সরকার এবং OECF এর মধ্যে অক্টোবর ০৪, ১৯৯৫ তারিখে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। পরবর্তীতে বাংলাদেশ সরকারের সাথে গ্রামীণ ব্যাংকের মার্চ ০৭, ১৯৯৬ তারিখে একটি সাবসিডিয়ারী চুক্তি স্বাক্ষরের ফলে উক্ত তহবিল গ্রামীণ ব্যাংক প্রাপ্ত হয় (২% সুদে)। ১০ বছরের গ্রেস পিরিয়ডসহ ৩০ বছরে ৪০ টি কিস্তিতে উক্ত ঋণ পরিশোধের কথা। বর্ণিত ঋণের সর্বশেষ কিস্তি প্রাপ্তির পর কমপক্ষে ৩ (তিন) বছর পর্যন্ত সকল প্রকার হিসাব ও রেকর্ডপত্র, দলিলাদি সংরক্ষণের জন্য সাবসিডিয়ারী চুক্তির আর্টিকেল 3.01 (b) তে উল্লেখ করা হয়। গ্রামীণ ব্যাংক ১৯৯৮ সনে আলোচ্য চুক্তির সর্বশেষ কিস্তির অর্থ প্রাপ্ত হয় মর্মে গ্রামীণ ব্যাংক কর্তৃক সরবরাহকৃত তথ্য হতে প্রতীয়মান হয়। গ্রামীণ ব্যাংকের সাম্প্রতিক বার্ষিক প্রতিবেদনে OECF কে JBIC (Japan Bank for International Co-operation) হিসেবে দেখানো হয়েছে।

গৃহঋণ, সাধারণ ও যৌথ ঋণ (টিউবওয়েল, সেনিটারী, মেশিনারী ও ইকুইপমেন্ট লিজিং খাতে) বর্ণিত ঋণ দেয়া হয়। গৃহঋণ খাতে এবং সেনিটারী খাতে ৮% সরল সুদে ঋণ প্রদানের শর্ত ছিল। গ্রামীণ ব্যাংকের প্রকল্পের চতুর্থ ধাপ বাস্তবায়নে প্রাপ্ত OECF ঋণের ২৮.১১ কোটি টাকা সাধারণ ও যৌথ ঋণ খাতে এবং ৮২.১১ কোটি গৃহায়ন ঋণ খাতে ব্যবহার করা হয় মর্মে বাংলাদেশ ব্যাংকের ১৯৯৯ সনের বিশদ পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করা হয়। মূল চুক্তির সেকশন 9, 10, 11 অনুযায়ী গ্রামীণ ব্যাংক কর্তৃক প্রজেক্ট সংশ্লিষ্ট রেকর্ডপত্র সংরক্ষণ (প্রকল্প শেষ হওয়ার তিন বছর পর্যন্ত), অডিট, প্রজেক্ট সংশ্লিষ্ট তথ্যাদি রিপোর্টিং ইত্যাদি বিষয়ে নানা শর্তের উল্লেখ ছিল।

গ্রামীণ ব্যাংক কর্তৃক মূল টাকা, অন্যান্য চার্জ, সুদ ইত্যাদি পরিশোধ এবং চুক্তির সকল বাধ্যবাধকতা পরিপালন সমাপ্ত না হওয়া পর্যন্ত সরকারের নিকট গ্রামীণ ব্যাংকের দায়বদ্ধতা বিদ্যমান (সাবসিডিয়ারী চুক্তির ধারা 5.03)। মূল ঋণের অর্থ বাংলাদেশ সরকার কর্তৃক বৈদেশিক মুদ্রায় (জাপানীজ ইয়েন) পরিশোধ করতে হওয়ায় এবং ইয়েনের বিনিময় হার ১৯৯৫ সনের তুলনায় বর্তমানে প্রায় দ্বিগুণ হওয়ায় ঋণ রিপেমেন্টের ক্ষেত্রে বাংলাদেশ সরকারকে বড় ধরনের আর্থিক ঝুঁকি/ক্ষতি বহন করতে হচ্ছে।

৭.০৫.০২. [NORAD]:

গ্রামীণ ব্যাংকের প্রকল্পের চতুর্থ ধাপ বাস্তবায়নের নিমিত্তে বাংলাদেশ সরকারের সাথে ডিসেম্বর ১৪, ১৯৯৩ তারিখের এবং নভেম্বর ৩০, ১৯৯৪ তারিখের চুক্তি বলে যথাক্রমে নরওয়েজিয়ান ক্রোনার ৩০.০০ মিলিয়ন এবং নরওয়েজিয়ান ক্রোনার ১২০.০০ মিলিয়ন (সর্বমোট ৮৯.৪৭ কোটি টাকা) গ্রামীণ ব্যাংককে অনুদান হিসেবে প্রদান করে।

ডিসেম্বর ১৪, ১৯৯৩ তারিখের চুক্তির আর্টিকেল-I মোতাবেক গ্রামীণ ব্যাংক তার মূলনীতি এবং উদ্দেশ্যে অনুযায়ী কার্যক্রম চালিয়ে যাবে ; NORAD এর সম্মতি ছাড়া গ্রামীণ ব্যাংকের টার্গেট গ্রুপ বা ঋণদান নীতিমালার পরিবর্তন হলে অনুদান প্রত্যাহার করা হতে পারে। গ্রামীণ কল্যাণে (গৃহায়ন ঋণ খাতে) অনুদানের অর্থ হস্তান্তর হওয়ায় আলোচ্য শতটি লংঘিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

উক্ত চুক্তির আর্টিকেল-III মোতাবেক কোন কারণে বর্ণিত অনুদানের যথাযথ ব্যবহার হুমকির সম্মুখীন হলে সাথে সাথে গ্রামীণ ব্যাংক তা NORAD কে অবহিত করবে। বর্ণিত অনুদান গ্রামীণ ব্যাংকের কার্যক্রম সম্প্রসারণের চতুর্থ ধাপে গৃহায়ন খাতে ঋণ প্রদানের জন্য ব্যবহারের কথা ছিল মর্মে প্রতীয়মান হয় আর্টিকেল-VI)। আলোচ্য চুক্তি উভয়পক্ষের সকল দায়বদ্ধতা শেষ হওয়ার পর অবসায়িত হবে এবং দায়বদ্ধতা সম্পন্ন হওয়ার বিষয়টি উভয়পক্ষের আলোচনার মাধ্যমে নির্ধারণ করার কথা চুক্তির আর্টিকেল-VII এ উল্লেখ করা হয়েছে।

নভেম্বর ৩০, ১৯৯৪ তারিখের চুক্তির আর্টিকেল-V এ নরওয়েজিয়ান ক্রোনার ৩.০ মিলিয়ন মনিটরিং ও অডিটের উদ্দেশ্যে নোরাদের তত্ত্বাবধানে রাখার শর্ত দেয়া হয়। আলোচ্য চুক্তির আর্টিকেল-VI অনুসারে গ্রামীণ ব্যাংক কিভাবে তার প্রকল্পের তথ্য NORAD কে সরবরাহ করবে সেই বিষয়ে এবং বার্ষিক ভিত্তিতে রিভিউ মিশন পরিচালনার কথা উল্লেখ করা হয়েছে। উক্ত আর্টিকেল মোতাবেক প্রকল্প শেষে এর একটি স্বাধীন মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করবে যাতে NORAD এর অংশগ্রহণ করার অধিকারও সংরক্ষণ করে। বর্ণিত মূল্যায়ন কার্যক্রমের কপি গ্রামীণ ব্যাংক কর্তৃপক্ষের নিকট চাওয়া হলে তা অডিট টীমকে সরবরাহ করা হয়নি।

বাংলাদেশ ব্যাংকের ১৯৯৯ সনের বিশদ পরিদর্শন প্রতিবেদন হতে প্রাপ্ত তথ্য হতে দেখা যায় গ্রামীণ ব্যাংক কর্তৃক আলোচ্য অনুদানের অর্থ গৃহায়ন ঋণ (২৬৫.৪৩ কোটি), গবেষণা উন্নয়ন (২৪.০০ কোটি), প্রতিষ্ঠানিক উন্নয়ন (২১১.০৭ কোটি) এবং মনিটরিং ও ইন্ডালুয়েশন (২৮.৯৭ কোটি) খাতে ব্যবহার করা হয়।

প্রসঙ্গত উল্লেখ্য, জানুয়ারি ১৫, ১৯৯৬ তারিখে গ্রামীণ ব্যাংকের প্রধান কার্যালয়ে NORAD এবং গ্রামীণ ব্যাংক কর্তৃপক্ষের মধ্যে একটি বৈঠক অনুষ্ঠিত হয়েছিল। উক্ত বৈঠকে গ্রামীণ ব্যাংকের ১৯৯৪ সনের অডিট রিপোর্ট অনুমোদন করা হয় এবং গ্রামীণ ব্যাংকের কার্যক্রমের বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করা হয়। একই বৈঠকে ১৯৯৬ সনের বার্ষিক কর্মপরিকল্পনা ও বাজেট অনুমোদন করা হয়। সুতরাং NORAD কর্তৃক নিয়মিত অনুদানের অর্থের ব্যবহার পর্যালোচনা করা হতো মর্মে প্রতীয়মান হয়।

৭.০৫.০৩. [KFW]:

গ্রামীণ ব্যাংকের প্রকল্পের চতুর্থ ধাপ বাস্তবায়নে জুন ১৮, ১৯৯৪ তারিখে KFW এবং গ্রামীণ ব্যাংকের মধ্যে একটি চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী গ্রামীণ ব্যাংক ডয়েচ মার্ক ১০.০০ মিলিয়ন (২২৫.৪২ কোটি) অনুদান হিসেবে গ্রামীণ ব্যাংককে প্রদান করে যা সাধারণ ও যৌথ ঋণ বিতরণ কার্যক্রমে ব্যবহারের শর্ত ছিল। পৃথক চুক্তির আর্টিকেল II 1(a) মোতাবেক আলোচ্য অর্থ ব্যবহারের প্রমাণাদি দাখিলের পরই কেবল KFW কর্তৃক ডয়েচ মার্ক ১০.০০ মিলিয়ন ছাড় করার কথা। গ্রামীণ ব্যাংক পৃথক চুক্তির আর্টিকেল III 1(2) মোতাবেক প্রতি অর্ধবার্ষিকীতে প্রকল্পে অর্থের ব্যবহার এবং প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে KFW কে রিপোর্ট করবে।

আলোচ্য চুক্তির ফাইনালিং ফাইনালি অংশের আর্টিকেল 8.2 এ বলা হয়েছে, “The Grameen Bank may not assign or transfer, pledge or mortgage any claims from this agreement.” চুক্তির ধারা 8.4 অনুযায়ী চুক্তি স্বাক্ষর থেকে ১৫ বছর পর্যন্ত চুক্তির মেয়াদ বহাল থাকবে। গ্রামীণ কল্যাণ কে তহবিল স্থানান্তর করায় চুক্তির বর্ণিত শতটি সুস্পষ্টভাবে লংঘিত হয়েছে।

৭.০৫.০৪. [GTZ]:

গ্রামীণ ব্যাংকের প্রকল্পের চতুর্থ ধাপ বাস্তবায়নে GTZ অনুদান হিসেবে প্রশিক্ষণ খাতে ব্যয় করার জন্য গ্রামীণ ব্যাংককে ডয়েচ মার্ক ৬.৫৫ মিলিয়ন (২১৭.২৬ কোটি) অনুদান হিসেবে প্রদান করে। সে লক্ষ্যে মে ১৯, ১৯৯৬ সনে গ্রামীণ ব্যাংকের সাথে GTZ এর একটি চুক্তি

স্বাক্ষরিত হয়। আলোচ্য অনুদানের অন্যতম উদ্দেশ্য ছিল গ্রামীণ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারী এবং এর গ্রাহকদের ব্যাংকের চলমান আনুভূমিক এবং উল্লেখ সম্প্রসারণ কর্মসূচী পরিচালনায় সক্ষম এবং উৎসাহী হিসেবে গড়ে তোলা। ইকুইপমেন্ট ক্রয়, স্পেশাল রিসোর্স পার্সন বাবদ ব্যয়, যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ, ট্রেনিং সেন্টারের পরিচালন ব্যয়, ইনডাকশন ট্রেনিং, ইন-সার্ভিস/রিফ্রেসার্স ট্রেনিং, ব্যাংকের সদস্যদের ট্রেনিং, জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে ফিন্যান্সিয়াল ইন্সটিটিউট এবং এনজিও কর্মকর্তাদের প্রশিক্ষণ ইত্যাদি খাতে ব্যয়ের জন্য অনুদান প্রদান করা হয়। উক্ত অর্থ প্রশিক্ষণ খাতেই ব্যয় করা হয়েছে মর্মে গ্রামীণ ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তা মৌখিকভাবে জানিয়েছেন।

৭.০৬. ধাপ বহির্ভূতভাবে প্রাপ্ত অনুদান :

ডাচ গ্রান্ট লোন : বাংলাদেশ সরকার এবং নেদারল্যান্ড সরকারের মধ্যে সেপ্টেম্বর ২৩-২৪, ১৯৮৫ সময়কালে গ্রামীণ ব্যাংকের গৃহঋণ খাতে ডাচ ফ্লোরিন ২.০ মিলিয়ন (৪.৪৩ কোটি টাকা) অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হওয়ার প্রেক্ষিতে ইআরডি'র অক্টোবর ২০, ১৯৮৫ তারিখের পত্রের সূত্রে বাংলাদেশ ব্যাংক নভেম্বর ২৪, ১৯৮৫ তারিখে গ্রামীণ ব্যাংকের সাথে একটি চুক্তি সম্পন্ন করে। ১ বছরের গ্রেস পিরিয়ডসহ মোট ১৬ বছরে (ঋণস্থিতির উপর ১% হারে সার্ভিস চার্জসহ) বর্ণিত ঋণ পরিশোধের শর্ত ছিল (সেকশন ৪ ও ৫)। গ্রামীণ ব্যাংক কর্তৃক পরিশোধিত মূল টাকা একই শর্তে চিরায়তভাবে (চুক্তির সেকশন-১১ অনুসারে) গ্রামীণ ব্যাংক ব্যবহার করতে পারবে। ঋণের মূল টাকা ২০০১ সনে সম্পূর্ণ পরিশোধিত হলেও পুনরায় একই শর্তে উক্ত অর্থ চিরায়তভাবে ব্যবহারের সুযোগ থাকায় ঋণের বর্তমান স্থিতি ৪.৪৩ কোটি টাকা এবং এ পর্যন্ত পরিশোধিত মোট সুদের পরিমাণ ১.০৯ কোটি টাকা। নতুন করে গৃহায়ন ঋণ বিতরণ করা হোক বা না হোক গ্রামীণ ব্যাংক বরাবরই আলোচ্য তহবিলের সুবিধা ব্যবহার করে আসছে (ঋণের স্থিতি সবসময়েই ৪.৪৩ কোটি টাকা হওয়ায়)।

আলোচ্য চুক্তির সেকশন-৩ এর শর্ত মোতাবেক ৫% সরল সুদে তাদের ঋণগ্রহীতাদের গৃহায়ন খাতে ঋণ প্রদানের শর্ত ছিল। তৎকালীন সময়ে গ্রামীণ ব্যাংকের গৃহঋণ খাতে সুদের হার ৫% ছিল। পরবর্তীতে ১৯৯০ সন থেকে তা ৮% করা হলেও এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের কোন অনুমতি নেয়া হয়নি। আলোচ্য চুক্তির সেকশন-৪ মোতাবেক গ্রামীণ ব্যাংকের হেড অফিস/শাখা অফিসে হিসাব সংরক্ষণের কথা যাতে ঋণ প্রকৃতই তাদের গ্রাহকদের প্রদান করা হয়েছে তা নিশ্চিত করা যায়। কিন্তু গ্রামীণ ব্যাংক কর্তৃক এ ধরনের কোন হিসাব সংরক্ষণ করা হয়না, ফলে চুক্তির সেকশন-৩ এবং সেকশন-৪ এর শর্তসমূহ লঙ্ঘিত হচ্ছে।

দুর্যোগকালীন সময়ে বিভিন্ন খাতে সিডা, নোরাদ, ইউএনডিপি, ফোর্ড ফাউন্ডেশন, সিডা (কানাডিয়ান), ইউএস এইড, ডব্লিউএফপি, কেএফডব্লিউ, জিটিজেড মোট ১৩১.৯৮ কোটি টাকা প্রদান করে বাংলাদেশ ব্যাংকের ১৯৯৯ ভিত্তিক পরিদর্শন প্রতিবেদনের তথ্যানুযায়ী তার ব্যবহার ছিল নিম্নরূপ :

(কোটি টাকায়)

ব্যবহৃত খাত	সিডা	নোরাদ	ইউএনডিপি	ফোর্ড ফাউন্ডেশন	সিডা (কানাডিয়ান)	ইউএস এইড	ডব্লিউএফপি	কেএফডব্লিউ	জিটিজেড	মোট
১। বন্যা উত্তর গৃহায়ন	১০.৮৭	৪১.৫৪	৬.৮৮	০.৯৭	০.৩০	-	-	-	-	৭৫.৮৬
২। দুর্যোগকালীন তহবিল বিতরণ	-	০.৬৫	-	-	-	-	-	-	-	০.৬৫
৩। টিউবওয়েল	-	০.২৫	-	-	-	-	-	-	-	০.২৫
৪। সামাজিক বনায়ন	-	০.০৭	-	-	-	-	-	-	-	০.০৭
৫। সজি বীজ ও চারা গাছ বিতরণ	-	০.১০	-	-	-	-	-	-	-	০.১০
৬। খাদ্য নিরাপত্তা ও শস্য বহুমুখীকরণ কর্মসূচী	-	৯.১৫	-	১.৫৫	-	-	-	-	-	১০.৭০
৭। খাদ্য নিরাপত্তা কর্মসূচী	-	-	-	-	-	২৫.০০	-	-	-	২৫.০০
৮। গম বিতরণ	-	-	-	-	-	-	৪.৭৮	-	-	৪.৭৮
৯। বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র	-	-	-	-	-	-	-	১০.৪১	-	১০.৪১
১০। বন্যাউত্তর ত্রান কর্মসূচী	-	-	-	-	-	-	-	-	৪.৫৬	৪.৫৬
সর্বমোট	-	-	-	-	-	-	-	-	-	১৩১.৯৮

৭.০৭. বৈদেশিক মুদ্রা সংশ্লিষ্ট বিধি-বিধানের পরিপালন পর্যালোচনা

বৈদেশিক মুদ্রা লেনদেনের বিষয়ে বাংলাদেশ ব্যাংকের বিধি-বিধান লংঘন পূর্বক গ্রামীণ ব্যাংক কর্তৃক 'গ্রামীণ শক্তি' — এর পক্ষে ইন্টারন্যাশনাল ফিনান্স কর্পোরেশন (IFC) কে বৈদেশিক মুদ্রায় গ্যারান্টি প্রদান করা হয় (মা.ড. ৭,৫০,০০০/- মূল্যমানের)। গ্রামীণ শক্তির সাথে ইন্টারন্যাশনাল ফিনান্স কর্পোরেশন (IFC) এর চুক্তির প্রেক্ষিতে সহজ শর্তে উক্ত প্রতিষ্ঠানকে মা.ড. ৭,৫০,০০০/- মূল্যমানের ঋণ পাইয়ে দেয়ার জন্য বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতি না নিয়েই গ্রামীণ ব্যাংক বর্ণিত গ্যারান্টি প্রদান করে। বোর্ড অব ইনভেস্টমেন্টের পূর্বানুমোদন ব্যতিরেকে বৈদেশিক মুদ্রায় ঋণ গ্রহণ করে 'গ্রামীণ শক্তি' কর্তৃকও বৈদেশিক মুদ্রা লেনদেন নীতিমালা লংঘিত হয়েছিল। পরবর্তীতে গ্রামীণ ব্যাংক কর্তৃক এ.এন.জেড গ্রীণলেজ ব্যাংকের মাধ্যমে উপরোক্ত লংঘনের বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ঘটনোত্তর অনুমোদন চাওয়া হয় (০৬/০৫/১৯৯৮ তারিখে)। বাংলাদেশ ব্যাংক গ্রামীণ শক্তি কর্তৃক আইএফসি এর ঋণ গ্রহণের বিষয়ে তাদেরকে সতর্ক করে এবং বোর্ড অব ইনভেস্টমেন্টে ঋণচুক্তি নিবন্ধনের পরামর্শ দেয়; গ্রামীণ ব্যাংকের প্রদত্ত গ্যারান্টির বিষয়ে ঘটনোত্তর অনুমোদন প্রদান করে এবং ভবিষ্যতে পূর্ব অনুমতি গ্রহণে সতর্ক থাকার পরামর্শ দেয় (২৮/০৫/৯৮ তারিখে)।

গ্রামীণ ব্যাংক বিদেশী নাগরিক Mrs. Maertns de Noordhout এর নিকট হতে ১% সুদে ২ বছর মেয়াদে মা.ড. ৫,০০০/- ঋণ গ্রহণ করার নিমিত্তে ১৩/০১/২০০০ তারিখে বাংলাদেশ ব্যাংকের নিকট আবেদন করে। ১ বছরের অধিক মেয়াদে বৈদেশিক ঋণ গ্রহণে বাংলাদেশ ব্যাংকের নয়, বিনিয়োগ বোর্ডের অনুমোদন প্রয়োজন হয়। এক্ষেত্রে বিনিয়োগ বোর্ডের অনুমোদন/ঋণচুক্তি রেজিস্ট্রেশন করা হয়েছে কিনা পরিদর্শন কালে তা নিশ্চিত হওয়া যায়নি। এ ঘটনার পূর্বে গ্রামীণ ব্যাংক কর্তৃক ০৬.০৪.৯৯ তারিখে বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে Mr. Vincenzo Portero — এর নিকট হতে মা.ড. ১০,০০০/- আমানত গ্রহণ করা হয় (কোন সুদ পরিশোধের বিষয় ছিলনা)। উক্ত দায় সমূহ গ্রামীণ ব্যাংক যথাসময়ে পরিশোধ করে দেয়।

গ্রামীণ ব্যাংক সরাসরি ফোর্ড ফাউন্ডেশন, সিডা এর সাথে অনুদান চুক্তি সম্পন্ন করেছে মর্মে চুক্তিসমূহ পর্যালোচনান্তে দেখা যায়। যদিও অধিকাংশ ক্ষেত্রে গ্রামীণ ব্যাংক বাংলাদেশ সরকারের মধ্যস্থতায় বিদেশী ঋণ বা অনুদান প্রাপ্ত হয়েছে মর্মে ঋণচুক্তিসমূহ পর্যালোচনান্তে জানা যায়।

গ্রামীণ ব্যাংকের অধ্যাদেশ ১৯৯০ অনুযায়ী গ্রামীণ ব্যাংক সরাসরি বিদেশী ব্যক্তি/সংস্থা/দেশ এর নিকট থেকে আমানত/ঋণ গ্রহণ করতে পারে কিনা সে বিষয়ে সুস্পষ্ট কোন বিধান লক্ষ্য করা যায়না। তবে, গ্রামীণ ব্যাংক অধ্যাদেশের ধারা ৪(২) মোতাবেক গ্রামীণ ব্যাংককে বডি কর্পোরেট হিসেবে গণ্য করা হয়েছে। The Foreign Contributions (regulation) Ordinance, 1982 এর ধারা ৪(৩) মোতাবেক গ্রামীণ ব্যাংক অধ্যাদেশের মাধ্যমে বডি কর্পোরেট হিসেবে প্রতিষ্ঠিত হওয়ায় বিদেশী ডোনেশন, গ্রান্ট, এসিসট্যান্স ইত্যাদি গ্রহণের বিষয়ে বিধি-নিষেধ গ্রামীণ ব্যাংকের জন্য প্রযোজ্য নয় মর্মে প্রতীয়মান হয়।

৭.০৮. গ্রামীণ ব্যাংকের কার্যক্রম সম্পর্কে দাতা সংস্থাসমূহের পর্যবেক্ষণ :

গ্রামীণ ব্যাংকের কার্যক্রম সম্পর্কে কিছু কিছু দাতা সংস্থার মন্তব্য, গবেষণা/স্টাডি রিপোর্ট এর সুত্রে প্রতীয়মান হয়, গ্রামীণ ব্যাংক কর্তৃক ভূমিহীন এর সংজ্ঞায় পড়েনা এরূপ সদস্যদের ও ঋণ প্রদান করা হচ্ছে এবং কিছু কিছু ক্ষেত্রে গ্রামীণ ব্যাংকের সদস্য কর্তৃক নতুন ঋণ গ্রহণ করে পুরনো ঋণ পরিশোধ করা হচ্ছে যার বিস্তারিত নিম্নে উল্লেখ করা হলো :

- গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক বরাবরে জনাব বানট বার্নান্ডার, সহকারী প্রশাসক ও পরিচালক, ইউএনডিপি কর্তৃক লিখিত মার্চ ০৯, ১৯৯০ তারিখের একটি পত্রে উল্লেখ করা হয় গ্রামীণ ব্যাংকের সদস্যদের মধ্যে অনেকের সম্পদের পরিমাণ সীমা অতিক্রম করেছে গ্রামীণ ব্যাংক যাদেরকে অর্থায়ন অব্যাহত রেখেছে। গ্রামীণ ট্রাস্টের কার্যক্রম চালু হলে উক্ত ট্রাস্টের মাধ্যমে তাদেরকে অর্থায়নের বিষয়টি চিন্তা করা যেতে পারে।

- জানুয়ারি ১৫, ১৯৯৬ তারিখে গ্রামীণ ব্যাংকের প্রধান কার্যালয়ে NORAD এবং গ্রামীণ ব্যাংক কর্তৃপক্ষের মধ্যে একটি বৈঠক অনুষ্ঠিত হয়েছিল। উক্ত বৈঠকে **Christian Michelsen Institute, Norway** এর একটি গবেষণা/স্টাডি'র সূত্রে উল্লেখ করা হয়, টাঙ্গাইলের ৩৮.৫% গ্রামীণ ব্যাংক সদস্যের ৫০ শতাংশের অধিক জমি রয়েছে (ভূমিহীন নয়) এতে প্রতীয়মান হয় অতি দরিদ্রদেরকে যথাযথভাবে ঋণ বিতরণ কার্যক্রমের আওতায় আনা হয়নি। উক্ত অঞ্চলের ১০.৫% ঋণগ্রহীতা গ্রামীণ ব্যাংকের অপর কোন ঋণ গ্রহণ করে পুরনো ঋণ পরিশোধ করেছে।

৮.০০. ঋঁকি ব্যবস্থাপনা

৮.০১. দায়-সম্পদ ব্যবস্থাপনা

তারল্য ঋঁকি এবং সুদ হার ঋঁকি মোকাবেলা দায়-সম্পদ ব্যবস্থাপনার মূল্য উদ্দেশ্য। আপাতঃ দৃষ্টিতে গ্রামীণ ব্যাংকে বর্তমানে তারল্য অবস্থা সন্তোষজনক পর্যায়ে থাকলেও তারল্য ঋঁকির পূর্বাভাস পাবার লক্ষ্যে কোন প্রাতিষ্ঠানিক কাঠামো পরিলক্ষিত হয়নি। সংকটকালীন তারল্য সমস্যা নিরসনে কোন আপতকালীন পরিকল্পনাও (contingency plan) পরিলক্ষিত হয়নি। সুদ হার ঋঁকি মোকাবেলার ক্ষেত্রেও আমানত ও ঋণের সুদ হারের সাথে দেশের সামগ্রিক অর্থনৈতিক পরিস্থিতির পর্যালোচনা করে সে মোতাবেক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে কোন কর্মকৌশল বা প্রাতিষ্ঠানিক কাঠামো নেই। গ্রামীণ ব্যাংকের আমানত ও বিনিয়োগের উপর বর্তমান সুদ হার কাঠামোও ব্যাংকটির উপার্জন ক্ষমতায় ঋণাত্মক প্রভাব ফেলছে যা নিম্নের সারণী দু'টিতে উল্লেখ করা হলো :

৮.০১.০১. সুদের হার অনুযায়ী আমানতের পরিমাণ :

(কোটি টাকায়)

ক্রমিক নং	বিবরণ	৩১/১২/২০০৮		৩১/১২/২০০৯		৩১/১২/২০১০	
		টাকা	হার	টাকা	হার	টাকা	হার
১	৮.৫০% পর্যন্ত	১৯৩১.৫২	৩০%	২৩৭০.৮৫	২৮%	৩১৪৭.৫৬	৩০%
২	৮.৭৫% - ১০% পর্যন্ত	৩৩২.৭০	৫%	৩৯৯.১৯	৫%	৪৪৮.৯৮	৪%
৩	১০.২৫%-১১.৫০% পর্যন্ত	১৪৫৭.০৬	২৩%	১৯৭৩.৯৪	২৪%	২৪১৮.৮৪	২৩%
৪	১২%	২৭৩৮.৯৭	৪২%	৩৫৮৯.০৯	৪৩%	৪৪৮৬.৯২	৪৩%
	মোট :	৬৪৬০.২৫	১০০%	৮৩৩৩.০৭	১০০%	১০৫০২.৩০	১০০%

৮.০১.০২ সুদের হার অনুযায়ী বিনিয়োগের পরিমাণ

(কোটি টাকায়)

ক্রমিক নং	সুদের হার	৩১/১২/২০০৮		৩১/১২/২০০৯		৩১/১২/২০১০	
		টাকা	হার	টাকা	হার	টাকা	হার
১	৮.৫০% পর্যন্ত	--	--	৮১৪.০৫	২১.৭২%	--	--
২	৮.৭৫% - ১০% পর্যন্ত	--	--	২১২২.১১	৫৬.৬১%	৩৩৮৫.০৬	৭১%
৩	১০.২৫% - ১১.৫০% পর্যন্ত	--	--	৬.৮০	০.১৮%	৫৯৫.০৮	১৩%
৪	১২% ও তদুর্ধ্ব	২৮৪৬.৩৩	১০০%	৮০৫.৮২	২১.৪৯%	৭৬৮.৬৮	১৬%
	মোট :	২৮৪৬.৩৩	১০০%	৩৭৪৮.৩৮	১০০%	৪৭৪৮.৮২	১০০%

- উপরের টেবিল দু'টি পর্যালোচনা করলে দেখা যায় যে, ব্যাংক যে হারে আমানত সংগ্রহ করেছে অন্যান্য ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে তার চেয়ে কম হারে বিনিয়োগ করেছে যা ব্যাংকের জন্য অলাভজনক বা ক্ষতিকর।

- ২০০৮ হতে ২০১০ পর্যন্ত ব্যাংকের আমানত হিসাব পর্যালোচনা করলে দেখা যায়, ১০% সুদ হার পর্যন্ত আমানতের পরিমাণ যথাক্রমে ৩৫%, ৩৩% ও ৩৪% এবং ১০% ও তদুর্ধ্ব সুদ হার পর্যন্ত আমানতের পরিমাণ মোট আমানতের গড়ে ৬৫%, ৬৭% ও মোট ৫৪ পৃষ্ঠার ৪২ নং পৃষ্ঠা

৬৬%। অন্যদিকে, ২০০৯ ও ২০১০ সালে ১০% সুদ হার পর্যন্ত বিনিয়োগের পরিমাণ মোট বিনিয়োগের যথাক্রমে ৫৭% ও ৭১% (২০০৮ সালে এই হারে বিনিয়োগ ছিল না) এবং ২০০৮ হতে ২০১০ সাল পর্যন্ত ১০% ও তদুর্ধ্ব সুদ হারে বিনিয়োগের পরিমাণ মোট বিনিয়োগের যথাক্রমে ১০০%, ২১% ও ১৬%। অর্থাৎ বছরগুলোতে ১০% ও তদুর্ধ্ব হারে গৃহীত আমানতের পরিমাণ সমানুপাতিক থাকলেও একই হারে বিনিয়োগের পরিমাণ হ্রাস পেয়েছে।

- ২০০৯ সালে ১০.২৫% হতে ১২% পর্যন্ত গৃহীত আমানত ৫৫৬৩.০৩ কোটি টাকার বিপরীতে ৮.৫০% হতে ১০% পর্যন্ত সুদে বিনিয়োগের পরিমাণ ২৯৩৬.১৬ কোটি টাকা। এক্ষেত্রে উচ্চ সুদ হারে আমানত গ্রহণ করে নিম্ন সুদ হারে বিনিয়োগ করায় ব্যাংকের উপার্জন ক্ষমতায় ঋণাত্মক প্রভাব পড়েছে।
- ২০১০ সালে ১২% হার সুদে গৃহীত আমানতের পরিমাণ প্রায় ৪৪৮৭ কোটি টাকা। অন্যদিকে একই বছরে ৮.৭৫-১১.৫০ হারে স্থায়ী আমানতে বিনিয়োগের পরিমাণ ৩৯০০ কোটি টাকা এবং ১২% ও তদুর্ধ্ব হারে বিনিয়োগ মাত্র ৭৬৯ কোটি টাকা। ব্যাংক উক্ত পরিমাণ টাকা ঋণ ও অগ্রিম খাতে বিনিয়োগ করলে আরো বেশী আয় করতে সমর্থ হতো। ফলে, অধিক সুদ হারে আমানত সংগ্রহের সংগ্রহের বিপরীতে কম সুদ হারে স্থায়ী আমানতে বিনিয়োগ করায় ব্যাংক আর্থিক দিক হতে ক্ষতিগ্রস্ত হয়েছে।
- উল্লেখ্য, ৩১ ডিসেম্বর, ২০১০ তারিখে আমানতের প্রধান খাত গ্রামীণ পেনশন স্কিম (জিপিএস) এর স্থিতি ছিল ৩৮৪০.০৭ কোটি টাকা যার উপর ১২% হারে সুদ প্রদান করা হয়।
- স্থায়ী আমানতে বিনিয়োগের উপর প্রাপ্ত সুদের হার ক্রমান্বয়ে হ্রাস পেয়েছে কিন্তু গ্রাহকের আমানতের উপর প্রদত্ত গড় সুদ হার বৃদ্ধি পেয়েছে। ৩১, ডিসেম্বর, ২০১০ তারিখে প্রাপ্ত গড় সুদের চেয়ে প্রদত্ত গড় সুদ হার ০.৩৮% কম।
- এছাড়া ব্যাংক যে হারে আমানত সংগ্রহ করছে, সে হারে যদি ঋণ ও অগ্রিম খাতে বিনিয়োগ বৃদ্ধি করতে না পারে এবং বর্তমান হারে যদি উদ্বৃত্ত তহবিল অন্যান্য ব্যাংকে বিনিয়োগ করতে হয়, তা হলে ভবিষ্যতে ব্যাংকের আয়ের উপর বিরূপ প্রভাব পড়বে।
- এখানে লক্ষণীয় যে, আমানতের উপর প্রদত্ত সুদের পরিমাণ ঋণ ও অগ্রিমের তুলনায় বেশী হওয়া সত্ত্বেও ব্যাংকের আয়ের উপর প্রভাব বিস্তার করেনি। কারণ আমানতের দ্বিতীয় বৃহত্তম খাত সঞ্চয়ী আমানতের উপর স্থিতির তুলনায় কম সুদ প্রদান করা হয়। ব্যাংকের নীতি অনুসারে যেকোন মাসের সর্বনিম্ন স্থিতির উপর সুদ প্রদান করা হয়। তা না হলে প্রদত্ত সুদের পরিমাণ অনেক বেশী হতো।

৮.০২. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন

বাংলাদেশ ব্যাংকের অডিট টিম কর্তৃক গ্রামীণ ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ব্যবস্থা পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় গ্রামীণ ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ব্যবস্থায় কিছু দুর্বলতা/অপর্যাপ্ততা পরিলক্ষিত হয়েছে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে পরিচালনা পর্ষদের সদস্যদের সমন্বয়ে গঠিত পরিচালনা পর্ষদ ব্যতীত অন্য কোন কমিটি নেই। পরিচালনা পর্ষদের সভায়ও অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন উপস্থাপিত হয় না। অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনের/বিভিন্ন নিরীক্ষা/পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত পরামর্শ বাস্তবায়নে মনিটরিং-এর অভাব পরিলক্ষিত হয়েছে। ব্যাংকের অডিট বিভাগ ও পরিপালন বিভাগ পৃথক নয়। বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য পৃথক কিছু ম্যানুয়েল থাকলেও কিছু কিছু ক্ষেত্রে ম্যানুয়েলে বর্ণিত কার্য পদ্ধতির ব্যত্যয় পরিলক্ষিত হয়েছে যেগুলো অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনে প্রতিফলিত হয়নি। যেমন, বিভিন্ন সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে ক্রয় ম্যানুয়েলের ব্যত্যয় ঘটানো হলেও অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনে সে সম্বন্ধে কোন মন্তব্য/বক্তব্য পরিলক্ষিত হয়নি। ব্যাংক শাখার ভল্ট, ক্যাশ স্থানান্তর, কাউন্টার ক্যাশ বীমাকৃত নয়। শাখাগুলোর অগ্নিনির্বাপক ব্যবস্থা ও নিরাপত্তাব্যবস্থা সন্তোষজনক নয়। অর্থ আত্মসাৎ প্রবণতা পরিলক্ষিত হয়েছে।

৮.০৩. আইটি ব্যবস্থাপনা

ব্যাংকের ২৬৮টি এরিয়ার আওতাধীন ২৫৬২টি শাখার সামগ্রিক হিসাব রক্ষণের কাজ তথ্য ব্যবস্থাপনা (আইটি) কেন্দ্রের মাধ্যমে সম্পাদন করা হয়ে থাকে। ব্যাংকের ২৬৮টি এরিয়ার তথ্য ব্যবস্থাপনা কেন্দ্র শাখাসমূহের হিসাব রক্ষণ, মাসিক এফেয়ার্স ও মাসিক রিটার্ন তৈরী এবং হিসাব মনিটরিং সংক্রান্ত সকল প্রকার প্রতিবেদনের সফট কপি এবং হার্ড কপি এরিয়া অফিস, যোনাল অফিস এবং প্রধান কার্যালয়ে সরবরাহ করে থাকে এবং ডাটা ব্যাক-আপ রাখা হয়। কয়েকটি যোনাল অডিট অফিস আইটির ভিত্তিতে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করছে। গ্রামীণ ব্যাংকের সকল শাখার হিসাব রক্ষনসহ আইটি ব্যবস্থাপনার দায়িত্ব গ্রামীণ কমিউনিকেশনস নামক প্রতিষ্ঠানের উপর ন্যস্ত। সর্বশেষ ২০০৯ সালে গ্রামীণ ব্যাংক ও গ্রামীণ কমিউনিকেশনস এর মধ্যে তথ্য ব্যবস্থাপনা কেন্দ্র স্থাপন ও পরিচালনা সংক্রান্ত চুক্তিনামা সম্পাদিত হয়েছে যেখানে গ্রামীণ কমিউনিকেশনস গ্রামীণ ব্যাংকের নিম্নোক্ত কাযাদি সম্পাদন করে থাকে :

- ১। দৈনিক, সাপ্তাহিক, মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক, বার্ষিক প্রতিবেদন তৈরী।
- ২। এরিয়া ম্যানেজারের বর্ণনামূলক প্রতিবেদন।
- ৩। সিস্টেম থেকে স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত মনিটরিং প্রতিবেদনসমূহ।
- ৪। এরিয়া অফিসের টাইপিং, নিজস্ব হিসাব সংরক্ষণ ইত্যাদির কাজ।
- ৫। জুনতামামী ও সালতামামী শেষে কমপক্ষে দুই বার সকল শাখার ডাটা ব্যাকআপ নেওয়া। মূল কপি গ্রামীণ কমিউনিকেশনস প্রধান কার্যালয়ে সংরক্ষন করবে। এর অনুলিপির ২টি কপি সংরক্ষনের জন্য ব্যাংকের অবলোকন ও মূল্যায়ন এবং কেন্দ্রীয় হিসাব বিভাগে সরবরাহ করবে।

ব্যাংকের আইটি ব্যবস্থাপনায় পরিলক্ষিত বিষয়াদি নিম্নরূপ :

- ১) ব্যাংকের কোন আইটি পলিসি নেই।
- ২) আলাদা কোন আইটি ডিপার্টমেন্ট নেই। কেন্দ্রীয় অবলোকন ও মূল্যায়ন বিভাগের অধীনে একটি কম্পিউটার ইউনিট থাকলেও তাদের জব ডেসক্রিপশন সরবরাহ করতে ব্যাংক ব্যর্থ হয়েছে। প্রত্যেকটি বিভাগে কর্মরত কর্মকর্তাগণ নিজ নিজ দায়িত্বে কম্পিউটারগুলো সচল রাখার ব্যবস্থা করে। পাসওয়ার্ড পলিসি ও এন্টিভাইরাস আপডেটেড পলিসি নেই। ইন্টারনেট সংযোগগুলো ছাড়া বাকিগুলির এন্টিভাইরাস আপডেড রাখা হয় না।
- ৩) প্রধান কার্যালয়ে আলাদা কোন আইটি অডিট পরিচালিত হয়না।
- ৪) প্রধান কার্যালয়ের গুরুত্বপূর্ণ তথ্য ব্যাকআপ নেয়ার কোন লিখিত পলিসি নেই। তবে ল্যানে কানেক্টেড পিসি গুলোতে এক পিসির ব্যাকআপ অন্য পিসিতে সংরক্ষণ করা হয় বলে পরিদর্শন দলকে অবহিত করা হয়েছে। জুনতামামী ও সালতামামী শেষে কমপক্ষে দুই বার প্রধান কার্যালয় ব্যতীত সকল শাখার ডাটা ব্যাকআপ নেওয়া ব্যাকআপ নেয়ার দায়িত্ব গ্রামীণ কমিউনিকেশনসের। মূল কপি গ্রামীণ কমিউনিকেশনস প্রধান কার্যালয়ে সংরক্ষণ করলেও শুধু সালতামামী শেষে এর অনুলিপির ২টি কপি সংরক্ষনের জন্য ব্যাংকের অবলোকন ও মূল্যায়ন এবং কেন্দ্রীয় হিসাব বিভাগে সরবরাহ করা হয়েছে। তবে ব্যাকআপ নেয়ার কোন রেজিস্টার ব্যাংকের প্রধান কার্যালয়ে সংরক্ষন করা হয় না। ব্যাংকের ডাটা বেজের সার্ভার গ্রামীণ কমিউনিকেশনস সংরক্ষন করে। সার্ভারটি ব্যাংকের ৯ তলায় গ্রামীণ কমিউনিকেশনস এর অফিসে স্থাপন করা হয়েছে। সার্ভারটি পরিদর্শন করতে গেলে দেখা যায় যে, এটি ভবনের পূর্ব প্রান্তে কাঁচের দেয়াল ঘেষে বসানো হয়েছে। রুমটি বেশ ছোট। যেকোন প্রাকৃতিক দুর্যোগে গ্লাস ভেঙ্গে গেলে বৃষ্টি বা ঝড়ে সার্ভারটি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। অন্যদিকে সার্ভারটির কোন ডিজাস্টার রিকভারি সাইট এখনো তৈরী করা হয়নি। গ্রামীণ কমিউনিকেশনস এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পোর্টেবল হার্ড ডিস্কের মাধ্যমে বর্তমানে সার্ভারের ব্যাকআপ রাখছে বলে পরিদর্শন দলকে অবহিত করেছেন।

- ৫) আইটি ব্যবস্থাপনার বিষয়ে সময়ে সময়ে সার্কুলার দেয়া হয়। সার্কুলারে বর্ণিত নির্দেশনা অনুসারে গ্রামীণ কমিউনিকেশনস এর চুক্তির সংশোধনী আনা হয়। গ্রামীণ কমিউনিকেশনস এর কার্যক্রম মনিটর করার দায়িত্ব অবলোকন ও মূল্যায়ন বিভাগের হলেও কার্যত উহা মনিটরিং করা হয় না।
- ৬) প্রধান কার্যালয়ের আইটি ব্যবস্থাপনায় লিখিত কোন নির্দেশনা কর্তৃপক্ষ পরিদর্শনদলকে সরবরাহ করতে পারেনি। গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়ের আইটি ব্যবস্থাপনা গ্রামীণ কমিউনিকেশনস এর সাথে সম্পাদিত চুক্তির অন্তর্ভুক্ত নয়।

৮.০৪. ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা

গ্রামীণ ব্যাংকের ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা পর্যালোচনায় দেখা যায় যে, গ্রামীণ ব্যাংক কর্তৃক ক্রেডিট রিস্ক গ্রেডিং ম্যানুয়াল প্রনয়ণ করা হয়নি ফলে ঋণ অনুমোদনের পূর্বে প্রযোজ্য ক্ষেত্রে ঋণ গ্রহীতার ঋণের রিস্ক গ্রেডিং করা হয় না। তাছাড়া ঋণ বিতরণের পূর্বে প্রযোজ্য ক্ষেত্রে ঋণ গ্রহীতার সিআইবি রিপোর্ট গ্রহণ করা হয় না। তবে গ্রামীণ ব্যাংকের নিজস্ব ঋণ নীতিমালা জুলাই-২০০৪ এ প্রনয়ণ করা হয়েছে এবং সর্বশেষ আগস্ট-২০০৯-এ চতুর্থ সংস্করণ প্রকাশ করা হয়েছে। উক্ত নীতিমালা প্রকাশের পূর্বে বিষয়টি পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করা হয়নি।

৮.০৫. মানি লন্ডারিং

